এবং বিদিতবৃত্তান্তা গান্ধর্ব্বী পৃচ্ছতীত্যাহ সা হোবাচেতি। সা গান্ধর্ব্বী মুনিম্ উবাচ—কিম্ ইত্যাশঙ্ক্যাহ কথমিতি। এম্বিধঃ কৃষ্ণো গোবিন্দঃ অস্মাসু গোপালঃ কথং বা জাতঃ কথং বা হে মুনে অসৌ কৃষ্ণঃ ত্বয়া জ্ঞাতঃ কোবা অস্য মন্ত্রঃ কিংবাস্য স্থানং কথং বা দেবক্যাং জাতঃ অস্য জ্যায়ান্ জ্যেষ্ঠঃ রামঃ কো বা কিং রূপাদিঃ ভবতি ইত্যর্থঃ। কীদৃশী পূজা অস্য গোপালস্য ভবতি সাক্ষাৎ প্রকৃতিপরঃ মায়েশঃ যঃ পরমাত্মা গোপালঃ কথং ত্ববতীর্ণঃ ভূম্যাং হি বৈ প্রসিদ্ধং স হোবাচ তাং হ বৈ একো হীতি। সঃ মুনিঃ হ কিল বৈ প্রসিদ্ধো তাং গান্ধর্ব্বীম্ উবাচ। ২৪ ॥

গান্ধর্ব্বী মুনির নিকট এইরূপে কৃষ্ণতত্ত্ব শ্রবণ করিয়া দুর্ব্বাশাকে জিজ্ঞাসা করিলেন,—মুনে! এবম্বিধ শ্রীকৃষ্ণ কিরূপে আমাদিগের গোপ-কুলে গোপালবেশে জন্মগ্রহণ করিলেন? আপনি কিরূপেই বা সেই শ্রীকৃষ্ণের তত্ত্ব অবগত হইলেন? তাঁহার মন্ত্র কি? তাঁহার ধ্যান কি? কিরূপে তিনি দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিলেন? তাঁহার জেষ্ঠ বলরাম কে? এই গোপালদেবের পূজা কিরূপ? তিনি সাক্ষাৎ প্রকৃতির অতীত ও পরমাত্মা হইয়া কিরূপে পৃথিবীতে অবতীর্ণ হইলেন? এই সকল প্রশ্নের উত্তর প্রদান করিয়া আমাদিগকে চরিতার্থ করুন। মুনিপ্রবর দুর্ব্বাশা গান্ধর্ব্বীর প্রশ্ন শ্রবণ করিয়া তাহাকে সম্বোধনপূর্ব্বক কহিতে লাগি-লেন। ২৪।

একো হ বৈ পূর্ব্বং নারায়ণো দেবঃ ॥ ২৫ ॥

যস্মিন্ লোকা ওতাশ্চ প্রোতাশ্চ তস্য হৃৎপদ্মাজ্জা-তোঽব্জযোনিস্তপিত্বা তস্মৈ হি বরং দদৌ ॥ ২৬ ॥

স কামপ্রশ্নমেব বব্রে তং হাস্মৈ দদৌ ॥ ২৭ ॥

প্রশ্নোত্তরগর্ভাং কৃষ্ণব্রহ্মণঃ কথামবতারয়িতুং কৃষ্ণস্বরূপমাহ। একঃ কিল পূর্ব্বং সৃষ্টেরাদৌ নারায়ণো দেবঃ আসীৎ ইতি শেষঃ। ২৫ ॥

নারায়ণত্বং তস্য কুত ইত্যত আহ যস্মিন্নিতি। যস্মিন্ দেবে লোকাঃ তাঃ দীর্ঘতন্তুষু পটবৎ প্রোতাঃ তির্য্যক্‌তন্তুষু পটবৎ তস্য হৃৎপদ্মাজ্জাতো-জযোনিঃ তপিত্বা স্থিতায় তস্মৈ ব্রহ্মণে নারায়ণঃ বরং দদৌ ॥ ২৬ ॥

স ইতি সঃ ব্রহ্মা কামপ্রশ্নম্ ইচ্ছয়া প্রশ্নম্ এব বরং বব্রে তং হাস্মৈ দৌ ॥ ২৭ ॥

এইরূপ প্রশ্নোত্তরপ্রসঙ্গে পরংব্রহ্মরূপী কৃষ্ণের কথাবতরণার্থ শ্রীকৃষ্ণের রূপ নিরূপণ করিতেছেন।—মুনি কহিলেন,—গান্ধর্ব্বি! এই জগৎ সৃষ্টির র্ব্ব কেবল একমাত্র নারায়ণই বিদ্যমান ছিলেন। ২৫।

সেই শ্রীকৃষ্ণের নারায়ণত্ব কিরূপ? এই আশঙ্কায় বলিতেছেন।—যেমন স্থ সূত্র সকল দীর্ঘে ও প্রস্থে বিস্তৃত হইয়া ওতপ্রোত আছে, সেইরূপ লোকসকল যাহাতে ওতপ্রোত রহিয়াছে, তাঁহার হৃৎপদ্ম হইতে লযোনি ব্রহ্মা উৎপন্ন হইয়া সৃষ্টিকরণার্থ তপস্যা করিলে নারায়ণদেব ার প্রতি প্রসন্ন হইয়া বলেন,—ব্রহ্মন্! তুমি বরগ্রহণ কর, তখন ব্রহ্মা ায়ণের নিকট বরগ্রহণে উদ্যত হইলেন। ২৬ ॥

ব্রহ্মা নারায়ণকে কহিলেন,—ভগবন্! আমি অভিলষিত বর প্রার্থনা ব, আপনি তাহাই প্রদান করিবেন অঙ্গীকার করুন্, নারায়ণ তথাস্তু য়া অঙ্গীকার করিলে ব্রহ্মা কহিলেন,—প্রভো! আমি আপনার নিকট যে প্রশ্ন করিব, আপনি তাহার সদুত্তর প্রদান করিবেন, ইহাই আমার নিক বর। ভগবান্ নারায়ণ ব্রহ্মাকে কহিলেন,—আমি তোমাকে

স হোবাচাব্জযোনির্য্যোঽবতারাণাং মধ্যে শ্রেষ্ঠোঽব-
তারঃ কো ভবতি যেন লোকাস্তুষ্টা দেবাস্তুষ্টা ভবন্তি যং
স্মৃত্বা মুক্তা অস্মাৎ সংসারাৎ ভবন্তি কথং বাস্যাবতারস্য
ব্রহ্মতা ভবতি ॥ ২৮ ॥

স হোবাচ তং হি নারায়ণো দেবঃ সকাম্যা মেরোঃ
শৃঙ্গে যথা সপ্ত পুর্য্যো ভবন্তি তথা নিষ্কাম্যাঃ সকাম্য

স হেতি লব্ধবরঃ অব্জযোনিঃ নারায়ণম্ উবাচ যোঽবতারাণামিতি
হে বিশ্বাশ্রয় তব অবতারাণাং মধ্যে যঃ শ্রেষ্ঠোবতারঃ সঃ কো ভবতি
যেনেতি যেন অবতারেণ হেতুনা লোকাস্তুষ্টাঃ দেবাস্তুষ্টা ভবন্তি যং স্মৃ
মুক্তা অস্মাৎ সংসারাৎ ভবন্তি কথং বা অস্য শ্রেষ্ঠস্য অবতারস্য ব্রহ্মস্ব
পতা ভবতি বর্ত্ততে ॥ ২৮ ॥

স হোবাচ তং হি নারায়ণো দেবঃ কিম্। সকাম্যাঃ কামফলে
সহিতাঃ মেরোঃ শৃঙ্গে যথা সপ্ত পুর্য্যো ভবন্তি তথা নিষ্কাম্যাঃ মোক্ষ
সকাম্যাঃ কামফলদাঃ অধিকারিতারতম্যেন ভূগোলচক্রে সপ্ত পু

এই বর প্রদান করিলাম, তুমি আমাকে যাহা যাহা জিজ্ঞাসা করি
আমি তাহারই উত্তর প্রদান করিব। ২৭ ॥

নারায়ণ ব্রহ্মাকে বরপ্রদান করিলে কমলযোনি নারায়ণকে সম্বো
করিয়া জিজ্ঞাসা করিলেন,—হে বিশ্বনিধান! অবতারসকলের মধ্যে যি
শ্রেষ্ঠ, তিনি কে? যাঁহার অবতারদ্বারা সকল লোক ও সকল দেব স
হয়েন এবং যাঁহাকে স্মরণ করিলে লোক সকল সংসার হইতে মুক্ত হই
পারে? আর কিরূপেই বা সেই সর্ব্বপ্রধান অবতারের ব্রহ্মত্ব হইল, এ
সকল প্রশ্নের উত্তর করুন্। ২৮ ॥

নারায়ণ ব্রহ্মার প্রশ্ন শ্রবণ করিয়া তাঁহাকে কহিলেন,—যেমন সুমে
গিরির শৃঙ্গোপরি সর্ব্ব কাম্যফলপ্রদায়িনী সাতটি পুরী আছে, সেইরূপ এ
ভূমণ্ডলমধ্যে অধিকারিভেদে মুক্তিদায়িনী অযোধ্যা, মথুরা, মায়া, কা

ভূগোলচক্রে সপ্ত পুর্য্যো ভবন্তি তাসাং মধ্যে সাক্ষাৎ ব্রহ্ম গোপালপুরী হীতি ॥ ২৯ ॥

সকাম্যা নিষ্কাম্যা দেবানাং সর্ব্বেষাং ভূতানাং ভবতি যথা হি বৈ সরসি পদ্মং তিষ্ঠতি তথা ভূম্যাং তিষ্ঠতীতি চক্রেণ রক্ষিতা হি মথুরা তস্মাদ্ গোপালপুরী ভবতি ॥৩০॥

বৃহদ্ বৃহদ্বনং মধোর্ম্মধুবনং তালস্তালবনং কাম্যং

়যোধ্যামথুরাদয়ঃ ভবন্তি তাসাং পুরীণাং মধ্যে গোপালপুরী গোপাল-বেশস্য বিষ্ণোরাশ্রয়ভূতা পুরী যদ্বা গবাং চক্রেণ পালিতা গোপালপুরী থুরা হি নিশ্চিতং সাক্ষাৎ ব্রহ্ম ভবতি ব্রহ্মপ্রকাশকত্বাৎ ॥ ২৯ ॥

সকাম্যা নিষ্কাম্যা দেবানাং সর্ব্বেষাং ভূতানাং চ যথাভজনং ভবতি থা সরসি পদ্মং তিষ্ঠতি তথা ভূম্যাং গোপালপুরী তিষ্ঠতি ইতি গোপাল-রীত্যস্য ব্যুৎপত্তিং বদন্ সর্ব্বসিদ্ধসজ্জ্বাং দর্শয়তি। চক্রেণ রক্ষিতা হি থুরা তস্মাদ্গোপালপুরী ভবতি। ৩০ ॥

সা চ মথুরা দ্বাদশবনৈরাবৃতা ভবতীত্যাহ বৃহদিতি। বৃহৎ মহদ্-তম্ ইতি কারণাৎ বৃহদ্বনম্ একং মধোঃ দৈত্যস্য সম্বন্ধি ইতিকারণাৎ

াঞ্চী, অবন্তী ও দ্বারকা এই সাতটী পুরী আছে, পরন্তু এই সকল পুরীর ধ্যে গোপালবেশধারী বিষ্ণুর আশ্রয়ভূতা, অথবা গোসমূহে প্রতি-ালিতা মথুরানাম্নী পুরী ব্রহ্মজ্ঞানপ্রদায়িনী, এই নিমিত্ত ঐ মথুরাপুরী াক্ষাৎ ব্রহ্মস্বরূপা ॥ ২৯ ।

যেমন দেবগণ ও ভূতগণের সকামা ও নিষ্কামা পুরী আছে এবং যমন সরোবরের মধ্যে কমল আছে, সেইরূপ ভূমণ্ডলের মধ্যে এই ়থুরাপুরী জানিবে। এই মথুরাপুরী সর্ব্বদা চক্রদ্বারা রক্ষিত আছে, অতএব ঐ পুরীই গোপালপুরী নামে প্রসিদ্ধ হইয়াছে ॥ ৩০ ॥

পুনর্ব্বার নারায়ণ কহিতেছেন,—এই ব্রহ্মস্বরূপ মথুরাপুরী দ্বাদশবনে পরিবেষ্টিতা হইয়াছে। এই মথুরাতে বৃহদ্বননামে এক বন আছে, উহা

কাম্যবনং বহুলো বহুলবনং কুমুদং কুমুদবনং খদির: খদিরবনং ভদ্রো ভদ্রবনং ভাণ্ডীর ইতি ভাণ্ডীরবনং শ্রীবন: লোহবনং বৃন্দায়া বৃন্দাবনমেতৈরাবৃতা পুরী ভবতি ॥৩১।

মধুবনং দ্বিতীয়ং তাল: বর্ত্তত ইতিকারণাৎ তালবনং তৃতীয়ং। কাম্য কামদেব: বর্ত্তত ইতি কাম্যবনং চতুর্থং। বহুল: বর্ত্তত ইতি বহুলবন পঞ্চমং। কুমুদং বর্ত্তত ইতিকারণাৎ কুমুদবনং ষষ্ঠং। খদির: বর্ত্তত ই কারণাৎ খদিরবনং সপ্তমং। ভদ্র: বৃক্ষবিশেষ: বর্ত্তত ইতিকারণা ভদ্রবনং অষ্টমং। ভাণ্ডীর: ইতি নাম বট: বর্ত্ততে ইতিকারণাৎ ভাণ্ডীর বনং নবমং। শ্রী: রমা তস্যা: তস্মিন্ সাধকানাং শীঘ্রমাবির্ভাবাৎ তদ্বন শ্রীবনং দশমং। লোহ: নাম কশ্চিদসুর: স: তপসা যত্র সিদ্ধিং প্রাপ্ত তৎ লোহবনং একাদশং। বৃন্দায়া: বনং বৃন্দাবনং দ্বাদশং ॥ ৩১ ॥

অতি বৃহৎ, এই নিমিত্তই তাহার বৃহদ্বন নাম হইয়াছে। ইহার দ্বিতী বনের নাম মধুবন, এই বনে মধুদৈত্য বাস করিত। ইহার তৃতীয় ব অনেক তালবৃক্ষ আছে, অতএব তাহাকে তালবন বলে। মথুরার চতুর্থ বনে কামদেব বাস করেন, এই নিমিত্ত তাহাকে কাম্যবন বলে। ইহা পঞ্চম বনে হরির প্রিয়কামিনী বহুলানাম্নী গোপী বাস করিত, অতএ তাহাকে বহুলবন বলে। মথুরার ষষ্ঠবনের নাম কুমুদবন, এই বনে ব কুমুদ আছে। ইহার সপ্তম বনে অনেক খদিরবৃক্ষ আছে, অতএব তাহাকে খদির বন বলিয়া থাকে। মথুরাপুরীতে যে অষ্টম বন আছে, তাহার না ভদ্রবন, এই বনে অনেক ভদ্রবৃক্ষ দেখা যায়। মথুরাতে যে নবম বন আছে, তাহাতে অনেক ভাণ্ডীর (বট) বৃক্ষ আছে বলিয়া উহা ভাণ্ডীরবন নামে প্রসিদ্ধ। মথুরার দশমবনে সর্ব্বদা শ্রীর অধিষ্টান ছিল, অতএব তাহাকে শ্রীবন বলে। উহার একাদশবনে লোহনামক কোন অসুর তপস্যা করিয়া সিদ্ধিলাভ করে, এই নিমিত্ত তাহাকে লোহবন বলিয়া লোকে কীর্ত্তন করে। ইহার দ্বাদশ বনের নাম বৃন্দাবন, এই বন বৃন্দার তপস্যাতে নির্ম্মিত হয়। এই দ্বাদশবনের মধ্যে ব্রহ্মরূপা মথুরাপুরী আছে। ৩১।

তত্র তেষ্বেব গহনেষ্বেব দেবা মনুষ্যা গন্ধর্ব্বা নাগাঃ কিন্নরা গায়ন্তীতি নৃত্যন্তীতি ॥ ৩২ ॥

তত্র দ্বাদশাদিত্যা একাদশ রুদ্রা অষ্টৌ বসবঃ সপ্ত মুনয়ো ব্রহ্মা নারদশ্চ পঞ্চ বিনায়কা বীরেশ্বরো রুদ্রেশ্বরো অম্বিকেশ্বরো গণেশ্বরো নীলকণ্ঠেশ্বরো বিশ্বেশ্বরো গোপালেশ্বরো ভদ্রেশ্বরোঽন্যানি লিঙ্গানি চতুর্ব্বিংশতির্ভবন্তি ॥ ৩৩ ॥

তত্র তেষ্বেবেতি। তত্র মথুরাসমীপে তেষ্বেব দ্বাদশস্বপি এবংবিধেষু প্রাগুক্তপ্রকারেষু গহনেষু দেবাঃ মনুষ্যাঃ গন্ধর্ব্বাঃ নাগাঃ কিন্নরাঃ ইতি প্রসিদ্ধং গায়ন্তি প্রসিদ্ধং নৃত্যন্তীতি। ৩২।

তত্র তেষু দ্বাদশসু অপি বনেষু দ্বাদশাদিত্যা ইতি। বরুণঃ সূর্য্যঃ বেদাঙ্গঃ ভানুঃ ইন্দ্রঃ রবিঃ গভস্তিমান্ যমঃ হিরণ্যরেতাঃ দিবাকরঃ মিত্রঃ বিষ্ণুঃ। একাদশ রুদ্রা ইতি—"বীরভদ্রশ্চ শম্ভুশ্চ গিরিশশ্চ তৃতীয়কঃ। অজৈকপাদহির্ব্রধ্নঃ পিনাকী চ তথাপরঃ॥ ভুবনাধীশ্বরশ্চৈব কপালী চ দিশাং পতিঃ। স্থাণুর্ভগ ইতি প্রোক্তা রুদ্রা একাদশাদ্ভুতাঃ॥ অষ্টৌবসব ইতি—"ধ্রুবো ধরশ্চ সোমঃ স্যাদাপশ্চৈবানিলোঽনলঃ। প্রত্যূ-

---

মথুরার ঐ দ্বাদশবনে দেবগণ, মনুষ্যগণ, গন্ধর্ব্বগণ, নাগগণ ও কিন্নরগণ সর্ব্বদা নৃত্যগীত করিয়া থাকেন; সুতরাং ঐ সকল স্থান অতি মনোহর বলিয়া জানা যাইতেছে ॥ ৩২ ॥

সেই মথুরাপুরীর দ্বাদশবনে বরুণ, সূর্য্য, বেদাঙ্গ, ভানু, ইন্দ্র, রবি, গভস্তিমান, যম, হিরণ্যরেতা, দিবাকর, মিত্র ও বিষ্ণুনামা দ্বাদশ আদিত্য বাস করিতেছেন। বীরভদ্র, শম্ভু, গিরীশ, অজৈকপাদ, অহির্ব্রধ্ন, পিণাকী, ভুবনেশ্বর, কপালী, দিক্‌পতি, স্থাণু ও ভগ এই একাদশ রুদ্র সর্ব্বদা মথুরাতে অধিষ্ঠিত আছেন। আর ধ্রুব, ধর, সোম, আপ, অনিল, অনল, প্রত্যূষ ও প্রভাব এই অষ্ট-বসু মথুরাতে অবস্থিতি করিতেছেন এবং

দ্বে বনে স্তঃ কৃষ্ণবনং ভদ্রবনং তয়োরন্তর্দ্বাদশবনানি পুণ্যানি পুণ্যতমানি তেষ্বেব দেবাস্তিষ্ঠন্তি সিদ্ধাঃ সিদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৩৪ ॥

যশ্চ প্রভাবশ্চ বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ॥" সপ্ত মুনয় ইতি—"কশ্যপোঽত্রি র্ভরদ্বাজো বিশ্বামিত্রোথ গৌতমঃ। জগদগ্নির্ব্বশিষ্ঠশ্চ সপ্তৈতে মুনয় স্মৃতাঃ॥" ব্রহ্মা নারদশ্চ পঞ্চ বিনায়কাঃ মোদঃ প্রমোদঃ আমোদ সুমুখঃ দুর্ম্মুখঃ তথা ইতি প্রোক্তাঃ। বীরেশ্বরঃ রুদ্রেশ্বর অম্বিকেশ্বঃ গণেশ্বরঃ নীলকণ্ঠেশ্বরঃ বিশ্বেশ্বরঃ গোপালেশ্বরঃ ভদ্রেশ্বরঃ ইতি অষ্টে লিঙ্গানি। তথা অন্যানি চতুর্ব্বিংশতিলিঙ্গানি ভবন্তি॥ ৩৩॥

দ্বে বনে ইতি। দ্বে বনে স্তঃ বর্ত্তেতে একং কৃষ্ণবনং। দ্বিতীয়ং ভদ্রবন তয়োঃ দ্বয়োর্ব্বনয়োঃ অন্তঃ মধ্যে দ্বাদশ বনানি ভবন্তি। কানিচি পুণ্যানি কানিচিৎ পুণ্যতমানি তেষু সমস্তেষু অপি সিদ্ধাঃ জাতিবিশেষ দেবাঃ তিষ্ঠন্তি কীদৃশাঃ সিদ্ধা দেবাঃ সিদ্ধিং প্রাপ্তাঃ॥ ৩৪॥

কশ্যপ, অত্রি, ভরদ্বাজ, বিশ্বামিত্র, গৌতম, যমদগ্নি ও বশিষ্ঠ এই সপ্ত-ঋ এবং ব্রহ্মা ও নারদ, আর মোদ, প্রমোদ, আমোদ, সুমুখ এবং দুর্মু এই পঞ্চ-বিনায়ক; বীরেশ্বর, রুদ্রেশ্বর, অম্বিকেশ্বর, গণেশ্বর, নী কণ্ঠেশ্বর, বিশ্বেশ্বর, গোপালেশ্বর এবং ভদ্রেশ্বর এই অষ্ট-লিঙ্গ বিদ্যমা আছেন। ইহা ভিন্ন অপর চতুর্ব্বিংশতি লিঙ্গও মথুরাতে সর্ব্বদা অ স্থিতি করিতেছেন॥ ৩৩॥

আর উক্ত মথুরাপুরীতে কৃষ্ণবন ও ভদ্রবন-নামে দুইটি বন আ এই দুই বনের মধ্যেই পূর্ব্বোক্ত দ্বাদশবন বিদ্যমান রহিয়াছে। ইং দিগের মধ্যে কতিপয় বন পুণ্যপ্রদ ও অপর কতিপয় বন পুণ্যতম, অর্থ সমধিক পুণ্যপ্রদান করে। এই সকল বনেই সিদ্ধিপ্রাপ্ত সিদ্ধনাম দেবগণ বাস করিতেছেন॥ ৩৪॥

তত্র হি রামস্য রামমূর্ত্তিঃ প্রদ্যুম্নস্য প্রদ্যুম্নমূর্ত্তিরনিরুদ্ধস্যানিরুদ্ধমূর্ত্তিঃ কৃষ্ণস্য কৃষ্ণমূর্ত্তিঃ ॥ ৩৫ ॥

বনে চৈবং মথুরাস্বেবং দ্বাদশমূর্ত্তয়ো ভবন্তি ॥ ৩৬ ॥

একাং হি রুদ্রা যজন্তি দ্বিতীয়াং হি ব্রহ্মা যজন্তি তৃতীয়াং ব্রহ্মজা যজন্তি চতুর্থীং মরুতো যজন্তী পঞ্চমীং বিনায়কা যজন্তি ষষ্ঠীং বসবো যজন্তি সপ্তমীমৃষয়ো

অত্র হেতুং বদন্নেব শ্রেষ্ঠাবতারমাহ তত্র হীতি। হি যস্মাৎ তত্র তেষু রামস্য বলদেবস্য রামাখ্যা মূর্ত্তিঃ প্রদ্যুম্নস্য প্রদ্যুম্নাখ্যা মূর্ত্তিঃ অনিরুদ্ধস্য অনিরুদ্ধাখ্যা মূর্ত্তিঃ কৃষ্ণস্য কৃষ্ণাখ্যা মূর্ত্তিঃ অস্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

এবম্প্রকারাঃ তেম্বেব বনেষু তথা এবম্প্রকারাঃ মথুরাসু মথুরাপ্রদেশেষু দ্বাদশমূর্ত্তয়ঃ। রৌদ্রী ব্রাহ্মী দৈবী মানবী বিঘ্ননাশিনী কাম্যা আর্ষী গান্ধর্ব্বী গৌঃ অন্তর্দ্ধানস্থা স্বপদঙ্গতা ভূমিষ্ঠা ॥ ৩৬ ॥

দ্বাদশমূর্ত্তীনাং প্রত্যেকমুপাসকানাহ। একাং হি রুদ্রা যজন্তি দ্বিতীয়াং ব্রহ্মা যজন্তি তৃতীয়াং ব্রহ্মজাঃ সনৎকুমারাদয়ঃ যজন্তি চতুর্থীং মরুতঃ মরুদ্গণাঃ যজন্তি পঞ্চমীং বিনায়কা যজন্তি ষষ্ঠীং বসবো যজন্তি সপ্তমী-

---

আর উক্ত বনসমূহের মধ্যে বলরামের রামাখ্যমূর্ত্তি, প্রদ্যুম্নদেবের প্রদ্যুম্ননামক মূর্ত্তি, অনিরুদ্ধের অনিরুদ্ধসংজ্ঞক মূর্ত্তি এবং কৃষ্ণের কৃষ্ণাখ্যমূর্ত্তি অধিষ্ঠিত আছে ॥ ৩৫ ॥

যেমন পূর্ব্বোক্ত বনসমূহে উপরি-উক্ত মূর্ত্তিসকল আছে, সেইরূপ মথুরাতে রৌদ্রী, ব্রাহ্মী, দৈবী, মানবী, বিঘ্ননাশিনী, কাম্যা, আর্ষী, গান্ধর্ব্বী, গোশক্তি, অন্তর্দ্ধানস্থা, স্বপদংগতা ও ভূমিষ্ঠা এই দ্বাদশমূর্ত্তি বিদ্যমান আছে, অতএব মথুরাপুরী পুণ্যতম হইয়াছে ॥ ৩৬ ॥

পূর্ব্বশ্রুতিতে দ্বাদশমূর্ত্তি কথিত হইয়াছে, এইক্ষণ ঐ দ্বাদশমূর্ত্তির উপাসক নিরূপণ করিতেছেন।—প্রথমা রৌদ্রীমূর্ত্তিকে রুদ্রগণ উপাসনা করেন, এইরূপ দ্বিতীয়া ব্রাহ্মীমূর্ত্তিকে ব্রহ্মা, তৃতীয়া দৈবীমূর্ত্তিকে সনৎ-

যজন্তি অষ্টমীং গন্ধর্ব্বা যজন্তি নবমীমপ্সরসো যজন্তি দশমী বৈ হ্যন্তর্দ্ধানে তিষ্ঠতি একাদশমেতি স্বপদং গতা দ্বাদশমেতি ভূম্যাং তিষ্ঠতি ॥ ৩৭ ॥

তাং হি যে যজন্তি তে মৃত্যুং তরন্তি মুক্তিং লভন্তে। গর্ভজন্মজরামরণতাপত্রয়াত্মকং দুঃখং তরন্তি ॥ ৩৮ ॥

ঋষয়ো যজন্তি অষ্টমীং গন্ধর্ব্বা যজন্তি নবমী-মপ্সরসো যজন্তি দশমী বৈ অন্তর্দ্ধানে তিষ্ঠতি গুপ্তা তিষ্ঠতি ইত্যর্থঃ। একাদশমেতি যা প্রসিদ্ধা সা স্বপদং বিষ্ণুপদং আকাশাখ্যং গতা প্রাপ্তা। দ্বাদশমেতি যা প্রসিদ্ধা সা ভূম্যাং তিষ্ঠতি ॥ ৩৭ ॥

তৎপূজকানাং ফলাতিশয়মাহ তাং হীতি। তাং ভূমিষ্ঠাং মূর্ত্তিং যে যজন্তি তে মৃত্যুং অবিদ্যাকামকর্ম্মাখ্যং তরন্তি তদ্বিমুক্তা ভবন্তি ইত্যর্থঃ। মুক্তিং লভন্তে গর্ভজন্মজরামরণতাপত্রয়াত্মকং আধ্যাত্মিকাধিদৈবিকাধি-

---

কুমারাদি, চতুর্থী মানবীমূর্ত্তিকে মরুদ্‌গণ, পঞ্চমী বিঘ্ননাশিনীমূর্ত্তিকে বিনায়ক, ষষ্ঠী কাম্যামূর্ত্তিকে বসুগণ, সপ্তমী আর্ষীমূর্ত্তিকে ঋষিগণ, অষ্টমী গান্ধর্ব্বীমূর্ত্তিকে গন্ধর্ব্বগণ এবং নবমী গোশক্তিমূর্ত্তিকে অপ্সরগণ নিয়ত পূজা করিয়া থাকেন। দশমী অন্তর্দ্ধানস্থামূর্ত্তি স্বয়ং গুপ্তা থাকেন, তাহাকে কেহ দেখিতে পায় না, একাদশী স্বপদংগতা মূর্ত্তি আকাশরূপ স্বীয় পদপ্রাপ্ত হইয়াছেন, অর্থাৎ তিনি আকাশে বিদ্যমান আছেন এবং দ্বাদশী ভূমিষ্ঠামূর্ত্তি ভূমিতে অধিষ্ঠিতা আছেন। এইরূপ সর্ব্বদেবদেবীময়ী মথুরা সাক্ষাৎ ব্রহ্মস্বরূপা ॥ ৩৭ ॥

মথুরাতে যে দ্বাদশমূর্ত্তি আছেন, ইহাদিগের মধ্যে ভূমিষ্ঠামূর্ত্তির পূজাতে ফলাধিক্য বলিতেছেন।—যে সকল সাধক মথুরাতে ভূমিষ্ঠামূর্ত্তির অর্চ্চনা করেন, তাঁহারা মৃত্যুর হস্ত হইতে পরিত্রাণ পাইতে পারেন, অর্থাৎ তাঁহাদিগের অবিদ্যা, কাম ও কর্ম্ম কিছুই থাকে না এবং তাহারা মুক্তিলাভ করিতে পারেন। আর তাহাদিগের দুঃখের করণীভূত অবি-

তদপ্যেতে শ্লোকা ভবন্তি।

প্রাপ্য মথুরাং পুরীং রম্যাং সদা ব্রহ্মাদিসেবিতম।
শঙ্খচক্রগদাশার্ঙ্গরক্ষিতাং মুশলাদিভিঃ॥ ৩৯॥
যত্রাসৌ সংস্থিতঃ কৃষ্ণস্ত্রিভিঃ শক্ত্যা সমাহিতঃ।
রামানিরুদ্ধপ্রদ্যুম্নৈরুক্মিণ্যা সহিতো বিভুঃ॥ ৪০॥

ভৌতিকতাপত্রয়োত্থং দুঃখং তরন্তি দুঃখহেতুনামবিদ্যাদীনাং নিবৃত্তত্বাদি-
ত্যর্থঃ॥ ৩৮॥

উক্তেঽর্থে মন্ত্রসম্মতিমাহ তদপীতি। তৎ তত্র মথুরায়াঃ কৃষ্ণাশ্রয়ত্বে
ব্রহ্মাদিসেবিতত্বে চ এতে শ্লোকাঃ মন্ত্রা অপি ভবন্তি ইত্যর্থঃ। প্রাপ্য
মথুরাং পুরীং প্রাপ্য দেবা মনুষ্যা গন্ধর্ব্বাদয়স্তিষ্ঠন্তীতিশেষঃ। কীদৃশীং
শঙ্খচক্রগদাশার্ঙ্গরক্ষিতাং তথা মুশলাদিভিঃ বলদেবাদ্যায়ুধৈঃ উপ-
লক্ষিতাং ইত্যর্থঃ॥ ৩৯॥

যত্রাসাবিতি। ত্রিভিঃ বলদেবাদিভিঃ শক্ত্যা রুক্মিণ্যা সহিতঃ কৃষ্ণঃ
যত্র সংস্থিতঃ তাং পুরীং প্রাপ্য দেবাদয়স্তিষ্ঠন্তীতি সম্বন্ধঃ। ইদমেব বিবৃ-
ণোতি রামানিরুদ্ধপ্রদ্যুম্নৈরিতি॥ ৪০॥

দ্যার নিবৃত্তি হইয়া যায়; সুতরাং তাহাদিগের গর্ভ, জন্ম, জরা ও মরণ-
জন্য ক্লেশভোগ হয় না এবং তাঁহারা আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধি-
ভৌতিক এই তাপত্রয় হইতে উত্তীর্ণ হইতে পারেন॥ ৩৮॥

মথুরাপুরী কৃষ্ণের আশ্রয়, সর্ব্বদাই কৃষ্ণ মথুরাতে অবস্থিতি করিয়া
থাকেন এবং ব্রহ্মাদি দেবগণও এই পুরীর সেবা করেন। শ্রীকৃষ্ণ শঙ্খ,
চক্র, গদা, শার্ঙ্গ ও মুষলাদিদ্বারা সর্ব্বদা রক্ষা করিতেছেন। এই মথুরা-
পুরীকে আশ্রয় করিয়া দেব, মনুষ্য ও গন্ধর্ব্বাদিরা অবস্থিতি করি-
তেছে॥ ৩৯॥

এই মথুরাপুরীতে শ্রীকৃষ্ণ বলরাম, অনিরুদ্ধ ও প্রদ্যুম্ন এই তিন এবং
স্বীয় শক্তি রুক্মিণীর সহিত অবস্থিতি করিতেছেন এবং অন্যান্য দেবগণও
এই মথুরাকে আশ্রয় করিয়া অবস্থিতি করিতেছেন॥ ৪০॥

চতুঃশব্দো ভবেদেকো হোঙ্কারঃ সমুদাহৃতঃ ॥ ৪১ ॥

তস্মাদ্দেবঃ পরো রজসেতি সোঽহমিত্যবধার্য্যাত্মানং গোপালোঽহমিতি ভাবয়েৎ ॥ ৪২ ॥

তদেবং কৃষ্ণাবতারোঽবতারাণাং শ্রেষ্ঠো মথুরা চাস্য স্থানমিত্যুক্ত ভবতি। কথং বৈ অস্য ব্রহ্মতা ভবতীত্যাদেরুত্তরং বক্তুং প্রণবার্থত্বমা চতুরিতি। চত্বারঃ শব্দাঃ রামানিরুদ্ধাদয়ো বাচকাঃ যস্য চতুঃশব্দঃ চতু র্ব্যূহঃ। একঃ ঈশ্বরঃ ভবেৎ ভবতি অত্র হেতুমাহ হোঙ্কারস্যেতি। f যস্মাৎ কারণাৎ ওঙ্কারস্য অকারোকারমকারার্দ্ধমাত্ররূপৈঃ অংশৈঃ কৃ রামপ্রদ্যুম্নানিরুদ্ধকৃষ্ণাভিধেয়ো ব্যূহসমুদায় ইত্যর্থঃ ॥ ৪১ ॥

যং চ স্মৃত্বা মুক্তা অস্মাৎ সংসারাদিত্যস্যোত্তরমাহ তস্মাদিতি তস্মাৎ প্রণবাভিধেয়াৎ রজসঃ কামকর্ম্মাত্মকাৎ পরঃ ইত্যেবংবিধো দেবঃ সোঽহমিতি অবধার্য্য মনসা নিশ্চিত্য আত্মানং গোপালোঽহমি ভাবয়েৎ। রজসেতি সন্ধিশ্ছান্দসঃ আত্মস্বরূপগোপালাত্মাহমিত্যুপাসি তেতি বাক্যার্থঃ ॥ ৪২ ॥

পূর্ব্বে যেরূপ কৃষ্ণের মাহাত্ম্য কথিত হইয়াছে, তাহাতে জানা যা যে, শ্রীকৃষ্ণ সর্ব্বাবতারের শ্রেষ্ঠ এবং সেই কৃষ্ণ মথুরায় অবস্থান করেন পূর্ব্বে যে গান্ধর্ব্বী শ্রীকৃষ্ণের ব্রহ্মত্ববিষয়ে প্রশ্ন করিয়াছিলেন, তাহা উত্তরপ্রদানার্থ দুর্ব্বাশা মুনি প্রণবের অর্থ প্রকাশ করিয়া কৃষ্ণের ব্রহ্ম প্রতিপাদন করিতেছেন।—অকার, উকার, মকার ও অর্দ্ধচন্দ্র এই চারি বর্ণ বাচক বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ ও কৃষ্ণ এই চারি ব্যূহই প্রণ রূপী ঈশ্বর, অর্থাৎ প্রণবে অকার, উকার, মকার ও চন্দ্রবিন্দু এই চা অংশে বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ ও কৃষ্ণ আছেন ॥ ৪১ ॥

কাহাকে স্মরণ করিলে সংসার হইতে মুক্ত হইতে পারে? গান্ধর্ব্বী এই প্রশ্নের উত্তরে বলিতেছেন,—"যিনি প্রণবাভিধায়ক এবং কামকর্ম্ম ত্মক রজোগুণের পরবর্ত্তী, আমিই সেই দেব" এইরূপ নিশ্চয় করি "আমিই গোপাল" এইরূপে সেই আত্মাকে ধ্যান করিবে ॥ ৪২ ॥

স মোক্ষমশ্নুতে স ব্রহ্মত্বমধিগচ্ছতি স ব্রহ্মবিদ্-ভবতি ॥ ৪৩ ॥

যো গোপান্ জীবান্ বৈ আত্মত্বেনাস্বৃষ্টিপর্য্যন্তমালাতি স গোপালো ভবতি ওঁ তৎ যৎ সোহং পরং ব্রহ্ম কৃষ্ণাত্মকো নিত্যানন্দৈকরূপঃ সোহমোন্তদ্ গোপাল এব পরং সত্যমবাধিতং সোঽহমিত্যাত্মানমাদায় মনসৈক্যং কুর্য্যাৎ

বিশিষ্টোপাস্তেঃ ফলানি দর্শয়তি সঃ উপাসকঃ মোক্ষম্ অবিদ্যাকাম-কর্ম্মবিনিয়োগঃ অশ্নুতে সঃ ব্রহ্মত্বং সর্ব্ববৃহৎত্বম্ অধিগচ্ছতি। অত্র হেতু-মাহ স ব্রহ্মবিদ্ভবতীতি। ৪৩।

ব্যুৎপত্তিপূর্ব্বকং গোপালকত্বং দর্শয়তি। গোপান্ জীবান্ আত্মত্বেন আস্বৃষ্টিপর্য্যন্তম্ আলাতি আদত্তে স্বীকরোতি। পদার্থমুক্ত্বা বাক্যার্থমাহ স গোপালো ভবতীতি। গোপালত্বেন বিশিষ্টভাবনামুক্ত্বা কৃষ্ণত্বেন তামাহ ওঁ তৎ যৎ সোঽহমিতি। ওঁতচ্ছব্দাভ্যাং বাচ্যং যৎ পরং ব্রহ্ম সোঽহং ইত্যবধার্য্যাত্মানং ইত্যনুবর্ত্তনীয়ং ততঃ কৃষ্ণাত্মকো নিত্যানন্দৈক-রূপঃ অহম্ ইতি ভাবয়েদিতিশেষঃ। কৃষ্ণাত্মক ইত্যস্যৈব ব্যাখ্যানং নিত্যানন্দৈকরূপ ইতি। কৃষ সত্তায়ামিতি ধাত্বর্থাস্তশব্দস্য চানন্দার্থত্বাৎ ব্রহ্মাত্মৈক্যভাবনপূর্ব্বকং গোপালৈক্যভাবনামাহ ওঁতদ্গোপাল এব পরং সত্যমিতি। ওঁতচ্ছব্দবাচ্যং পরং সত্যমবাধিতং ব্রহ্ম গোপাল এব সঃ

যে উপাসক পূর্ব্বোক্ত প্রকারে আত্মাকে ধ্যান করে, তাহার অবিদ্যা নিমিত্ত কামকর্ম্ম বিনাশ পায় এবং ব্রহ্মপ্রাপ্তি হইয়া থাকে ও ব্রহ্মকে জানিতে পারে, অর্থাৎ তাহার মোক্ষলাভ হয়। ৪৩॥

এইরূপ গোপালশব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ দেখাইয়া তাঁহার ব্রহ্মত্ব প্রতিপাদন করিতেছেন।—যিনি গোপগণ, অর্থাৎ জীবসকলকে আত্ম-স্বরূপে সৃষ্টি করিয়াছেন, তাঁহাকেই গোপাল বলা যায়। "ওঁ ও তৎ" এই শব্দদ্বয়ের বাচ্য যে পরব্রহ্ম "তাহাই আমি" এইরূপ মনে মনে স্থির

আত্মানং গোপালোঽহমিতি ভাবয়েদিতি স এবাব্যক্তো
নন্তো নিত্যো গোপালঃ ॥ ৪৪ ॥

মথুরায়াং স্থিতির্ব্রহ্মন্ সর্ব্বদা মে ভবিষ্যতি।
শঙ্খচক্রগদাপদ্মবনমালাবৃতস্ত বৈ ॥ ৪৫ ॥
বিশ্বরূপং পরং জ্যোতিঃস্বরূপং রূপবর্জ্জিতম্।
হৃদা মাং সংস্মরন্ ব্রহ্মন্ মৎপদং যাতি নিশ্চিতং ॥ ৪৬

গোপালঃ অহম্ ইতি আত্মানং মনসা আদায় জ্ঞাত্বা ঐক্যং কুর্য্যাৎ। তদে
বিবৃণোতি আত্মানং গোপালোঽহমিতি ভাবয়েদিতি। গোপালাত্মৈক
ভাবেন হেতুমাহ। স এবাব্যক্তোঽনন্তঃ তং ভাবয়েদির্থঃ মায়ায়ামতি
ব্যাপ্তিং বারয়তি অনন্ত ইতি। দেশতোঽনন্তত্বং মায়ানামপীত্যত অ
নিত্য ইতি। পুরুষার্থহেতুতামাহ গোপাল ইতি ॥ ৪৪ ॥

কো বাস্যাবতারস্যাশ্রয়ো নিত্যমিত্যাশঙ্ক্য নারায়ণো ব্রহ্মাণং প্রত্য
মথুরায়াং স্থিতিরিতি। যোঽহং শঙ্খচক্রাদিভিরাবৃতঃ তুবৈ প্রসিদ্ধং তস্য (
সর্ব্বদা মথুরায়াং স্থিতির্ভবিষ্যতি ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

বিশ্বরূপামিতি বিশ্বরূপং পরং উৎকৃষ্টং নিত্যং জ্যোতিঃস্বরূপং স্বপ্র

করিয়া "নিত্যানন্দরূপী কৃষ্ণই আমি" এই প্রকার ভাবনা করিবে
যেহেতু শ্রীকৃষ্ণই অচিন্ত্য, অব্যক্ত, অনন্ত ও সচ্চিদানন্দস্বরূপ এবং তিনি
গোপাল, "অতএব "ওঁ ও তৎ" শব্দবাচ্য সত্যস্বরূপ "গোপাল আমি
এইরূপ ধ্যান করিবে ॥ ৪৪ ॥

এই অবতার সকলের নিত্য-আশ্রয় কে? ব্রহ্মার এইরূপ আশঙ্
নিরাসার্থ নারায়ণ বলিতেছেন,—ব্রহ্মন্! আমি শঙ্খচক্রগদাপদ্মধারী (
বনমালাবিভূষিত হইয়া সর্ব্বদা মথুরাতে অবস্থিতি করিব। আমি
অবতার সকলের আশ্রয় ॥ ৪৫ ॥

হে কমলযোনে! আমি বিশ্বরূপ জ্যোতির্ম্ময়, অথচ রূপবর্জ্জিত

মথুরামণ্ডলে যস্তু জম্বুদ্বীপে স্থিতোপি বা।
যোর্চ্চয়েৎ প্রতিমাং মাং চ স মে প্রিয়তরো ভুবি ॥ ৪৭ ॥
তস্যামধিষ্ঠিতঃ কৃষ্ণরূপী পূজ্যস্ত্বয়া সদা। .
চতুর্দ্ধা চাস্যাধিকারভেদত্বেন যজন্তি মাম্ ॥ ৪৮ ॥
যুগানুবর্ত্তিনো লোকা যজন্তীহ সুমেধসঃ।

াশং চৈতন্যাত্মকং বস্তুতঃ রূপবর্জ্জিতং মাং হৃদা সংস্মরন্ পুরুষঃ নিশ্চিতং ৎপদং যাতি। ৪৬।

কীদৃশী পূজাস্যেত্যস্যোত্তরমাহ মথুরেতি মথুরামণ্ডলে যস্তু জম্বুদ্বীপে হৃতোপি বা প্রতিমাং শিলাদিময়ীং মাং চ ধ্যানভাবিতং ভুবি সম্যক্ অর্চ্চ-য়েৎ সঃ মে মম প্রিয়তরঃ বল্লভঃ ভবতি ॥ ৪৭ ॥

তস্যামিতি হে ব্রহ্মন্ তস্যাং মথুরায়াং অধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতঃ কৃষ্ণ-পী অহং ত্বয়া সদা পূজ্যঃ। চতুর্ব্যূহপূজনোপদেশমভিপ্রেত্য তত্র সম্প্র-ায়ং দর্শয়তি চতুর্দ্ধা চেতি। পূজ্যত্বেন অধিক্রিয়ন্তু ইতি অধিকারাঃ াস্য রূপাণি তেষাং ভেদত্বেন ভিন্নত্বেন মাং চতুর্দ্ধা যজন্তি। ৪৮ ॥

ইদমেব বিবৃণোতি যুগানুবর্ত্তিনঃ সুমেধসঃ লোকাঃ ইহ অম্বুদ্বীপে

। ব্যক্তি আমাকে উক্তরূপে স্মরণ করে, সে নিশ্চয় আমার পদলাভ রিতে পারে। ৪৬।

পূর্ব্বে প্রশ্ন হইয়াছে যে, কি প্রকারে গোপালরূপী ব্রহ্মের পূজা রিতে হয়? এইক্ষণ সেই প্রশ্নের উত্তরে বলিতেছেন।—যে ব্যক্তি থুরাতে কিম্বা জম্বুদ্বীপের যে কোন স্থানে অবস্থিত হইয়া আমার ালাদিময়ী মূর্ত্তির অর্চ্চনা করে, কিম্বা মদগতচিত্তে আমার ধ্যান্ করে, াই ব্যক্তি আমার অতি-প্রিয় হয়। ৪৭।

হে পদ্মযোনে! আমি মথুরায় কৃষ্ণরূপে অধিষ্ঠিত হইয়া তোমার পূজ্য ইয়াছি, উপাসকেরা অধিকারীভেদে চতুর্ব্যূহরূপে আমার ভেদ কল্পনা রিয়া আমাকে অর্চ্চনা করে ॥ ৪৮।

পূর্ব্বশ্রুতিতে যে চতুর্ব্যূহের উল্লেখ হইয়াছে, ভগবান্ স্বয়ং সেই

গোপালং সানুজং রামরুক্মিণ্যা সহ তৎপরং ॥ ৪৯ ॥
গোপালোহমজো নিত্যঃ প্রদ্যুম্নোহং সনাতনঃ।
রামোহমনিরুদ্ধোহমাত্মানমর্চ্চয়েদ্ বুধঃ ॥ ৫০ ॥
ময়োক্তেন স্বধর্ম্মেণ নিষ্কামেন বিভাগশঃ।

গোপালাদিকং মাং যজন্তি। চতুর্ব্যূহং বিবৃণোতি গোপালমিতি অনু পশ্চাৎ জায়তে তৌ অনুজৌ প্রদ্যুম্নানিরুদ্ধৌ তাভ্যাং সহিতং সানুজং গোপালং। কীদৃশং রামরুক্মিণ্যা সহ বর্ত্তমানং তথা চ গোপালসঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধাত্মকচতুর্ব্যূহঃ শক্ত্যা সহিত উক্তো ভবতি। পুনঃ কীদৃশং তৎপরং রামাদিষু অনুরক্তং। যদ্বা তৎপরং একাগ্রং যথাস্যাত্তথা যজন্তীতি সম্বন্ধঃ ॥ ৪৯ ॥

অয়ং চতুর্ব্যূহ একো বিষ্ণুরেব নতু বিষ্ণোঃ পৃথগিত্যাহ গোপালোহমিতি। গোপালাদয়শ্চত্বারোপি অহং বিষ্ণুরেব ততঃ আত্মানং বিষ্ণুং মাং চতুর্ব্বিধং বুধঃ বিদ্বান্ অর্চ্চয়েৎ ইত্যর্থঃ ॥ ৫০ ॥

ময়োক্তেনেতি ময়া মন্বাদিরূপিণা বিভাগশো বর্ণাশ্রমাদিভেদপ্রোক্তেন

চতুর্ব্যূহ বিস্তার করিতেছেন।—এই জম্বুদ্বীপে যুগানুবর্ত্তী সুবুদ্ধি লোক সকল গোপালাদিরূপে আমাকে অর্চ্চনা করিয়া থাকেন। গোপাল, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ ইহারাই আমার চতুর্ব্যূহ। আমার প্রধানা-শক্তি রুক্মিণী ও বলরামের সহিত চতুর্ব্যূহাত্মক আমাকে অর্চ্চনা করিবে। আমি সর্ব্বদা বলরামে অনুরক্ত আছি, এইরূপ জ্ঞান করিয়া পূজা করিতে হইবে ॥ ৪৯ ॥

পূর্ব্বোক্ত চতুর্ব্যূহই বিষ্ণু, উহা বিষ্ণু হইতে পৃথক্ নহে। ব্রহ্মন্! আমিই সেই চতুর্ব্যূহাত্মক গোপাল। আমার জন্ম নাই, বিনাশ নাই, অতএব আমি নিত্য পদার্থ। আমিই প্রদ্যুম্ন, আমিই অনিরুদ্ধ, আমিই সঙ্কর্ষণ (বলরাম)। পণ্ডিতগণ এই চতুর্ব্যূহরূপে আমাকেই অর্চ্চনা করিবে ॥ ৫০ ॥

আমি মন্বাদিরূপ ধারণ করিয়া যে, পৃথক্ পৃথক্ বর্ণধর্ম্ম ও আশ্রম-

তৈরয়ং পূজনীয়ো বৈ ভদ্রকৃষ্ণনিবাসিভিঃ॥ ৫১॥
তদ্ধর্ম্মগতিহীনা যে তস্যাং ময়ি পরায়ণাঃ।
কলিনা গ্রসিতা যে বৈ তেষাং তস্যামবস্থিতিঃ॥ ৫২॥
যথা ত্বং সহ পুত্রৈস্তু যথা রুদ্রো গণৈঃ সহ।
যথা শ্রিয়াভিযুক্তোহহং তথা ভক্তো মম প্রিয়ঃ॥ ৫৩॥

স্বধর্ম্মেণ বর্ণাশ্রমধর্ম্মেণ ভদ্রকৃষ্ণবনয়োঃ নিবাসিভিঃ তৈঃ প্রসিদ্ধৈঃ বর্ণা-শ্রমধর্ম্মৈঃ অয়ং চতুর্ব্বিধঃ কৃষ্ণঃ পূজনীয়ঃ ইত্যর্থঃ॥ ৫১॥

স্বধর্ম্মবিহীনানামপি মৎপরায়ণানামেব মৎপুর্য্যামবস্থিতির্ন স্বভক্তানা-মিত্যাহ তদ্ধর্ম্মগতিহীনা ইতি। কলিনা গ্রসিতাঃ গ্রস্তাঃ সন্তঃ তদ্ধর্ম্মগতি-হীনাঃ আশ্রমাচাররহিতা অপি যে তস্যাং পুর্য্যাং মৎপরা ভবন্তি বৈ তেষাং এব তস্যাং পুর্য্যাং অবস্থিতিঃ নান্যেষামিত্যর্থঃ॥ ৫২॥

অত্র হেতুমাহ যথেতি যথা পুত্রৈঃ সনকাদিভিঃ সহ ত্বং যথা চ গণৈঃ সহ রুদ্রঃ যথা চ শ্রিয়া অভিযুক্তঃ সহিতঃ অহং মম প্রিয়ঃ তথা ভক্তো মম প্রিয়ঃ অতস্তত্র পুরি ভক্তানামেবাবস্থিতিরিতি শেষঃ। ৫৩।

ধর্ম্ম কীর্ত্তন করিয়াছি, ভদ্রবন ও কৃষ্ণবনের অন্তর্ব্বাসী লোকসকল আমাকে উক্ত চতুর্ব্যূহাত্মক শ্রীকৃষ্ণরূপে অর্চ্চনা করিবে॥ ৫১॥

মৎপরায়ণ ব্যক্তিরা স্বধর্ম্মবিহীন হইলেও আমার প্রিয়পুরী মথুরাতে তাহাদিগের অবস্থিতি হইবে, কিন্তু যাহারা মদ্ভক্তিবিহীন, তাহারা ধর্ম্ম-পরায়ণ হইলেও তাহাদিগের সদ্গতি হয় না। কলিগ্রস্ত ব্যক্তিরা বর্ণা-শ্রমবিহিত ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইয়া যদি মথুরাপুরীতে অবস্থিতিপূর্ব্বক আমাতে চিত্তসমর্পণ করে, তাহাহইলে তাহাদিগের মথুরা প্রাপ্তি হয়, কিন্তু আমাতে ভক্তি না থাকিলে কোন ধর্ম্মদ্বারাও সদ্গতি হইতে পারে না। ৫২।

মদ্ভক্তব্যক্তিদিগের মথুরাপুরীতে অবস্থিতির কারণ দর্শাইতেছেন।—ব্রহ্মন্! তুমি যেমন সনকাদি পুত্রগণের সহিত বর্ত্তমান আছ, রুদ্র যেমন তাঁহার প্রমথগণের সহিত বিদ্যমান আছেন ও আমি যেমন লক্ষ্মীর

স হোবাচাব্জযোনিশ্চতুর্ভির্দ্দেবৈঃ কথমেকো দেবঃ স্যাদেকমক্ষরং যদ্বিশ্রুতমনেকাক্ষরং কথং ভূতং স হোবাচ তং হি বৈ পূর্ব্বং হি একমেবাদ্বিতীয়ং ব্রহ্মাসীৎ তস্মাদ-ব্যক্তমব্যক্তমেবাক্ষরং তস্মাদক্ষরাৎ মহত্তত্ত্বং মহতো বৈ অহঙ্কারস্তস্মাদেবাহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণি তেভ্যো ভূতানি

সঃ এবম্প্রবোধিতঃ হ প্রসিদ্ধঃ অব্জযোনিঃ উবাচ। কিং চতুর্ভির্দ্দেবৈ গোপালরামাদিভিঃ কথমেকো দেবঃ স্যাৎ অনেকেষামেকত্বং ব্যাহত মিত্যর্থঃ। একমক্ষরং যৎ প্রণবাখ্যং বিশ্রুতং তর্হি কথং গোপালরামাদ্য নেকাক্ষরং ভূতং জাতং স হেতি। এবং পৃষ্টঃ হ প্রসিদ্ধঃ বিষ্ণুঃ তং হি বৈ উবাচ। একস্যানেকাত্মকত্বমুপপাদয়িতুং তস্য জগন্মূলকারণত্বং বক্তুমাহ পূর্ব্বং হি একমেবাদ্বিতীয়মিত্যাদি। পূর্ব্বং সৃষ্টেঃ প্রাক্ একং সজাতীয় ভেদরহিতম্ এব শব্দাৎ স্বগতভেদরহিতম্ অদ্বিতীয়ং বিজাতীয়ভেদরহি তম্ ব্রহ্ম আসীৎ। তস্মাৎ ব্রহ্মণঃ অব্যক্তং সর্ব্বকার্য্যকারণশক্তিঃ অব্য ক্তম্ আসীৎ। অব্যক্তমেবেতি যৎ অব্যক্তং তৎ অক্ষরং ব্রহ্ম এব তচ্ছক্তি

সহিত অবস্থিতি করিতেছি, অর্থাৎ সনকাদি যেমন তোমার প্রিয়, প্রমথ গণ যেমন রুদ্রের প্রিয়, লক্ষ্মী যেমন আমার প্রিয়, সেইরূপ ভক্তগণ আমার প্রিয়। আমি ভক্তবৃন্দের সহিত মথুরাতে বাস করিয় থাকি॥ ৫৩॥

কমলযোনি উক্ত প্রকার নারায়ণের বাক্যে প্রবোধিত হইয় তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—প্রভো! কিরূপে গোপাল, অনিরুদ্ধ প্রদ্যুম্ন ও সঙ্কর্ষণ এই দেবচতুষ্টয় এক হইলেন? কখনও অনেকের একত্ব সম্ভবে না, আর একাক্ষর প্রণব কিরূপে গোপালরামাদি অনেকাক্ষরে উৎপন্ন হইতে পারে? নারায়ণ ব্রহ্মার বাক্য শ্রবণ করিয়া কহিলেন,— কমলযোনে! সৃষ্টির পূর্ব্বে কেবল একমাত্র ব্রহ্মই বিদ্যমান ছিলেন; তিনি স্বগত, সজাতীয় ও বিজাতীয়ভেদরহিত। এই ব্রহ্ম হইতে কার্য্য কারণ শক্তিরূপা প্রকৃতির উৎপত্তি হয়, এই প্রকৃতি ব্রহ্মের শক্তি

তৈরাবৃতমক্ষরং ভবতি অক্ষরোহমোঙ্কারোহমজরোহমরো-
ভয়োহমৃতো ব্রহ্মাভয়ং হি বৈ স মুক্তোহমস্মি অক্ষরো-
মস্মি সত্তামাত্রং বিশ্বরূপং প্রকাশং ব্যাপকং তথা ·এক-
মবাদ্বিতীয়ং ব্রহ্ম মায়য়া তু চতুষ্টয়ম্ ॥ ৫৪ ॥

পত্বাৎ। তস্মাদক্ষরান্মহত্তত্ত্বং মহতো বৈ হঙ্কারঃ অহঙ্কারবর্ণলোপশ্ছা-
সঃ। তস্মাদেবাহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণি ভূতসূক্ষ্মাপরপর্য্যায়াঃ তেভ্যঃ
তানি পঞ্চমহাভূতানি ইত্যর্থঃ। তৈরাবৃতমিতি তৈঃ মহদাদিভিঃ কার্য্য-
তঃ আবৃতম্ ব্যাপ্তং অক্ষরং চেতি ঘটশরাবাদিভিরিব মৃৎ। অক্ষরোহ-
তি অব্যাকৃতাক্ষরাত্মকো বিষ্ণুঃ ওঙ্কারঃ চ অহম্। ওঙ্কারাক্ষরব্রহ্মণ-
ক্যাপপাদনায় ওঙ্কারো ব্রহ্মধর্ম্মানাহ অজর ইতি। অজরোহমরঃ জরা-
শূন্যঃ অভয়ঃ অবিদ্যাকামকর্ম্মশূন্যঃ অমৃতঃ আনন্দাত্মকঃ ওঙ্কার ইতি
ঃ। তথাবিধব্রহ্মপ্রতীকত্বাৎ অথ অক্ষরধর্ম্মানাহ ব্রহ্মেতি। অক্ষরঃ
ব্যাকৃতাখ্যঃ অভয়ং হি বৈ ব্রহ্ম ব্রহ্মশক্তিসমুদায়রূপত্বাৎ। অথ ব্রহ্ম-
নাহ মুক্তোহমিতি। অহং মুক্তঃ অবিদ্যাস্পর্শরহিতঃ অস্মি অক্ষরো-
অবিনাশী অহম্ অস্মি ইত্যর্থঃ। ওঙ্কারঃ ব্রহ্ম তৎপ্রতীকত্বাৎ তথা-
মব্যাকৃতং ব্রহ্ম তচ্ছক্তিরূপত্বাদিতি বিবক্ষিতার্থঃ। নন্বেবং ব্রহ্মচেৎ
ং চতুষ্টয়ং সম্পন্নমিত্যাশঙ্ক্য মন্ত্রমাহ সত্তামাত্রং বিশ্বরূপং প্রকাশং
পকং তথা একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম মায়য়া তু চতুষ্টয়ম্ ইতি স্পষ্টং ॥ ৫৪ ॥

এব ইনিও ব্রহ্মস্বরূপ, এই প্রকৃতি হইতে মহতত্ত্ব জন্মে, মহতত্ত্ব হইতে
ঙ্কার, অহঙ্কার হইতে সূক্ষ্মভূত, অর্থাৎ পঞ্চতন্মাত্র, এই পঞ্চতন্মাত্র
তে পঞ্চমহাভূতের উৎপত্তি হইল। সেই কার্য্যকারণরূপা প্রকৃতি মহ-
াদিদ্বারা আবৃত আছেন। ব্রহ্মন্! আমি সেই অব্যক্ত অক্ষররূপী
ার। এই ওঙ্কাররূপী আমি অজর, অমর, অভয় ও অমৃত, আমিই
্যক্ত অক্ষরাত্মক ব্রহ্ম, আমি অবিদ্যাস্পর্শরহিত, পরন্তু অবিদ্যার
াশ করি। বাস্তবিক আমি অদ্বিতীয় অক্ষর। অতএব যিনি অদ্বি-
য় ব্রহ্ম, তাহার দ্বৈবিধ্য নাই, কেবল মায়াদ্বারাই তাহার চতুর্ব্যূহরূপ

রোহিণীতনয়ো রামো অকারাক্ষরসম্ভবঃ।
তৈজসাত্মকঃ প্রদ্যুম্ন উকারাক্ষরসম্ভবঃ॥ ৫৫॥
প্রাজ্ঞাত্মকোঽনিরুদ্ধো বৈ মকারাক্ষরসম্ভবঃ।
অর্দ্ধমাত্রাত্মকো কৃষ্ণো যস্মিন্ বিশ্বং প্রতিষ্ঠিতম্॥ ৫৬॥

মায়য়া চতুষ্টয়ত্বং বিবৃণোতি রোহিণীতনয় ইতি। অকারাক্ষরাবচ্ছিন্নয়া মায়য়া সম্ভবঃ আবির্ভাবো যস্য সঃ অকারাক্ষরসম্ভবঃ রোহিণীতনয়ঃ রামঃ বিশ্বাত্মকো জাগ্রদবস্থাধিষ্ঠাতৃসমষ্টিরূপ ইত্যর্থঃ। তৈজসাত্মক ইতি উকারাক্ষরাবচ্ছিন্নয়া মায়য়া প্রাদুর্ভূতঃ প্রদ্যুম্নঃ তৈজসাত্মকঃ স্বপ্নাবস্থাধিষ্ঠাতৃশমষ্টিরূপ ইত্যর্থঃ॥ ৫৫॥

প্রাজ্ঞাত্মক ইতি। মকারাবচ্ছিন্নয়া মায়য়া প্রাদুর্ভূতঃ অনিরুদ্ধঃ প্রাজ্ঞাত্মকঃ সুষুপ্ত্যবস্থাধিষ্ঠাতৃসমষ্টিরূপ ইত্যর্থঃ। শ্রীকৃষ্ণস্তু অবস্থাত্রয়াতীতং তুরীয়ং ধামেত্যাহ অর্দ্ধমাত্রাত্মক ইতি। অর্দ্ধমাত্রা বিশেষতোঽনুচ্চার্য্যা "অর্দ্ধমাত্রা স্থিতা নিত্যা যাঽনুচ্চার্য্যা বিশেষতঃ" ইতি স্মৃতেঃ। তদাত্মকঃ কৃষ্ণঃ যস্মিন্ সদানন্দাত্মকে কৃষ্ণে বিশ্বং প্রতিষ্ঠিতং অধ্যস্তম্॥ ৫৬॥

ভেদ হইয়াছে। যাহারা মায়াবিমূঢ়, তাহারাই কেবল গোপালাদি চতুর্দ্ধাভেদে চারিপ্রকার জ্ঞান করে, কিন্তু তত্ত্বজ্ঞানীরা গোপালাদি সকলকেই একরূপে জানিয়া থাকে॥ ৫৪॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে, নারায়ণ মায়াদ্বারাই গোপালাদি চারিরূপ হইয়াছেন, এই শ্রুতিতে তাহাই বিস্তার করিতেছেন।—ওঙ্কারেতে যে অকার, উকার, মকার এই সকল বর্ণ আছে, তাহাদিগের মধ্যে অকার হইতে রোহিণীতনয় বলরাম উৎপন্ন হইয়াছেন, ইনি বিশ্বময়, অর্থাৎ জাগ্রদবস্থার অধিষ্ঠাতা সমষ্টিস্বরূপ, ঐ প্রণবগত উকার হইতে প্রদ্যুম্ন আবির্ভূত হইয়াছেন, ইনি তৈজসাত্মক, অর্থাৎ স্বপ্নাবস্থার অধিষ্ঠাতা, মকারাক্ষর হইতে অনিরুদ্ধের উৎপত্তি হইয়াছে, এই অনিরুদ্ধ প্রাজ্ঞ, অর্থাৎ সুষুপ্তি অবস্থার অধিষ্ঠাতা এবং অর্দ্ধমাত্রাত্মক, ইনি জাগ্র-

কৃষ্ণাত্মিকা জগৎকর্ত্রী মূলপ্রকৃতিরুক্মিণী।
ব্রজস্ত্রীজনসম্ভূতশ্রুতিভ্যো ব্রহ্মসঙ্গতঃ॥ ৫৭॥
প্রণবত্বেন প্রকৃতিং বদন্তি ব্রহ্মবাদিনঃ।
তস্মাদোঙ্কারসম্ভূতো গোপালো বিশ্বসম্ভবঃ॥ ৫৮॥

বিন্দুপ্রতিপাদ্যা রুক্মিণী মূলপ্রকৃতিরূপেত্যাহ কৃষ্ণাত্মিকেতি। কৃষ্ণ-
াক্তিরূপত্বাৎ শক্তিশক্তিমতোশ্চাভেদাৎ কৃষ্ণস্বরূপা জগৎকর্ত্রী মূলপ্রকৃতিঃ
াতব্যা ইতি শেষঃ। কীদৃশী রুক্মিণীত্যাহ ব্রজস্ত্রীজনসম্ভূতেতি। ব্রজ-
ীজনে সম্ভূতাঃ প্রসিদ্ধাঃ যাঃ শ্রুতয়ঃ তাভ্যঃ প্রসিদ্ধঃ যো ব্রহ্মসঙ্গঃ তস্মাৎ
হতোঃ। ৫৭॥

প্রণবত্বং প্রকৃষ্টস্তুতিত্বং অসৎসত্ত্বাদিগুণারোপহেতুত্বং তেন হেতুনা
হ্মবাদিনঃ যদ্বা বিশ্বতৈজসাদিরূপেণ চতুর্দ্ধা সংস্থিতম্ ইত্যর্থঃ। তস্যাঃ
কৃতিত্বং বদন্তি। তস্মাৎ ব্রহ্মস্বরূপত্বাৎ ওঙ্কারেণ সম্ভূতঃ প্রকৃতিপ্রতি-
াদ্যত্বাৎ প্রাদুর্ভূতঃ গোপালঃ বিশ্বসংস্থিতঃ ইত্যর্থঃ॥ ৫৮॥

াদি অবস্থাত্রয়ের অতীত তুরীয় অর্থাৎ মৃত্যুবর্জ্জিত, অবস্থাস্বরূপ এই
নন্তব্রহ্মাণ্ড কেবল একমাত্র শ্রীকৃষ্ণে প্রতিষ্ঠিত আছে। ৫৫-৫৬।

প্রণবের বিন্দুপ্রতিপাদ্যা রুক্মিণীদেবী মূলপ্রকৃতিরূপা, ইনি কৃষ্ণ-
াক্তি, অতএব কৃষ্ণস্বরূপা বলিয়া জানিতে হইবে, যেহেতু শক্তি ও শক্তি-
ানের অভেদকল্পনা স্বীকার আছে। আর ইনিই জগৎকর্ত্রীরূপা।
ব্রজ-স্ত্রীগণসম্বন্ধে যে সকল শ্রুতি প্রকটিত হইয়াছে, তাহাতেই রুক্মিণীর
ব্রহ্মস্বরূপত্ব প্রতিপাদিত হইয়াছে এবং ব্রহ্মসঙ্গহেতুও তাঁহাকে কৃষ্ণ-
স্বরূপ বলিয়া জানা যায়। ৫৭॥

প্রণবেতে সত্ত্বাদিগুণের আরোপ হয় এবং বিশ্বতৈজসাদি চতুর্মূর্ত্তি-
রূপে সংস্থিতি হয়, এই নিমিত্ত ব্রহ্মবাদী পণ্ডিতগণ প্রণবকে মূলপ্রকৃতি
বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন, অতএব গোপালও প্রকৃতিশব্দের প্রতি-
পাদ্য হইতেছেন। যেহেতু সেই গোপাল হইতেই বিশ্বের সম্ভব হই-
তেছে। ৫৮।

ক্লীমোঙ্কারস্যৈকত্বং পঠ্যতে ব্রহ্মবাদিভিঃ।
মথুরায়াং বিশেষেণ মাং ধ্যায়ন্ মোক্ষমশ্নুতে॥ ৫৯॥
অষ্টপত্রং বিকসিতং হৃৎপদ্মং তত্র সংস্থিতম্।
দিব্যধ্বজাতপত্রৈস্তু চিহ্নিতং চরণদ্বয়ং॥ ৬০॥

ক্লীমোঙ্কারস্যৈকত্বমিতি ক্লীমোঙ্কারয়োঃ ঐক্যত্বং ব্রহ্মবাদিনঃ বদন্তি অতঃ তৎ পঠ্যতে বীজাদ্যঃ সমন্ত্র ইত্যর্থঃ। উক্তগোপালভজনং মথুরায়ামতিশয়েন ঝটিতি মোক্ষফলদমিত্যাহ মথুরায়ামিতি। মথুরায়া মাং ধ্যায়ন্ বিশ্বাকারেণ সংস্থিতঃ কিং পুনর্ব্বক্তব্যং চতুর্দ্ধা সংস্থিতঃ বিশেষেণ শীঘ্রং মোক্ষং প্রাপ্নোতীত্যর্থঃ॥ ৫৯॥

মাং ধ্যায়ন্ ইত্যনেন সূচিতং ধ্যানং বিশদয়তি অষ্টপত্রং বিকসিত হৃৎপদ্মং তত্র সংস্থিতং দিব্যধ্বজাতপত্রৈস্তু চিহ্নিতং চরণদ্বয়মিতি। অষ্টপত্রবিকশিত-হৃদয়কমল-সংস্থিতং মাং নিত্যং ধ্যায়েদিত্যগ্রে তেন সম্বন্ধঃ তত্রাদৌ দিব্যধ্বজাতপত্রৈঃ চিহ্নিতং চরণদ্বয়ং ধ্যায়েৎ॥ ৬০॥

ব্রহ্মজ্ঞানী পণ্ডিতগণ ক্লীঁ এই বীজ ও প্রণব এই উভয়ের ঐক্য প্রতিপাদন করিয়া থাকেন। অতএব ক্লীঁবীজাদি মন্ত্র পাঠ করিবে। আ আমি মথুরাতে চতুর্ব্ব্যূহরূপে অধিষ্ঠিত আছি; সুতরাং মথুরাতে ভজন করিলেই ঝটিতি ফললাভ হইয়া থাকে। যে ব্যক্তি মথুরাতে আমাকে ধ্যান করে, সেই ব্যক্তি মোক্ষফল পাইতে পারে॥ ৫৯॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে, মথুরাতে আমাকে ধ্যান করিলে মুক্তিলাভ করিতে পারে, এইক্ষণ কিরূপে ধ্যান করিবে, তাহাই সবিস্তর বর্ণিত হইতেছে।—এইরূপ চিন্তা করিতে হইবে যে, হৃদয়মধ্যে বিকশিত অষ্টদলপদ্ম আছে, আমি সেই হৃদয়স্থিত অষ্টদলপদ্মে অধিষ্ঠিত আছি এবং আমার চরণকমল ধ্বজছত্রাদিচিহ্নে চিহ্নিত আছে। প্রথমে এইরূপে আমার স্বরূপচিন্তা করিবে॥ ৬০॥

শ্রীবৎসলাঞ্ছনং হৃৎস্থং কৌস্তুভং প্রভয়া যুতম্।
চতুর্ভুজং শঙ্খচক্রশার্ঙ্গপদ্মগদান্বিতম্ ॥ ৬১ ॥
সুকেয়ূরান্বিতং বাহুং কণ্ঠং মালাসুশোভিতম্।
দ্যুমৎকীরীটং বলয়ং স্ফুরন্মকরকুণ্ডলম্ ॥ ৬২ ॥
হিরণ্ময়ং সৌম্যতনুং স্বভক্তায়াভয়প্রদম্।
ধ্যায়েন্মনসি মাং নিত্যং বেণুশৃঙ্গধরং তু বা ॥ ৬৩ ॥

হৃৎস্থং শ্রীবৎসলাঞ্ছনং প্রভয়া যুতং চ কৌস্তুভং ধ্যায়েৎ। চতুর্ভুজং চতুর্ভির্গুণিতং ভুজং শঙ্খচক্রগদাশার্ঙ্গপদ্মান্বিতং ধ্যায়েৎ। শার্ঙ্গপদ্মযো-রেককরে স্থিতিরিতি বোধ্যম্। তেন করচতুষ্টয়ে পঞ্চধারণমুপপন্নম্ ॥ ৬১ ॥

বাহুং চ সুকেয়ূরৈঃ অঙ্গদৈঃ অন্বিতং ধ্যায়েৎ। বাহুমিত্যেকবচনং জাত্যভিপ্রায়েণ। তথা কণ্ঠং মালাসুশোভিতং ধ্যায়েৎ। তথা দ্যুমন্ দীপ্তিমান্ কিরীটঃ মুকুটঃ তং স্মরেৎ। তথা স্ফুরন্তী মকরাকারে কুণ্ডলে তয়োর্দ্বয়মিত্যর্থঃ ॥ ৬২ ॥

হিরণ্ময়ং দেদীপ্যমানং বিষ্ণুং তথা সৌম্যতনুং প্রসন্নমধুরাকৃতিং স্বভ-ক্তায় স্বভক্তেভ্যঃ অভয়প্রদং মোক্ষদম্ ইত্যর্থঃ। অথবা দ্বিভুজং ধ্যায়ে-দিত্যাহ বেণুশৃঙ্গধরং তু বেতি ॥ ৬৩ ॥

আর আমার বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্নিত অতি সমুজ্জ্বল কৌস্তুভমণি আছে এবং হস্তচতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা, শার্ঙ্গ ও ধনু এই পঞ্চ অস্ত্র বিদ্য-মান রহিয়াছে, অতএব কৌস্তুভান্বিতবক্ষঃ এবং শঙ্খ, চক্র, গদা, শার্ঙ্গ ও পদ্মধারীরূপে আমার ধ্যান করিবে ॥ ৬১ ॥

আমার বাহুচতুষ্টয় অঙ্গদে বিভূষিত ও কণ্ঠদেশ বনমালাদ্বারা সুশো-ভিত এবং আমার শীর্ষদেশে সাতিশয় প্রভাশালী মুকুট ও কর্ণযুগলে মকরাকৃতি কুণ্ডল রহিয়াছে, অতএব আমাকে উক্তরূপে চিন্তা করিতে হইবে ॥ ৬২ ॥

আমার শরীর হিরণ্ময়, অর্থাৎ প্রতপ্ত সুবর্ণের ন্যায় দেদীপ্যমান, মূর্ত্তি অতি প্রশান্ত। এই মূর্ত্তি দর্শন করিলেই ভক্তগণের ভয় বিদূরিত হয়,

মথ্যতে তু জগৎসর্ব্বং ব্রহ্মজ্ঞানেন যেন বা।
তৎসারভূতং যদ্যস্যাং মথুরা সা নিগদ্যতে॥ ৬৪॥
অষ্টদিক্‌পালিভির্ভূমিঃ পদ্মং বিকসিতং জগৎ।
সংসারার্ণবং সঞ্জাতং সেবিতং মম মানসে॥ ৬৫॥
চন্দ্রসূর্য্যত্বিষো দিব্যধ্বজা মেরুর্হিরণ্ময়ঃ।

অথ মথুরাশব্দার্থমাহ। মথ্যতে সর্ব্বং জগৎ অনেনেতি মথং ব্রহ্মজ্ঞানং গোপালস্বরূপস্য ব্রহ্মজ্ঞানেন মদনগোপালস্বরূপেণ বা ইতি সম্বন্ধঃ। যৎ অধিষ্ঠানং হি সম্যক্ জ্ঞানং জগদ্ভ্রমং নিবর্ত্তয়তি তৎসারভূতং যস্যাং সা মথুরা পুরীত্যর্থঃ॥ ৬৪॥

হৃদয়স্থিতং বিকসিতমষ্টপত্রং পদ্মং ব্যাকরোতি অষ্টদিক্‌পালিভিরিতি। অষ্টদিক্‌পালৈরেব পত্রৈঃ সেবিতং পদ্মং মম মানসে অন্তঃকরণে বিকসিতং সৎ ভূমিঃ এব জগৎ জগদাশ্রয়ং সংসারার্ণবং সঞ্জাতং উৎপন্নমিত্যর্থঃ॥ ৬৫॥

দিব্যধ্বজাতপত্রৈশ্চিহ্নিতং চরণদ্বয়ং ব্যাকরোতি চন্দ্রসূর্য্যত্বিষ ইতি।

অথবা বেণু ও শৃঙ্গধারী আমার দ্বিভুজমূর্ত্তি সর্ব্বদা মনে মনে চিন্তা করিবে॥ ৬৩॥

এইক্ষণ ভগবান্ ব্রহ্মার নিকট মথুরাশব্দের ব্যুৎপত্তিলভ্য অর্থ কহিতেছেন।—ব্রহ্মন্! যেমন দধিমন্থন করিলে তাহার সারভূত নবনীত উৎপন্ন হয়, সেইরূপ ব্রহ্মজ্ঞানরূপদণ্ডদ্বারা ব্রহ্মাণ্ডমন্থনে জগতের সারভূত মদনগোপালমূর্ত্তি এইস্থানে আবির্ভূত হইয়াছিল, সুতরাং ইহার মথুরা নাম হইয়াছে॥ ৬৪॥

আমি যাহা সর্ব্বদা মনে মনে চিন্তা করিয়া থাকি, সেই হৃদয়স্থিত অষ্টদলপদ্মই জগতের আশ্রয় এবং উহা সংসারসাগর হইতে উৎপন্ন হইয়াছে। ঐ পদ্ম সর্ব্বদা বিকশিত এবং ইহাকে সর্ব্বদা অষ্টদিকে অষ্টদিক্‌পাল সেবা করিতেছেন॥ ৬৫॥

ইতিপূর্ব্বে উক্ত হইয়াছে যে, শ্রীকৃষ্ণের চরণ ধ্বজছত্রাদিচিহ্নে চিহ্নিত,

আতপত্রং ব্রহ্মলোকমধোর্দ্ধং চরণং স্মৃতম্ ॥ ৬৬ ॥
শ্রীবৎসঞ্চ স্বরূপঞ্চ বর্ত্ততে লাঞ্ছনৈঃ সহ।
শ্রীবৎসলাঞ্ছনং তস্মাৎ কথ্যতে ব্রহ্মবাদিভিঃ ॥ ৬৭ ॥
যেন সূর্য্যাগ্নিবাক্চক্রং তেজসা স্বস্বরূপিণা।
বর্ত্ততে কৌস্তুভাখ্যং হি মণিং বদন্তীশমানিনঃ ॥ ৬৮ ॥

চন্দ্রসূর্য্যত্বিষঃ এব দিব্যাঃ ধ্বজাঃ। মেরুরিতি মেরুঃ পর্ব্বতঃ স এব হিরণ্ময়ঃ ছত্রদণ্ডঃ আতপত্রমিতি। ব্রহ্মলোকং এব আতপত্রং দণ্ডস্থানীয় মেরূপরি বর্ত্তমানত্বাৎ অধোর্দ্ধমিতি। ব্রহ্মাণ্ডস্য অধঃ ঊর্দ্ধং চরণং চরণ-দ্বয়ং স্মৃতম্ ইত্যর্থঃ। অধোর্দ্ধমিতি সন্ধিঃ চরণমিতি ক্লীবত্বঞ্চ ছান্দ-সম্ ॥ ৬৬ ॥

শ্রীবৎসলাঞ্ছনশব্দার্থমাহ। ব্রহ্মবাদিভিঃ তস্মাৎ হেতোঃ শ্রীবৎসলাঞ্ছনং কথ্যতে যস্মাৎ লাঞ্ছনৈঃ সহিতং শ্রীবৎসং শ্রীবল্লভং স্বরূপম্ এব পরমেশ্বরস্য বর্ত্ততে ইত্যর্থঃ। আহিতাগ্ন্যাদিত্বাৎ শ্রীবৎসশব্দস্য পূর্ব্বনিপাতঃ। ৬৭ ॥

কৌস্তুভশব্দার্থমাহ যেন সূর্য্যাগ্নিবাগিতি। কঃ অর্কঃ অঃ বাকঃ ঔঃ চন্দ্রাগ্নী ইত্যস্য একস্য একদেশসাম্যাৎ অকারস্তবর্ণসাম্যাৎ বাক্ এতৎ-

---

এইক্ষণ তাহাই সবিস্তর বর্ণিত হইতেছে।—চন্দ্র ও সূর্য্যেতে যে দীপ্তি দৃষ্ট হয়, ইহাই শ্রীকৃষ্ণের চরণস্থ ধ্বজ। সুমেরু পর্ব্বত ছত্রের হিরণ্ময়দণ্ড, ব্রহ্ম-লোক ছত্র, যেহেতু দণ্ডরূপী সুমেরুর উপরি ব্রহ্মলোক বিদ্যমান আছে। আর ঐ ব্রহ্মলোকের উর্দ্ধ ও অধোদেশই তাহার চরণদ্বয় ॥ ৬৬ ।

পূর্ব্বে "শ্রীবৎসলাঞ্ছন" এই শব্দ উক্ত হইয়াছে, এইক্ষণ ভগবান্ নারায়ণ ব্রহ্মার নিকট সেই শ্রীবৎসলাঞ্ছনশব্দের অর্থ বর্ণন করিতেছেন।—যেহেতু নারায়ণ লাঞ্ছন, অর্থাৎ শুক্লবর্ণ চন্দ্রাকৃতি লোমচিহ্নের সহিত পরমেশ্বর বর্ত্তমান আছেন, অতএব ব্রহ্মবাদীরা তাঁহাকে শ্রীবৎসলাঞ্ছন বলিয়া থাকেন ॥ ৬৭ ॥

এইক্ষণ কৌস্তুভশব্দের প্রকৃতার্থ বিস্তার করিতেছেন।—যিনি সূর্য্য,

সত্ত্বং রজস্তম ইতি অহঙ্কারশ্চতুর্ভুজঃ।
পঞ্চভূতাত্মকং শঙ্খং করে রজসি সংস্থিতম্॥ ৬৯॥
বালস্বরূপমত্যন্তং মনশ্চক্রং নিগদ্যতে।
আদ্যা মায়া ভবেচ্ছার্ঙ্গং পদ্মং বিশ্বং করে স্থিতম্॥ ৭০॥

সর্ব্বং স্তোভতি পরতন্ত্রতয়া যেন স্বস্বরূপিণা তেজসা প্রবর্ত্তে তং চিৎস্বরূপমেব ঈশমানিনঃ ঈশ্বরারাধকাঃ কৌস্তভাখ্যং মণিং বদন্তি॥ ৬৮॥

চতুর্গুণিতং ভুজং বিবৃণোতি সত্ত্বং রজস্তম ইতি অহঙ্কারশ্চতুর্ভুজ ইতি। গুণত্রয়ম্ অহঙ্কারঃ চ ইতি চতুর্ভুজঃ ইত্যর্থঃ। গুণক্রমেণ সত্ত্বস্যাদৌ নির্দ্দিষ্টত্বেঽপি আয়ুধক্রমমনুরুধ্যাদৌ রজঃকরস্থিতং শঙ্খং বিবৃণোতি পঞ্চভূতাত্মকমিতি। পঞ্চভূতাত্মকং শঙ্খং রজোগুণরূপে করে সংস্থিতং বুধা বিদুঃ। রজোগুণজন্যক্রিয়োৎপাদ্যত্বাদিত্যর্থঃ॥ ৬৯॥

বালস্বরূপমিতি। অত্যন্তং যঃ বালঃ তদ্বদ্বিশুদ্ধং মনঃ এব সত্ত্বাখ্যে করে স্থিতং চক্রং নিগদ্যতে ইতি। আদ্যা জগন্মূলকারণং মায়া সা এব শার্ঙ্গং বিশ্বাখ্যং পদ্মং চ তমোগুণলক্ষণে-করে স্থিতং নিগদ্যতে তমোগুণায়ত্তস্থিতিকত্বাৎ॥ ৭০॥

অগ্নি, চন্দ্র ও বাক্য ইহাদিগকে স্বস্ব তেজের সহিত বর্ত্তমান রাখিয়াছেন, ঈশ্বরতত্ত্বজ্ঞ পণ্ডিতগণ তাহাকে কৌস্তভমণি বলিয়া থাকেন॥ ৬৮॥

কৃষ্ণের চতুর্ভুজরূপ চিন্তা করিবে. ইহাই পূর্ব্বে উক্ত হইয়াছে, এক্ষণ সেই ভুজচতুষ্টয় সবিস্তর বর্ণন করিতেছেন।—সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয় এবং অহঙ্কার, ইহারাই শ্রীকৃষ্ণের চারি হস্ত এবং পঞ্চভূতাত্মক শঙ্খ, তাঁহার রজোগুণাত্মক করে অবস্থিত আছে॥ ৬৯॥

বালস্বরূপ মনই তাঁহার সত্ত্বরূপী করে অবস্থিত আছে, উহাকেই চক্র বলিয়া থাকে, আর জগতের মূলকারণরূপা মায়া তমোগুণরূপী করে বিদ্যমান আছে, তাহাকেই শার্ঙ্গ বলা যায়. আর ঐ করেই বিশ্বাখ্যপদ্ম বিদ্যমান আছে॥ ৭০॥

আদ্যা বিদ্যা গদা বেদ্যা সর্ব্বদা মে করে স্থিতা।
ধর্ম্মার্থকামকেয়ূরৈর্দিব্যৈর্দ্দিব্যমহীরিতৈঃ ॥ ৭১ ॥
কণ্ঠন্তু নির্গুণং প্রোক্তং মাল্যতে আদ্যয়াজয়া।
মালা নিগদ্যতে ব্রহ্মংস্তব পুত্রৈস্তু মানসৈঃ ॥ ৭২ ॥

আদ্যা বিদ্যেতি আৎ প্রসন্নাৎ বিষ্ণোঃ ভক্তানাং হৃদি সংসারনিরসনায়াবির্ভবতীতি প্রসিদ্ধা যা আদ্যা বিদ্যা ব্রহ্মাহমস্মীতি বিদ্যা সৈব গদা বেদ্যা সর্ব্বদা মে মম করে অহঙ্কারাখ্যে স্থিতা অহং বৃত্তিরূপত্বাৎ। কেয়ূরৈরন্বিতং বাহুং বিবৃণোতি ধর্ম্মার্থকামেতি। পুরুষার্থত্রয়লক্ষণৈঃ কেয়ূরৈঃ অন্বিতম্ ইত্যর্থঃ। কীদৃশৈঃ কেয়ূরৈঃ দিব্যমহ্যাম্ ঈরিতৈঃ প্রবর্ত্তিতৈঃ। ৭১ ॥

কণ্ঠমালাসুশোভিতমিতি ব্যাকরোতি কণ্ঠন্বিত। প্রোক্তং প্রাগুক্তং কণ্ঠং নির্গুণং ব্রহ্ম জানীয়াৎ ইতি শেষঃ। তৎ ব্রহ্ম আদ্যয়া অজয়া মায়য়া মাল্যতে প্রপঞ্চাভরণেন ভূষ্যতে অতো হেতোঃ তব মানসৈঃ পুত্রৈঃ সনকাদিভিঃ তু আদ্যা মায়া মালা নিগদ্যতে ইত্যর্থঃ ॥ ৭২ ॥

এইক্ষণ শ্রীকৃষ্ণ ব্রহ্মার নিকট গদা ও কেয়ূরের বিশেষ বিশেষ বিবরণ করিতেছেন।—বিষ্ণুভক্তের সংসারনিবৃত্তির নিমিত্ত তাহাদিগের হৃদয়ে যে "অহং ব্রহ্মাস্মি" এইরূপ বিদ্যা হয়, তাহাই গদারূপে সর্ব্বদা আমার অহঙ্কারাখ্য করে বিদ্যমান আছে, আর ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবিধ পুরুষার্থরূপী দিব্য কেয়ূরদ্বারা আমার বাহু বিভূষিত হইয়াছে। ঐ ধর্ম্মাদিই পৃথিবীতে প্রবর্ত্তিত হইয়াছে ॥ ৭১ ॥

পূর্ব্বে শ্রীকৃষ্ণ স্বয়ং বলিয়াছেন যে, আমার কণ্ঠ বনমালায় বিভূষিত আছে, এইক্ষণ সেই মালার বিশেষ বিবরণ করিতেছেন।—পূর্ব্বোক্ত নির্গুণ ব্রহ্মকেই কণ্ঠ বলিয়া জানিবে। আর সেই কণ্ঠ আদ্য অজয়া মায়া, অর্থাৎ প্রপঞ্চরূপ আভরণদ্বারা বিভূষিত আছে, হে ব্রহ্মন্! এই নিমিত্তই তোমার মানসপুত্র সনকাদিরা সেই আদ্যা অবিদ্যাকে মালা বলিয়াছেন ॥ ৭২ ॥

কূটস্থং সৎস্বরূপঞ্চ কিরীটং প্রবদন্তি মাং।
ক্ষরোত্তমং প্রস্ফুরন্তং কুণ্ডলং যুগলং স্মৃতং ॥ ৭৩ ॥
ধ্যায়েন্মম প্রিয়ো নিত্যং স মোক্ষমধিগচ্ছতি।
স মুক্তো ভবতি তস্মৈ আত্মানং দদামি বৈ ॥ ৭৪ ॥

দ্ব্যমৎকিরীটমিতি ব্যাকরোতি বুধাঃ কূটস্থং সৎস্বরূপং মাং কিরীটং প্রবদন্তি সর্ব্বশ্রেষ্ঠত্বাদিতি শেষঃ। স্ফুরন্মকরকুণ্ডলমিতি ব্যাকরোতি ক্ষরোত্তমমিতি। ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি স্থিরজঙ্গমানি উত্তমঃ জীবশ্চ এতৎ যুগলং দ্বয়ং স্মৃতং প্রসিদ্ধং কুণ্ডলং প্রবদন্তি ইতি সম্বন্ধঃ ॥ ৭৩ ॥ কুণ্ডলান্তর্ব্বিশিষ্টস্বরূপধ্যানফলমাহ ধ্যায়েদিতি। যঃ কুণ্ডলান্তর্ব্বিশিষ্টং মাং ধ্যায়েৎ স মোক্ষমধিগচ্ছতি। মোক্ষস্তু সর্ব্বানর্থনিবৃত্তিরূপঃ পরমানন্দাবাপ্তিশ্চেতি ব্যাকরোতি। স মুক্তো ভবতি তস্মৈ আত্মানং দদামীতি দ্বিতীয়পাদঃ ছান্দসত্বাৎ সপ্তাক্ষরঃ। স উক্তো ধ্যাতা অবিদ্যা কামকর্ম্মভ্যো বিমুক্তো ভবতি অহং তস্মৈ আত্মানং সদানন্দরূপং দদামি ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

ব্রহ্মন্! আমিই কূটস্থ সৎস্বরূপব্রহ্ম এবং সকলের শ্রেষ্ঠ, এই নিমিত্ত ব্রহ্মবাদী পণ্ডিতগণ আমাকেই কিরীট বলিয়া থাকেন, আর স্থাবর ও জঙ্গমপ্রভৃতি সর্ব্বভূত এবং জীব, এই উভয়ই আমার উভয় কর্ণে কুণ্ডলরূপে বিদ্যমান আছে ॥ ৭৩ ॥

এইক্ষণ পূর্ব্বোক্ত কুণ্ডলান্তবিশিষ্ট মূর্ত্তি ধ্যানের ফল কহিতেছেন।—পদ্মযোনে! যে সাধক ভক্তিসহকারে আমার কুণ্ডলান্তসমন্বিতমূর্ত্তি ধ্যান করে, যে আমার প্রিয়তম হয়, সর্ব্বপ্রকার অনর্থনিবৃত্তি ও পরমানন্দপ্রাপ্তিরূপ মোক্ষলাভ করে, সেই সাধক অবিদ্যা কামকর্ম্ম হইতে মুক্ত হইয়া থাকে এবং আমি সেই প্রিয়তম ভক্তকে পরমানন্দস্বরূপ আত্মজ্ঞান প্রদান করি ॥ ৭৪ ॥

এতৎসর্ব্বং ভবিষ্যদ্ বৈ ময়া প্রোক্তং বিধে তব।
স্বরূপং দ্বিবিধঞ্চৈব সগুণং নির্গুণাত্মকম্ ॥ ৭৫ ॥

স হোবাচাব্জযোনিঃ ব্যক্তানাং মূর্ত্তীনাং প্রোক্তানাং কথং ত্বাভরণানি ভবন্তি কথং বা দেবা যজন্তি রুদ্রা যজন্তি ব্রহ্মা যজন্তি ব্রহ্মজা যজন্তি বিনায়কা যজন্তি দ্বাদশাদিত্যা যজন্তি বসবো যজন্তি অপ্সরসো যজন্তি

উক্তং ধ্যানমুপসংহরতি এতৎসর্ব্বমিতি স্পষ্টং ॥ ৭৫ ॥

স হোবাচেতি প্রাগুক্তমূর্ত্তীনামাভরণযজনবিধিং জিজ্ঞাসুঃ সঃ হ অব্জযোনিঃ ইতি উবাচ ইত্যর্থঃ। ব্যক্তানাং মূর্ত্তীনামিতি প্রাগুক্তদ্বাদশমূর্ত্তিষু ব্যক্তানাং মূর্ত্তীনাং তু কথম্ আভরণানি ভবন্তি। কথং বা দেবা যজন্তি রুদ্রা যজন্তি ব্রহ্মা যজন্তি ব্রহ্মজা যজন্তি বিনায়কা যজন্তি দ্বাদশাদিত্যা যজন্তি বসবো যজন্তি অপ্সরসো যজন্তি গন্ধর্ব্বা যজন্তি ইতি স্পষ্টং।

পদ্মযোনে! তোমার নিকট এই সকল ভবিষ্যদ্বিষয় কীর্ত্তন করিলাম এবং পূর্ব্বেও তোমাকে বলিয়াছি। বাস্তবিক সগুণনির্গুণভেদে আমার দ্বিবিধ মূর্ত্তি আছে ॥ ৭৫ ॥

কমলাসন নারায়ণের নিকট উল্লিখিত ধ্যান শ্রবণ করিয়া পুনর্ব্বার কিরূপে উক্ত মূর্ত্তিকে আভরণপ্রদান এবং কিরূপেই বা তাঁহার ধ্যান-পূজাদি করিবে, এই সমুদায় পরিজ্ঞানমানসে নারায়ণদেবকে জিজ্ঞাসা করিলেন।—ভগবন্! কিরূপে তোমার পূর্ব্বোক্ত ব্যক্ত মূর্ত্তির আভরণ হইতে পারে? দেবগণ তোমার কোন্ মূর্ত্তির পূজা করিবেন? রুদ্রগণ তোমার কোন্ মূর্ত্তির অর্চ্চনা করেন? ব্রহ্মাই বা তোমার কোন্ মূর্ত্তির আরাধনা করেন? সনকাদি ব্রহ্মতনয়গণ তোমার কোন্ মূর্ত্তির সেবা করেন? বিনায়কগণ তোমার কোন মূর্ত্তির যজন করেন? দ্বাদশ আদিত্য তোমার কোন্ মূর্ত্তির অর্চ্চনা করেন? বসুগণ তোমার কোন্ মূর্ত্তির পূজা করেন? অপ্সরোগণ তোমার কোন্ মূর্ত্তির সেবা করেন? গন্ধর্ব্বগণ

গন্ধর্ব্বা যজন্তি স্বপদানুগান্তর্দ্ধানে তিষ্ঠতি কা কাং মনুষ্যা যজন্তি ॥ ৭৬ ॥

স হোবাচ তং হি বৈ নারায়ণো দেব আদ্যা অব্যক্তা দ্বাদশমূর্ত্তয়ঃ সর্ব্বেষু লোকেষু সর্ব্বেষু দেবেষু সর্ব্বেষু মনুষ্যেষু তিষ্ঠন্তি ॥ ৭৭ ॥

কথং যজন্তি কাং চ যজন্তি ইত্যর্থঃ। স্বপদানুগতা চ কা অন্তর্দ্ধানে চ কা তিষ্ঠতি ইতি প্রশ্নার্থঃ। কাং মনুষ্যা ইতি? যজন্তি কাং মূর্ত্তিং মনুষ্যাঃ কথং চ ইত্যর্থঃ ॥ ৭৬ ॥

স হোবাচেতি সঃ এব ব্রহ্মণা পৃষ্টঃ নারায়ণঃ দেবঃ তং ব্রহ্মাণং নিশ্চিতম্ উত্তরম্ উবাচ ইত্যর্থঃ। অত্রাব্যক্তমূর্ত্তীনাং কথমাভরণানি ভবন্তি ইত্যেকঃ প্রশ্নঃ। কথং দেবা যজন্তি ইতি দ্বিতীয়ঃ কাং মূর্ত্তিং কে যজন্তি ইতি তৃতীয়ঃ প্রশ্নো বাশব্দাদভিমতঃ। তত্র আদ্যপ্রশ্নে মূর্ত্তীনামব্যক্তত্বান্নাভরণানি বক্তব্যানি ইত্যুত্তরমভিপ্রেত্যাহ আদ্যা অব্যক্তা দ্বাদশ মূর্ত্তয়ঃ সর্ব্বেষু লোকেষু সর্ব্বেষু দেবেষু সর্ব্বেষু মনুষ্যেষু তিষ্ঠন্তীতি। আদ্যাঃ অনাদয়ঃ ইত্যর্থঃ শেষং স্পষ্টম্ ॥ ৭৭ ॥

তোমার কোন্ মূর্ত্তির আরাধনা করেন? তোমার কোন্ মূর্ত্তির স্বস্ব পদের অনুগামিনী এবং অন্তর্ধানেই বা কোন্ মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে? আর মনুষ্যগণই বা কিরূপে তোমার কোন্ মূর্ত্তির পূজা করিয়া থাকে? ॥ ৭৬ ॥

পূর্ব্বশ্রুতিতে ব্রহ্মা নারায়ণের নিকট তিনটি প্রশ্ন করিয়াছিলেন যে, কিরূপে অব্যক্তমূর্ত্তি সকলের আভরণ হইতে পারে? দেবাদিরা কি প্রকারে ঐ সকল মূর্ত্তির পূজা করিয়া থাকেন? এবং কে কে নারায়ণের কোন কোন মূর্ত্তির অর্চ্চনা করেন। এইক্ষণ নারায়ণ ব্রহ্মার সেই সকল প্রশ্নের উত্তরপ্রদানার্থ প্রথম প্রশ্নের উত্তর কহিতেছেন।—পূর্ব্বোক্ত দ্বাদশ মূর্ত্তিই অব্যক্ত, অনাদি ও নিত্য; সুতরাং তাহাদিগের আভরণ হইতে পারে না। ঐ সকল মূর্ত্তি, সকল লোকে, সমস্ত দেবতাতে এবং যাবতীয় মনুষ্যে প্রতিষ্ঠিত আছে ॥ ৭৭ ॥

রুদ্রেষু রৌদ্রী ব্রহ্মণ্যেবং ব্রাহ্মী দেবেষু দৈবী মানবেষু মানবী বিনায়কেষু বিঘ্ননাশিনী আদিত্যেষু জ্যোতি-

---

কাং মূর্ত্তিং কে যজন্তি ইতি তৃতীয়প্রশ্নস্যোত্তরং সংজ্ঞাকীর্ত্তনেন বদন্নেব সর্ব্বেষু দেবেষু তিষ্ঠন্তি ইত্যেতদ্বিবৃণোতি রুদ্রেষু রৌদ্রী ব্রহ্মণ্যেবং ব্রাহ্মী দেবেষু দৈবী মানবেষু মানবী বিনায়কেষু বিঘ্ননাশিনী আদিত্যেষু জ্যোতিঃ গন্ধর্ব্বেষু গান্ধর্ব্বী অপ্সরঃস্বেবং গৌর্ব্বসুষ্বেবং কাম্যা অন্তর্দ্ধানে প্রকাশিনী আবির্ভাবাতিরোভাবা স্বপদে তিষ্ঠতি তামসী রাজসী সাত্ত্বিকীতি। রুদ্রেষু দেবেষু রৌদ্রী নাম্নী মূর্ত্তিঃ তিষ্ঠতি ইতি ব্রুবতা রৌদ্রীং মূর্ত্তিং রুদ্রা যজন্তি ইতি দ্বিতীয়প্রশ্নস্য উত্তরমুক্তং ভবতি। এবং ব্রহ্মণি ব্রহ্মলোকে ব্রাহ্মী নাম্নী মূর্ত্তিঃ তিষ্ঠতি ইত্যর্থঃ। অত্রাপি ব্রাহ্মীনাম্নীং মূর্ত্তিং ব্রহ্মা যজতীতি দ্বিতীয়প্রশ্নস্যোত্তরমুক্তং ভবতি। একমন্যত্রাপি বোদ্ধব্যম্। অন্তর্দ্ধানে চ কা মূর্ত্তিস্তিষ্ঠতীত্যস্যোত্তরমাহ অন্তর্দ্ধান ইতি। প্রকাশিনী

অনন্তর কোন্ কোন্ মূর্ত্তি কে কে পূজা করেন? এই তৃতীয় প্রশ্নের উত্তরে নারায়ণ কহিতেছেন।—ব্রহ্মন্! রুদ্রলোকে আমার রৌদ্রীমূর্ত্তি প্রতিষ্ঠিত আছে, অতএব রুদ্রগণ সেই রৌদ্রীমূর্ত্তির অর্চ্চনা করেন। এইরূপে ব্রহ্মলোকে ব্রাহ্মীমূর্ত্তি আছে, এই নিমিত্ত ব্রহ্মলোকবাসীরা ব্রাহ্মীমূর্ত্তির, দেবলোকে দৈবীমূর্ত্তি আছে, এইহেতু দেবগন দৈবীমূর্ত্তির, মনুষ্যলোকে মানবী মূর্ত্তি আছে, অতএব মানবগণ মানবী মূর্ত্তির, বিনায়কলোকে বিঘ্ননাশিনী মূর্ত্তি আছে, এই নিমিত্ত বিনায়কগণ বিঘ্ননাশিনী মূর্ত্তির, আদিত্যলোকে জ্যোতির্ম্ময়ী মূর্ত্তি আছে, এইহেতু আদিত্যগণ সেই জ্যোতির্ম্ময়ী মূর্ত্তির, গন্ধর্ব্বলোকে গান্ধর্ব্বী মূর্ত্তি আছে, অতএব গন্ধর্ব্বগণ গান্ধর্ব্বী মূর্ত্তির, অপ্সরোলোকে গোমূর্ত্তি আছে, এইহেতু অপ্সরোগণ গোমূর্ত্তির এবং বসুলোকে কাম্যা মূর্ত্তি আছে, অতএব বসুগণ কাম্যা মূর্ত্তির অর্চ্চনা করিয়া থাকেন। আর প্রকাশিনী মূর্ত্তি অন্তর্ধ্যানে প্রতিষ্ঠিত

গন্ধর্ব্বেষু গান্ধর্ব্বী অপ্সরঃস্বেবং গোর্ব্বিশ্বষ্বেবং কাম্যা অন্তর্দ্ধানে প্রকাশিনী ॥ ৭৮ ॥

আবির্ভাবাতিরোভাবা স্বপদে তিষ্ঠতি তামসী রাজসী সাত্ত্বিকী মানুষী বিজ্ঞানঘন আনন্দঘনসচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতি ॥ ৭৯ ॥

নাম্নী মূর্ত্তিঃ অন্তর্দ্ধানে তিরোধানে তিষ্ঠতি প্রকাশপূর্ব্বকত্বাত্তিরোধানস্যেত্যর্থঃ ॥ ৭৮ ॥

কা স্বপদানুগা ইত্যস্যোত্তরমাহ। আবির্ভাবো বিদ্যতে যস্যাঃ সা আবির্ভাবা ন বিদ্যতে তিরোভাবো যস্যাঃ সা অতিরোভাবা আবির্ভাবা চাসৌ অতিরোভাবা চ আবির্ভাবাতিরোভাবা এতন্নাম্নী মূর্ত্তিঃ স্বপদে কৈলাসসত্যলোকবৈকুণ্ঠলোকাখ্যে তিষ্ঠতি ইত্যর্থঃ। তস্যাস্ত্রৈবিধ্যমাহ তামসী রাজসী সাত্ত্বিকীতি। মানুষী কুত্র তিষ্ঠতি ইত্যস্যোত্তরমাহ মানুষী বিজ্ঞানঘন আনন্দঘনঃ সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতীতি। বিজ্ঞানঘনানন্দঘননাম্নী মানুষী মনুষ্যাঃ প্রসিদ্ধা মূর্ত্তিং সচ্চিদানন্দৈকরসঃ যঃ ভক্তিযোগঃ তত্রতিষ্ঠতীত্যর্থঃ ॥ ৭৯ ॥

আছে। এইরূপ অন্যান্য লোকে আমার অন্যান্য মূর্ত্তি আছে, অতএব সেই সেই লোকে সেই সেই মূর্ত্তির অর্চ্চনা হইয়া থাকে ॥ ৭৮ ॥

পূর্ব্বে ব্রহ্মা প্রশ্ন করিয়াছেন যে, স্বপদানুগা মূর্ত্তি কে? নারায়ণ ব্রহ্মার এই প্রশ্নের উত্তরে বলিতেছেন,—যাঁহার আবির্ভাব আছে, অথচ তিরোভাব নাই, সেই মূর্ত্তিই স্বপদানুগা। উক্ত মূর্ত্তি তামসীরূপে কৈলাসে, রাজসীরূপে সত্যলোকে এবং সাত্ত্বিকীরূপে বৈকুণ্ঠে বিদ্যমান আছে। আর তামসী মূর্ত্তি বিজ্ঞানঘন, রাজসী মূর্ত্তি, অনন্দঘন এবং সাত্ত্বিকী মূর্ত্তি সচ্চিদানন্দৈকরসস্বরূপে অর্থাৎ ভক্তিযোগেতে এই সকল মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে ॥ ৭৯ ॥

ওঁ প্রাণাত্মনে ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ প্রাণাত্মনে নমো নমঃ ॥ ৮০ ॥

ওঁ শ্রীকৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় ওঁ তৎসদ্-ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮১ ॥

ওঁ অপানাত্মনে ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ অপানাত্মনে বৈ নমো নমঃ ॥ ৮২ ॥

ওঁ কৃষ্ণায় রামায় প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৩ ॥

ওঁ ব্যানাত্মনে ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ ব্যানাত্মনে বৈ নমো নমঃ ॥ ৮৪ ॥

কে কিরূপে পূজা করিবে? এই প্রশ্নের উত্তর প্রসঙ্গে বলিতেছেন।—যিনি প্রাণবায়ুর অন্তর্য্যামীরূপে বর্ত্তমান আছেন, ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূঃ, ভুবঃ ও স্বঃ এই লোকত্রয় যাঁহার বিভব, সেই প্রাণাত্মক দেবকে নমস্কার করি। ৮০ ॥

যিনি শ্রীকৃষ্ণ, গোবিন্দ ও গোপীজনের বল্লভ, ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক যাঁহার বিভব, সেই গোপাল দেবকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮১ ॥

যিনি অপান বায়ুর অন্তর্য্যামীরূপে বিদ্যমান আছেন, যিনি ওঁ তৎ-সৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক যাঁহার বিভব, সেই গোপাল দেবকে বারম্বার নমস্কার করি ॥ ৮২ ॥

যিনি কৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ এই চতুর্ব্যূহরূপে বিদ্যমান আছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক, যাঁহার বিভূতি, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮৩ ॥

যিনি ব্যানবায়ুর অন্তর্য্যামীরূপে বিদ্যমান আছেন, যিনি ওঁ তৎসৎ

ওঁ শ্রীকৃষ্ণায় রামায় ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৫ ॥

ওঁ উদানাত্মনে ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ উদানাত্মনে নমো নমঃ ॥ ৮৬ ॥

ওঁ কৃষ্ণায় দেবকীনন্দনায় ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৭ ॥

ওঁ সমানাত্মনে ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৮ ॥

ওঁ গোপালায় অনিরুদ্ধায় নিজস্বরূপায় ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৮৯ ॥

শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক যাহার বিভূতি, তাঁহাকে বারম্বার নমস্কার করি ॥ ৮৪ ॥

যিনি শ্রীকৃষ্ণ ও বলরামরূপী, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৮৫ ॥

যিনি উদান বায়ুর অন্তর্য্যামিরূপে বিদ্যমান আছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক যাঁহার বিভব, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮৬ ॥

যিনি শ্রীকৃষ্ণরূপে দেবকীর আনন্দ বর্দ্ধন করিয়া অবতীর্ণ হইয়াছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও স্বর্লোক যাঁহার বিভব, তাঁহাকে বারম্বার নমস্কার করি ॥ ৮৭ ॥

যিনি সমান বায়ুর অন্তর্য্যামিরূপে বিদ্যমান আছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবর্লোক ও স্বর্লোক যাঁহার বিভব, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৮৮ ॥

যিনি গোপাল ও অনিরুদ্ধরূপে প্রকাশ পাইয়া স্বীয়রূপে অবতীর্ণ

ও যোঽসৌ প্রধানাত্মা গোপাল ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯০ ॥

ওঁ যোঽসাবিন্দ্রিয়াত্মা গোপাল ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯১ ॥

ওঁ যোঽসৌ ভূতাত্মা গোপালঃ ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯২ ॥

ওঁ যোঽসাবুত্তমপুরুষো গোপালঃ ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯৩ ॥

ওঁ যোঽসৌ পরব্রহ্ম গোপালঃ ওঁ তৎসদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯৪ ॥

...যাছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূর্লোক, ভুবলোক ও ...র্লাক যাঁহার বিভব, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি। ৮৯।

...যিনি পরমাত্মা, গোপালরূপী, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য ...ং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে বারম্বার নমস্কার ...ি। ৯০ ॥

...যিনি ইন্দ্রিয়গণের অধ্যক্ষ, অর্থাৎ ইন্দ্রিয় জন্য প্রত্যক্ষের আশ্রয়, ...নি গোপালরূপী, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূরাদি ...াকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে ভূয়োভূয়ঃ নমস্কার করি ॥ ৯১ ॥

...যিনি ক্ষিত্যাদি পঞ্চ মহাভূতের অন্তর্য্যামিরূপে বিদ্যমান আছেন, ...ন ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, ...ঃ পুনঃ তাঁহাকে নমস্কার করি ॥ ৯২ ॥

যিনি সর্ব্বত্র উত্তম পুরুষ বলিয়া প্রসিদ্ধ আছেন, যিনি গোপালরূপী, ...ন ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, ...হাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৯৩ ॥

যিনি পরব্রহ্ম ও গোপালরূপী, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য

ওঁ যোঽসৌ সর্ব্বভূতাত্মা গোপালঃ ওঁ তৎসদ্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯৫ ॥

ওঁ যোঽসৌ জাগ্রৎস্বপ্নসুষুপ্তিমতীত্য তুর্য্যাতীত ওঁ তৎসদ্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৯৬ ॥

ওঁ একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্ব

নম্বেকস্য কথমনেকাত্মত্বমিত্যাশঙ্ক্য তস্যৈব তত্র প্রবিষ্টত্বাদিত্য একো দেব ইতি। এক এব সর্ব্বভূতেষু গূঢ়ঃ অনুপ্রবিষ্টঃ তৎ সৃ তদেবানুপ্রাবিশৎ• ইতিশ্রুতেঃ। প্রদীপাদিবদ্দেশান্তরাদাগত্য প্রবে বারয়তি সর্ব্বব্যাপীতি। আকাশাদিতুল্যত্বং বারয়তি সর্ব্বভূতাধিব ইতি। সর্ব্বভূতানাম্ অধিবাসঃ অধিষ্ঠানং স এব কর্ত্তা স এব চ উপাদা মিত্যর্থঃ। পরিণামিতয়োপাদানত্বং বারয়তি কর্ম্মাধ্যক্ষ ইতি। কর্ম্মফ দাতেত্যর্থঃ। নৈয়ায়িকমতেশ্বরতুল্যত্বং বারয়তি সর্ব্বভূতেতি। সর্ব্ব ভূতানাং শাবকাদীনামপি অন্তরাত্মা ইত্যর্থঃ। অবিদ্যাতুল্যত্বং বারয় সাক্ষীতি। ঈক্ষণমাত্রেণৈব কর্ত্তেত্যর্থঃ। জ্ঞানবত্ত্বভ্রমং বারয়তি চেতেতি চিৎস্বরূপ ইত্যর্থঃ। নমু জ্ঞানস্বরূপশ্চেদাত্মা তদা জ্ঞানস্য বিষয়সম্ব সত্যেবোদয়ান্মোক্ষদশায়ামাত্মরূপং চৈতন্যং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ কেব

এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে বারম্বার নমস্কা করি। ৯৪ ॥

যিনি সর্ব্বভূতের অন্তরাত্মা এবং গোপালরূপী, যিনি ওঁ তৎসৎ শব্দে প্রতিপাদ্য এবং ভূরাদি লোকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে ভূয়োভূয়ঃ নম স্কার করি। ৯৫ ॥

যিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়ে বিরাট, হিরণ্যগর্ভ উপাধি ও বাসুদেবাখ্য তুরীয় উপাধি অতিক্রম করিয়া গোপালরূ প্রকাশ পাইয়াছেন, যিনি ওঁ তৎসৎ শব্দের প্রতিপাদ্য এবং ভূরা লোকত্রয় যাঁহার বিভব, তাঁহাকে পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৯৬ ।

ভগবান এক হইয়া কিরূপে সর্ব্বভূতে প্রবেশ করিলেন? ব্রহ্মার এ

দেবৈরেবং প্রার্থিতঃ প্রজাপতিঃ ওমিত্যনুজানাতি প্রার্থিতং তথেতি যথাপ্রার্থিতমুপদিশামীত্যর্থঃ। তত্র প্রথমং সংগ্রহেণানুষ্টুবাত্মনঃ প্রণবরূপতামাহ ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি। সঙ্ক্ষেপ-বিস্তারাভ্যাং হি প্রতিপাদ্যমানং বস্তু মন্দপ্রজ্ঞস্যাপি বুদ্ধাবারোহতি। যদিদমনুষ্টুম্মাত্রমিত্যুক্তং সর্ব্বকার্য্য-কারণাত্মকং জগৎ য এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভমপশ্যৎ তেনৈব সর্ব্বমিদমসৃজৎ যদিদং কিঞ্চ তস্মাৎ সর্ব্বমেবানুষ্টুভমিত্যাচক্ষতে ইত্যাদিভির্ব্বাক্যৈস্তদনুষ্টুভা সহোমিত্যেতদক্ষরম্। কুতঃ যতো বাঙ্মাত্ররূপোঽয়মোঙ্কারঃ বক্ষ্যতি হি বাগ্বা ওঙ্কার ইতি। নম্বনুষ্টুভোঽপি বাঙ্মাত্ররূপত্বমুক্তং পূর্ব্বং বাগ্বা অনুষ্টুবিতি। অনুষ্টুভাত্মকশ্চ প্রণবঃ অতঃ সার্থায়া অনুষ্টুভঃ কথং প্রণবাত্মকত্বং বিপরীতং কিং ন

দেবগণ প্রজাপতির নিকট উক্ত প্রকারে প্রার্থনা করিলে প্রজাপতি দেবগণকে অনুমতি প্রদান করিলেন, অর্থাৎ আমি তোমাদিগের প্রার্থনানুরূপ উপদেশ করিব, ইহা স্বীকার করিলেন। প্রথমতঃ অনুষ্টুপের প্রণবস্বরূপতা প্রতিপাদন করিতেছেন। প্রথমে সংক্ষেপে বর্ণনা করিয়া পরে বিস্তার রূপে প্রতিপাদন করিলে তাহা মন্দবুদ্ধি ব্যক্তিরাও বুঝিতে পারে, অতএব প্রথমে সংক্ষেপে বলিতেছেন। এই যে অনুষ্টুপ্ মাত্র উক্ত আছে, তাহাই সর্ব্ব কার্য্যকারণাত্মক জগৎ। আর যিনি এই নারসিংহ মন্ত্ররাজ জানেন, তিনিই সকল সৃষ্টি করিতে পারেন এবং এই যাহা কিছু বিদ্যমান দেখা যায়, তৎসমুদয় নারসিংহ মন্ত্ররাজ হইতে উৎপন্ন, ইত্যাদিবাক্যে জানাযায় যে, ওঁ এই অক্ষরই অনুষ্টুপের সহিত বিদ্যমান, যেহেতু এই ওঙ্কার বাঙ্মাত্ররূপী, আর ইহাও কথিত হইবে যে ওঙ্কারই বাক্য। ইহাতে যদি বল, অনুষ্টুপ্ও বাক্যমাত্রস্বরূপ বলিয়া উক্ত আছে এবং প্রণবও সেই অনুষ্টুপাত্মক, অতএব অর্থযুক্ত অনুষ্টুপের কিরূপে প্রণবাত্মকত্ব হইতে পারে এবং তাহার বিপরীতই বা কেন না

স্যাদিতি চেৎ ন অনুষ্টুভি প্রণবান্বয়-দর্শনেন প্রণবস্যানুষ্টুভং প্রতিকারণত্বোপপাদনেন পরিহৃতত্বাৎ অস্য চাদ্যস্য বাঙ্মাত্ররূপিণ্যামনুষ্টুভস্তথাবিধাৎ প্রণবাদ্ভেদ এব নাস্তীতি তস্যা অপি তদাত্মকত্বং সিদ্ধম্। যদি চ ভেদোঽস্তীত্যুচ্যতে তথাপি বাগ্বিশেষরূপয়োর্হি প্রণবানুষ্টুভোঃ প্রণবস্যৈব কারণত্বং দৃষ্টম্। তস্মাদ্বাক্যসামান্য-রূপয়োরপি তয়োস্তথৈব কার্য্যকারণভাবো যুক্ত ইতি। বাঙ্মাত্ররূপে প্রণবে অনুষ্টুবন্তর্ভূতৈব। যথা অন্যে সর্ব্বে শব্দবিশেষাঃ। উক্তঞ্চ যথা অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষা স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতীতি। সাক্ষাচ্চ তদ্যথা শঙ্কুনা সর্ব্বাণি পর্ণানি সন্তৃণ্ণান্যেবমোঙ্কারেণ সর্ব্বা বাক্ সন্তৃণ্ণেতি সর্ব্ববাগাত্মকত্বমুক্তং প্রণবস্য। সর্ব্ববাচ্যং বস্তু প্রণবাত্মকমিতি চ। অর্থবিশেষাণাঞ্চ তদ্বাচক-নামবিশেষদ্বারেণ বাঙ্মাত্ররূপে প্রণবেঽন্তর্ভাবঃ সম্ভবতি

হয়। এই আশঙ্কা হইতে পারে না। কারণ, অনুষ্টুপেতে প্রণবের অন্বয়দর্শনে এবং অনুষ্টুপের প্রতি প্রণবের কারণত্বপ্রতিপাদনেই উক্ত আশঙ্কা পরিহৃত হইয়াছে। বিশেষতঃ অনুষ্টুপে বাঙ্মাত্রস্বরূপবিধায় আদ্য আশঙ্কার বিঘাতহেতু অনুষ্টুপে প্রণবের ভেদই নাই; সুতরাং অনুষ্টুপের প্রণবস্বরূপত্ব সিদ্ধ হইল। যদি বল, অনুষ্টুপে প্রণবের ভেদ আছে, তথাপি বাগ্বিশেষরূপ প্রণব ও অনুষ্টুপের মধ্যে প্রণবেরই কারণতা দৃষ্ট হয়, অতএব বাক্যসামান্যরূপ অনুষ্টুপ ও প্রণবের কার্য্যকারণভাব পূর্ব্ববৎই যুক্ত, অর্থাৎ অনুষ্টুপ্ কার্য্য এবং প্রণবকারণ, এইরূপ সিদ্ধান্ত যুক্ত হইতেছে। বাস্তবিক অনুষ্টুপ্ বাঙ্মাত্ররূপী প্রণবের অন্তর্ভূত। যেমন অন্যান্য শব্দ সকল প্রণবের অন্তর্ভূত, সেইরূপ অনুষ্টুপ্ও প্রণবের অন্তর্ভূত। অন্যত্র উক্ত আছে যে, অকারই সকল বাক্যস্বরূপ, তাহাই স্পর্শ উষ্ম প্রভৃতি দ্বারা ব্যক্তীভূত হইয়া নানারূপ হয়। আর ইহাও দৃষ্ট হয় যে, যেমন একটি শঙ্কু সকল পর্ণ সংযত করিতে পারে, সেইরূপ এক ওঙ্কার দ্বারা সকল বাক্যসংযত আছে, অতএব প্রণব যে সর্ব্ববাক্যাত্মক ইহা উক্ত হইল। আর উক্ত আছে যে, সকল বাক্যের বাচ্য বস্তুই প্রণবাত্মক এবং বিশেষ বিশেষ অর্থও সেই সেই অর্থবাচক নামবিশেষদ্বারা বাঙ্মাত্ররূপী

তেষাং তদ্ব্যতিরেকেণানুপলম্ভাৎ। উক্তঞ্চ তদস্যেদং বাচা তন্ত্যা নামভির্দ্দামভিঃ সর্ব্বং সিতম্ সর্ব্বং হীদং নামনী তস্যৈ যদুপাংশু স প্রাণঃ অথ যদুচ্চৈস্তচ্ছরীরমিতি। অহমেব বাত ইব প্রবাম্যারভমাণা ভুবনানি বিশ্বা। যো বৈ তাং বাচং বেদ যস্যা এষ বিকার ইতি বাচঃ কারণত্বশ্রবণাচ্চ। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি চ বিকারস্য নামধেয়মাত্রত্বং শ্রুতম্। সাক্ষাচ্চ প্রণবস্যৈব সর্ব্বাত্মত্বং শ্রুতম্ ওঙ্কার এবেদং সর্ব্বম্ এতদ্বৈ সত্যকামে পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কারঃ যশ্ছন্দসামৃষভো বিশ্বরূপঃ ওমিতীদং সর্ব্বম্ ইত্যাদিবাক্যৈঃ। নমু বাঙ্মাত্রতাং বিবক্ষিত্বা সর্ব্বশব্দানাং সর্ব্বাত্মকং বক্তুং শক্যং তথা সতি কোঽয়ং বিশেষঃ প্রণবস্য সর্ব্বাত্মত্বে যেন সর্ব্বশ্রুতীনামত্যাদরো মহান্ দৃশ্যতে। সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি এতদালম্বনং শ্রেষ্ঠম্ ধনুর্গৃহীত্বা প্রণবো ধনুস্তিস্রো মাত্রা এতদ্বৈ মহোপনিষদম্ ইত্যাদি প্রদেশেষু। অনুষ্টুবন্তর্ভাব এবাসৌ বিশেষ ইতি চেৎ ন অন্যে-

---

প্রণবের অন্তর্ভূত আছে, যেহেতু নাম ব্যতিরেকে সেইসকল অর্থের উপলব্ধি হয় না। আর "তস্যেদং বাচা তন্ত্যা নামভির্দ্দামভিঃ সর্ব্বং সিতং সর্ব্বংহীদং নামনী তস্যৈ যদুপাংশু সপ্রাণঃ অথ যদুচ্চৈস্তচ্ছরীরমিতি অহমেব বাতইব প্রবাম্যারভমাণা ভুবনানি বিশ্বা যোবৈ তাং বাচং বেদ যস্যাএব বিকারঃ" ইত্যাদি শ্রুতিতে বাক্যের কারণত্ব শ্রবণ আছে এবং "বাচারম্ভণং বিকারোনামধেয়ং" এই শ্রুতিতে বিকারের নামমাত্রত্ব শ্রবণ আছে। পরন্ত সাক্ষাৎ সম্বন্ধে প্রণবই সর্ব্বাত্মক বলিয়া জানাযায়। আর ছান্দোগ্যোপনিষদে সত্যকামের উপদেশকালে মুনিগণ বলিয়াছেন যে, হে সত্যকাম! ওঙ্কারই সর্ব্বময় এবং ওঙ্কারই পরাপর ব্রহ্ম, এই প্রণব সর্ব্বছন্দের প্রধান এবং এই অনন্তব্রহ্মাণ্ডই ওঙ্কার, ইত্যাদি বাক্যে প্রণবেরই সর্ব্বময়ত্ব কথিত আছে। এইক্ষণ বল দেখি, প্রণবের বাঙ্মাত্রতাবিবক্ষা করিয়া সকল শব্দেরই যদি সর্ব্বাত্মত্ব বলিলে, তবে প্রণবের সর্ব্বাত্মত্ব বিষয়ে বিশেষ কি হইল? যাহাতে সর্ব্বশ্রুতির এত মহা আদর দেখা যাইতেছে, ইহাতে যদি বলি "সকল বেদ যে পদ বর্ণন করিয়াছেন, তাহাই প্রধান অবলম্বন" ইত্যাদি স্থানেতে অনুষ্টুপ্ অন্তর্ভাবে উক্ত আছে, ইহাই বিশেষ,

ষপ্যুকারাদিমকারান্তেষু মন্ত্রেষু অনুষ্টুবন্তর্ভাবসম্ভবাৎ অতোঽত্রৈবানুষ্টু-বন্তর্ভাবকথনমপি প্রণবস্য ন মন্ত্রান্তরেভ্যো বিশেষং দ্যোতয়তি। অতঃ কোঽসৌ বিশেষ ইতি বক্তব্যম্। উচ্যতে। শ্রুতিগম্য এবাসৌ বিশেষঃ স্মৃতিগম্যো বা নাস্মদ্বুদ্ধিগম্যঃ। তথা চোক্তং সারসংগ্রহে প্রণবনির্ণয়ে। ঋগ্বেদঃ স্যাদকারাদ্য উকারান্তং যজুর্মতম্। সামবেদো মকারান্তঃ সর্ব্ব-গ্রাহী ততো ধ্রুবম্॥ ষড়ঙ্গ-ন্যায়-মীমাংসা-পুরাণ-স্মৃতি-পূর্ব্বকম্। বেদে-ঽন্তর্ভূতমেব স্যাৎ সর্ব্বে বেদাশ্চ তারগাঃ॥ অহয়োর্ম্মধ্যগা বর্ণা লক্ষ্যৌ যন্ম-গকৌ যতঃ। অকারঃ পুরুষস্তত্র হকারঃ প্রকৃতিঃ পরা॥ তথা প্রণবগো-কারো জীবাত্মা পুরুষঃ স্মৃতঃ। উকারঃ শক্তিরূপত্বাৎ প্রকৃতিঃ সা হরূ-পিণী॥ পুম্প্রকৃত্যাত্মকা বর্ণাস্তম্মাত্তন্মধ্যগাঃ সদা। ক্ষরাক্ষরপরো দেবো মকারঃ পরমেশ্বরঃ॥ অথবাকার এবায়ং চিন্মাত্রঃ পরমেশ্বরঃ। সর্ব্বপ্রকাশকো

তাহাও নহে, যেহেতু অন্যান্য উকারাদি মকারান্ত মন্ত্রেতে অনুষ্টুবন্তর্ভাবে সম্ভব আছে, অতএব প্রণবেরই অনুষ্টুবন্তর্ভাবকথন জানা যায়। অন্যান্য মন্ত্র হইতে বিশেষ প্রকাশ হয় না; সুতরাং কি বিশেষ আছে, তাহা জানা যাইতেছে না। ইহাতে বক্তব্য এই যে, অন্যান্য শব্দ হইতে প্রণ-বের যে বিশেষ আছে, তাহা শ্রুতিমাত্রগম্য, অথবা স্মৃতিমাত্রগম্য, উহা আমাদিগের বুদ্ধিমাত্রগম্য নহে। সারসংগ্রহে প্রণবনির্ণয়ে উক্ত আছে যে, অকার, উকার, মকারাত্মক প্রণবের অকারে ঋগ্বেদ, উকারে যজুর্ব্বেদ এবং মকারে সামবেদ হইয়াছে; সুতরাং প্রণবকে সর্ব্বগ্রাহী বলা যায়। আর ষড়ঙ্গ, ন্যায়, মীমাংসা, পুরাণ, স্মৃতিপ্রভৃতি সকলই বেদের অন্তর্ভূক্ত এবং সকলবেদও প্রণবে নিহিত আছে। অকারাদি হকারান্ত বর্ণসমু-দায়ের মধ্যে অকার পুরুষ এবং হকার প্রকৃতি, এইরূপে প্রণবমধ্যগত অকার জীবাত্মা এবং তাহাই পুরুষ বলিয়া বিখ্যাত, আর উকার শক্তি-স্বরূপ বিধায়, তাহাই প্রকৃতি এবং ঐ প্রকৃতিও হকাররূপিণী। অতএব প্রকৃতি পুরুষাত্মক বর্ণসকলই ওঙ্কারের মধ্যগত এবং পরাপর পরমেশ্বরই অকারস্বরূপ, অথবা প্রণবান্তর্গত অকারই চিন্মাত্র পরমেশ্বর, আর উকা-রও সর্ব্বপ্রকাশক এবং উকারই সকলের অবভাসক, এই উকার ব্যতিরেকে

দেবো হ্রকারঃ সর্ব্বভাসকঃ॥ ন হি তেন বিনা বর্ণপ্রকাশঃ কাপি কস্তচিৎ। কার্য্যঞ্চ কারণং সর্ব্বমুকারঃ শক্তিরূপবান্॥ উকারমত এবাত্র জগৎ-প্রসব-রূপতঃ। উচ্চরন্ত্যতিদীর্ঘেণ সৃষ্টি-স্থিতি-লয়াত্মনা। কার্য্য-কারণ-রূপেণ মহেশাদাত্মনোদ্গতম্। তমেবমাত্মকং ভূয়ঃ প্রবিশ্যাত্ম-স্বরূপিণম্॥ তাবন্মাত্রত্বমায়াতি মকারো হি মহাচিতিঃ। অকারঃ সোমরূপোঽর্থ উকারঃ সূর্য্য এব তু॥ মকারশ্চ মহাবহ্নিরিতি তেজস্ত্রয়াত্মকঃ। ষোড়শাত্মা ভবেৎ সোমঃ ষোড়শ-স্বররূপবান্॥ সূর্য্যো দ্বাদশমাসাত্মা মাসাশ্চ দ্বিবিধা মতাঃ। অয়নদ্বয়-ভেদেন সৃষ্টি-সংহার-রূপতঃ॥ সংসার-মোক্ষ-ভেদেন তথাহোরাত্র-ভেদতঃ। কভাদি-বর্ণরূপান্তে সৃষ্টি-সংহার-রূপতঃ। মকারঃ কাল-কলিতঃ পরমাত্মা মহেশ্বরঃ। আদিত্যান্তর্গতো দেবঃ কাল-কালো মহাপ্রভুঃ। সর্ব্বসংহার-বহ্ন্যাত্মা সাক্ষী চিন্মাত্রবিগ্রহঃ। পুরুষঃ পঞ্চবিংশোঽয়ং ষড়্বিংশস্তু মহেশ্বরঃ। পঞ্চবিংশাত্মনা ভোক্তা ষড়্বিংশো ভোজকো মতঃ। উভয়াত্মা মকারোঽয়ং প্রণবস্থ উদাহৃতঃ। ভোক্তা

কোন স্থলেও কোন বর্ণের প্রকাশ হয় না এবং ঐ উকারই কার্য্যকারণ-স্বরূপ ও শক্তিপ্রধান, অতএব উকার জগৎপ্রসবরূপীপ্রযুক্ত সৃষ্টি স্থিতি প্রলয়াত্মকরূপে অতি দীর্ঘস্বরূপ উকারের উচ্চারণ করিবে। এবম্ভূত আত্মস্বরূপ উকার প্রবেশ করিয়াই চিন্ময় মকার ও তন্মাত্রত্ব প্রাপ্ত হয়। অকার চন্দ্র, উকার সূর্য্য এবং মকার অগ্নি; সুতরাং উক্ত তিনই তেজোময়। চন্দ্র ষোড়শকলাত্মক ষোড়শস্বরবিশিষ্ট, সূর্য্য দ্বাদশ মাসাত্মক এবং ঐ সকল মাস দ্বিবিধ, অর্থাৎ ঐ দ্বিবিধ মাস অয়নদ্বয় ভেদে সৃষ্টি ও সংহার-রূপী। সংসার ও মোক্ষভেদেই অহোরাত্রবিভাগ হইয়াছে। ঐ সকলই সৃষ্টি সংহাররূপভেদে ককারভকারাদি বর্ণস্বরূপ। আর মকার কাল-কলিত, পরমাত্মা মহেশ্বর, এই মহাপ্রভু আদিত্যের অন্তর্গত হইয়া নানা প্রকার কালরূপে প্রকাশ পাইতেছেন। ইনিই সর্ব্বসংহারকারী বহ্নিস্বরূপ, সর্ব্বসাক্ষী ও চিন্ময়বিগ্রহ। আর এই পঞ্চবিংশ বর্ণ মকারই পুরুষ এবং ষড়্বিংশ বর্ণ যকার মহেশ্বর। এই পঞ্চবিংশবর্ণ মকারই ভোক্তা এবং ষড়্বিংশবর্ণ যকার ভোজক; পরন্তু প্রণবস্থ মকার উক্ত উভয়

তত্রাগ্নিরূপঃ স্যাদ্দশভেদযুতঃ স চ। সপ্তধাতুস্ত্রয়াধারো ভেদতোঽস্মিন্ কলেবরে॥ যকারাদি-ক্ষকারান্তা বর্ণাস্তস্তৈদরূপিণঃ। মকারস্তু সমষ্ট্যাত্মা ভোক্তৃ-ভোজক-রূপবান্॥ অতঃ সর্ব্বাত্মকস্তারঃ সাক্ষাৎ সর্ব্বেশ্বরঃ স্বয়ম্। সর্ব্ব-তেজোঽনুগশ্চৈব সর্ব্ব-বর্ণাত্মকঃ স্বয়ম্॥ অপরঃ প্রকৃতের্যদ্বা বাচকোকার ইষ্যতে। সন্মাত্র-বীজরূপেণ সর্ব্বত্রানুগতা হি সা। অকারঃ সর্ব্ব-বর্ণেষু তথৈবেহান্বিতঃ সদা। তস্মাত্তদ্বাচকোকারস্তদভিন্নঃ সদা ভবেৎ॥ উন্মুখঃ স্যাদুকারোঽয়ং তস্যা উদ্গাতৃ-সাক্ষিণঃ। ব্যাপ্তের্ব্বলস্য চাধিক্যাদকারাদুদ্গতো হ্যসৌ তদ্বৎ সাম্যাত্মিকাশক্তিঃ সাভাসবল-সংযুতা। উকারোঽতস্তদাত্মা স্যাত্তদাভাসামৃতাপ্লুতঃ॥ মকারো মহতো বোধঃ কেবলস্য মহাত্মনঃ। নিরাভাস-মহাসংবিদানন্দৈক-স্বরূপিণঃ॥ ইতি শব্দান্তরেভ্যোঽয়মোঙ্কারঃ পরমো মতঃ। বর্ণা বর্ণান্তরেভ্যশ্চ সারভূতাঃ পরা মতাঃ।

স্বরূপ। এই ভোক্তাই অগ্নিরূপী ও ইহা দশভেদযুক্ত। ইহার শরীরে সপ্তধাতু ও ত্রিবিধ আধার নানারূপে বিদ্যমান আছে, যকারাদি ক্ষকারান্ত বর্ণ সকলই তাহার ভেদরূপী এবং মকারই উক্ত সমষ্টিরূপ এবং ভোক্তা ও ভোজকস্বরূপ, অতএব প্রণবই সর্ব্বময় সাক্ষাৎ সর্ব্বেশ্বর, আর এই প্রণবই সর্ব্বপ্রকার তেজের অনুগত এবং স্বয়ং সর্ব্ববর্ণাত্মক. অপর অকারই প্রকৃতিবাচক বলিয়া জানা যায়, এই প্রকৃতি সন্মাত্রবীজ স্বরূপে সর্ব্বত্র অনুগত আছে, পরন্তু অকার সর্ব্ববর্ণে অন্বিত বিধায় এই স্থলেও অন্বিতরূপে জানিতে হইবে। আর উকার সন্মাত্রবাচক বিধায় সদা অভিন্নরূপী হইয়াছে। আর এই উকার উন্মুখ, ব্যাপ্তি ও বলের আধিক্য প্রযুক্ত অকার হইতেই ইহা উদ্গত হইয়াছে। এইরূপ সামাত্মিকা শক্তিও আভাস ও বলসংযুক্তা। আর উকারও সেই পরমাত্মরূপী; সুতরাং উহা তদাভাসবিশিষ্ট ও অমৃতাপ্লুত এবং অদ্বিতীয় পরমাত্মার বোধস্বরূপ, ইহা নিরাভাস এবং চিন্ময় ও আনন্দৈকরসস্বরূপ। এই সকল কারণেই ওঙ্কারকে পরমাত্মা বলিয়া জানাযায়। যে সকল বর্ণ অন্যান্য বর্ণের সারভূত, তাহারাই পরম বর্ণ। অকারাদি সকারান্ত যে সকল মন্ত্র আছে, তাহারা সকলই প্রণবাত্মক। আর ঐ সকল বর্ণ প্রণ-

ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব যচ্চান্যত্ত্রি-কালাতীতং তদপ্যোঙ্কার এব ॥ ৩ ॥

আদিসাস্তাস্ত যে মন্ত্রাস্তে সর্ব্বে প্রণবাত্মকাঃ। তেষাং তদাত্মকত্বেন সর্ব্বাত্মত্বং স্বতো ন তু ইতি ॥ এবং সার্থং মন্ত্ররাজং প্রণবেহন্তর্ভাব্য তেনাত্মপ্রতিপত্তি-প্রকারঞ্চ সংগ্রহেণাভিধায় তদেব বিস্তরেণ ব্যাচিখ্যাসুর্ব্বক্ষ্যমাণেহর্থে শ্রোতৃণাং বুদ্ধিসমাধানবিশেষসিদ্ধয়ে প্রজাপতিরাহ তস্যোপব্যাখ্যানমিতি। তস্য ওমিত্যেতস্যাক্ষরস্য উপব্যাখ্যানম্ আত্মপ্রতিপত্ত্যুপায়তয়া তৎসামীপ্যেন ব্যাখ্যানম্ ইদানীং প্রস্তুতমিতি শেষঃ ॥ ২ ॥

যথাপ্রতিজ্ঞাতমুপব্যাখ্যানমেবানুবর্ত্তয়তে ভূতমিত্যাদিনা। ভূতং ভবদ্ভবিষ্যদিত্যেবং কালত্রয়-পরিচ্ছিন্ন-কার্য্যজাতমিত্যর্থঃ। তচ্চ দ্বিবিধং স্থূলং সূক্ষ্মঞ্চেতি। তত্র স্থূলং সমষ্টিব্যষ্ট্যাত্মকং বিরাড়্‌রূপম্ সূক্ষ্মস্তু সমষ্টি-ব্যষ্ট্যাত্মকং হিরণ্য-গর্ভরূপম্ তয়োরুভয়োরপি প্রণবাত্মকতামাহ সর্ব্বমোঙ্কার-এবেতি। নমু ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্ব-মকারোকারাবেবেতি চ বক্তব্যং

বাত্মক বিধায়ই সর্ব্বাত্মস্বরূপ, তাহারা স্বাভাবিক সর্ব্বাত্মকস্বরূপ নহে। এইরূপ সার্থ মন্ত্ররাজকে প্রণবের অন্তর্ভূত করিয়া এবং তদ্দ্বারাই আত্মতত্ত্ব পরিজ্ঞান কথনপূর্ব্বক সবিস্তর সেই মন্ত্ররাজ বিবরণেচ্ছু হইয়া বক্ষ্যমাণ অর্থে শ্রোতৃবর্গের যুক্তিসমাধান বিশেষসিদ্ধির নিমিত্ত প্রজাপতি বলিতেছেন যে, প্রণবাক্ষরের উপব্যাখ্যান, অর্থাৎ আত্মপরিজ্ঞানের কারণ বিধায় তাহার ব্যাখ্যান করা কর্ত্তব্য ॥ ২ ॥

পূর্ব্বশ্রুতিতে উক্ত হইয়াছে যে প্রণবাক্ষরের উপব্যাখ্যান কর্ত্তব্য' এইক্ষণ সেই পূর্ব্ব প্রতিজ্ঞাত উপব্যাখ্যান কথিত হইতেছে।—অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই কালত্রয়পরিচ্ছিন্ন কার্য্যসমূহ স্থূলসূক্ষ্মভেদে দ্বিবিধ। স্থূলকার্য্য সমষ্টি ও ব্যষ্টিস্বরূপ বিরাটাত্মক এবং সূক্ষ্ম কার্য্যও সমষ্টি, অর্থাৎ একত্রীভূত ও ব্যষ্টি, অর্থাৎ পৃথগ্‌ভূত হিরণ্যগর্ভরূপ, এই স্থূল ও সূক্ষ্ম উভয়ই ওঙ্কার। এইক্ষণ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই কালত্রয়-বর্ত্তী সমুদায় কার্য্যই অকার ও উকার স্বরূপ, ইহাই বলা কর্ত্তব্য। যেহেতু

বিরাড্ হিরণ্যগর্ভয়োর্হ্যুত্তরত্রাকারোকারাত্মকত্বমেবোচ্যতে ন তু সমস্ত-প্রণবাত্মকত্বম্ অত্রাপি ভূতং ভবিষ্যদিতি তাবেবোক্তৌ তয়োরেব দিক্কাল-পরিচ্ছেদসম্ভব ইতি। যচ্চান্যত্রিকালাতীতমিত্যব্যাকৃতাদেঃ পৃথক্কথনাচ্চ। যদ্যেবং তর্হি ওঙ্কারৈকদেশাত্মনাবপি বিরাড্-হিরণ্যগর্ভাবুপচারেণোঙ্কা-রাত্মানাবিত্যুক্তাবিতি চেৎ ন শ্রুত্যর্থ-পরিত্যাগ-প্রসঙ্গাৎ। তর্হি সামান্যে-নোঙ্কারমাত্রং সর্ব্বমিত্যুচ্যতে ইতি চেৎ। যদ্যেবং তর্হিকালত্রয়-পরিচ্ছিন্নং তদপরিচ্ছিন্নঞ্চ সর্ব্বমনূদ্য পুনঃ সর্ব্বমেতদোঙ্কার এবেতি বক্তব্যম্। নমু জগদেকদেশমেবানূদ্য অয়মথোঙ্কার এবেতি চ বচনমনুপপন্নং সামান্যেন চ সর্ব্বাত্মত্বমোমিত্যেতদক্ষরমিদং সর্ব্বমিতি পূর্ব্বমেবোক্তমিতি ন পুন-র্ব্বচনীয়ম্। অতো বিরাড্-হিরণ্যগর্ভাব্যাকৃত-সন্মাত্রশরীরাণাং প্রত্যেকং সর্ব্বাত্মকত্ব-প্রণবাত্মকত্বমেবাত্রোচ্যতে। নমু একস্যৈবোঙ্কারস্যৈকস্মিন্নেব প্রয়োগে কথং সর্ব্বাত্মনা শরীর-চতুষ্টয়াত্মত্বং সম্ভবতি ন একস্যৈব প্রণবস্য

বিরাট ও হিরণ্যগর্ভ ইহারাই অকার ও উকারাত্মক বলিয়া পরে কথিত হইবে; সুতরাং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান, এই কালত্রয়বর্ত্তী কার্য্যসকল ওঙ্কারাত্মক হইতেছে না, পরন্তু সেই স্থলেও ভূত ও ভবিষ্যৎ কালপরি-চ্ছিন্ন কার্য্যসমূহই বিরাট ও হিরণ্যগর্ভরূপে উক্ত আছে, যেহেতু উহা-দিগেরই কালপরিচ্ছেদ সম্ভব হয়। বিশেষতঃ এই শ্রুতিতেও যাহা ত্রিকা-লাতীত অব্যক্ত পদার্থসমূহ তাহাও ওঙ্কারস্বরূপ. এইরূপে পৃথক্ উক্ত হই-য়াছে। এখন যদি বলাযায় যে, ওঙ্কারের একদেশ অকার ও উকারাত্মকই বিরাট ও হিরণ্যগর্ভ এইরূপ উপচার করিয়াই উহারা ওঙ্কারাত্মক, ইহা উক্ত হইয়াছে, তাহাহইলে শ্রুত্যর্থ পরিত্যাগপ্রসঙ্গ হয়। তথাপি যদি বলি সামান্যরূপেই সকল ওঙ্কারাত্মক, তাহাহইলে কালত্রয়পরিচ্ছিন্ন এবং কালত্রয়াপরিচ্ছিন্ন সমুদায় কার্য্যই ওঙ্কারাত্মক, ইহাই বক্তব্য হয়, আর জগতের একদেশ গ্রহণ করিয়াই ওঙ্কার সর্ব্ব পদার্থস্বরূপ, এই কথাও উপ-পন্ন হয় না। আর সামান্য প্রকারেই সকল ওঙ্কারাত্মক, ইহাই পূর্ব্বে উক্ত আছে, অতএব বিরাট, হিরণ্যগর্ভ, অব্যক্ত ও সন্মাত্র ইহাদিগের প্রত্যে-কেরই সর্ব্বাত্মকত্ব ও প্রণবাত্মকত্ব কথিত হইল। এইরূপ আশঙ্কা হইতেছে

বৈশ্বর্য্যাদিরূপেণ প্রত্যেকং সর্ব্বাত্মকত্বাদিতি ক্রমঃ। বৈথর্য্যাত্তাবদক্ষর-রূপিণ্যা অকারোকার-মকারার্দ্ধমাত্র-প্রণবাত্মকত্বং প্রত্যক্ষসিদ্ধম্ মধ্যমা-পশ্যন্তী-পরারূপ-প্রণবস্থাপি বৈথর্য্যাদ্যবিভাগ-রূপত্বেন সর্ব্বাত্মকমভ্যুপ-গন্তব্যম্। এবং সতি প্রত্যেকং চতুরূপত্বেন বক্ষ্যমাণানাং বিরাড়াদীনাং বাচকত্বং সম্ভবত্যোঙ্কারস্য। অকারাদীনামপি চতুরূপাণামেব বিড়াদি বাচকত্বং বক্ষ্যতি বিশ্বো বৈশ্বানরশ্চতুরূপোঽঙ্কার এবেত্যাদিনা। অকারাদয়ো হি বীজ-বিন্দু-নাদ-শক্তি-রূপস্বাত্মভেদে বাক-চতুষ্টয়রূপা এব। ন হি বৈথর্য্যাদিরূপ-চতুষ্টয়রহিতঃ শব্দ এবাস্তি লোকে। উক্তঞ্চ বাক-চতুরাত্মত্বম্ উত্তরোত্তরং সৌক্ষ্মঞ্চ। চত্বারি বাক্‌পরিমিতানি পদানি তানি বিদুর্ব্রাহ্মণা যে মনীষিণঃ। গুহা ত্রীণি নিহিতা নেঙ্গয়ন্তি তুরীয়ং বাচো মনুষ্যা বদন্তীতি। তস্মাদ্বৈথর্য্যাদি-রূপস্যৈবোত্তরোত্তরসূক্ষ্মস্য তথারূপ বিরা-ড়াদি-বাচকত্বেন বিরাড়াদ্যাত্মকত্বমত্রোক্তং যাবদ্ব্রহ্ম বিষ্টিতং তাবতী বাগিতি বাক্যান্তরম্। তত্রাকারোকার-মকারার্দ্ধমাত্রাত্মা অস্মদাদি-শ্রোত্র-গ্রাহ্যঃ ক্রিয়াশক্তি-প্রধানো বৈথর্য্যাত্মা তৎপ্রধানঃ প্রণবো বিরাজো

যে, একমাত্র ওঙ্কার সর্ব্বপ্রয়োগে কিরূপে সর্ব্বপ্রকারে শরীরচতুষ্টয়স্বরূপ হইতে পারে? এই আশঙ্কা হয় না, কারণ কণ্ঠোত্থিত উচ্চারণ বিশেষে এক ওঙ্কারেরই প্রত্যেকে সর্ব্বাত্মকত্ব বলা যায়, পরন্তু উচ্চারণ বিশেষ বলেই অকার, উকার, মকার ও অর্দ্ধমাত্রারূপ বর্ণ সমূহের প্রণবাত্মকত্ব প্রত্যক্ষসিদ্ধ। এইরূপেই প্রত্যেকে চারিরূপে বক্ষ্যমাণ বিরাটাদির প্রণব বাচকত্ব সম্ভব হয়, অকারাদি অর্থাৎ অকার, উকার, মকার ও অর্দ্ধ-মাত্রা ইহারাই বীজ, বিন্দু, নাদ ও শক্তি স্বরূপ এবং ইহাই আত্মভেদে বাক্‌চতুষ্টয়রূপ, ইহারাও উচ্চারণাদিরহিত নহে, যেহেতু লোকে উচ্চা-রণ রহিত শব্দ নাই। আর উক্ত আছে যে, চারিটি বাক্যপরিমিত পদ যে ব্রাহ্মণগণ জানেন, তাঁহারাই জ্ঞানী এবং মনুষ্যগণও চতুর্ব্বিধ বাক্য বলিয়া থাকে, অতএব উচ্চারণ বশতই বাক্য উত্তরোত্তর সূক্ষ্ম হইতেছে, এইরূপে বিরাড়াদি বাচকত্ব প্রযুক্ত এই স্থলেও বিরাড়াদিস্বরূপে উক্ত হইল, অতএব অকার, উকার, মকার, ও অর্দ্ধমাত্রাস্বরূপেই আমা-

বাচকঃ। উভয়োঃ স্বরস্থ কাঠিন্যস্থ চ সাম্যাৎ। বিশেষেণ স্বরস্থাবৈখরীত্যুচ্যতে বৈখর্য্যুচ্চারণাৎ পূর্ব্বং মকারাদিমাত্রা-চতুষ্টয়-রূপেণৈব মনস্যভূতঃ ক্রমাদি-বিশিষ্ট-বর্ণ-বিমর্শাত্মা জ্ঞানশক্তি-প্রধানো মধ্যমাবাগাত্মা স তৎপ্রধানপ্রণবো হিরণ্যগর্ভবাচকঃ মনোরূপত্বসাম্যাদুভয়োঃ। সা চ মধ্যে বর্ত্ততে চেতি মধ্যমেত্যুচ্যতে। এবং বিরাড়্-হিরণ্যগর্ভয়োর্ব্বক্ষ্যমাণ-প্রকারেণ চতুরাত্মনা মধ্যমাবৈখরীরূপ-চতুর্মাত্র-প্রণবাত্মত্বমভিধায় সমষ্টি-ব্যষ্টি-সুষুপ্তাত্মকস্যাব্যাকৃতস্য সমস্ত-জগদ্বাসনাবিশিষ্টতয়া কিঞ্চিদ্বহির্ম্মুখসদাত্মকস্য কারণশরীরস্যান্তর্ম্মুখ-সদাত্মক-সামান্য-শরীরস্য চ ব্রহ্মজ্ঞানাত্মনঃ ক্রমেণ পশ্যন্তী। পরাবাগ্রূপপ্রণবরূপতামাহ যচ্চান্যত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এবেতি। মধ্যমা-বিশেষজ্ঞানাৎ পূর্ব্বমক্রমবহির্মুখ-স্পন্দমাত্ররূপ সামান্য-জ্ঞানাত্মক ইচ্ছাশক্তি-প্রধানঃ পশ্যন্ত্যাত্মা প্রণব উক্তরূপ-কারণ-শরীর-বাচকঃ পশ্যদ্রূপত্বাবিশেষাৎ। পরিত্যক্ত-সর্ব্বস্পন্দঃ কেবল-সন্মাত্রতয়াবস্থিতঃ স্বাতন্ত্র্যশক্তিঃ সদাত্মা পরাবাগ্রূপঃ প্রণব উক্তরূপ-সামান্যশরীর-বাচকঃ পরত্বসামান্যাৎ। উক্তবাচ্যানাঞ্চোক্তবাচক-ব্যতিরেকেণানুপলব্ধেঃ। সর্ব্বমোঙ্কার এবেতি যুক্তম্। ওঙ্কারস্য সর্ব্ব-ব্যাচ্য-বাচক-কল্পনা-

---

দিগের শ্রবণগোচর ক্রিয়াশক্তি প্রণবই বিরাট পুরুষবাচক। আর জ্ঞান শক্তিপ্রধান মধ্যমাত্রস্বরূপ প্রণবই হিরণ্যগর্ভবাচক, যেহেতু উভয়েরই মনোরূপত্ববিষয়ে সাম্য আছে। ইহা মধ্যে বর্ত্তমান আছে বলিয়াই তাহাকে মধ্যম বলা যায়। এইরূপে বিরাট ও হিরণ্যগর্ভের বক্ষ্যমাণ প্রকারে চতুর্মাত্র প্রণবস্বরূপত্ব বলিয়া সমষ্টি, ব্যষ্টি ও সুষুপ্তাত্মক অব্যক্ত কারণশরীরের এবং অন্তর্ম্মুখ সদাত্মক সামান্যশরীরে ক্রমে ব্রহ্মজ্ঞান প্রদর্শন করিয়া শ্রুতিবাক্যরূপ প্রণব বলিতেছেন। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই কালত্রয়ের অতীত যাহা কিছু তাহাও ওঙ্কার। মধ্যম বাক্যের বিশেষ জ্ঞানহেতু পূর্ব্বে ক্রমবহির্ম্মুখ স্পন্দ মাত্ররূপ সামান্য জ্ঞানাত্মক ইচ্ছা-শক্তিপ্রধান প্রণবই উক্তরূপ কারণশরীরবাচক, আর সর্ব্বস্পন্দ, পরিত্যক্ত কেবল সৎস্বরূপে অবস্থিত, স্বাতন্ত্র্যশক্তিক সদাত্মা প্রণবই উক্তরূপ সামান্যশরীরবাচক, যেহেতু উক্ত বাচক ব্যতিরেকে বাচ্য সকলের উপ-

সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্মায়মাত্মা ব্রহ্ম তমেতমাত্মানমোমিতি ব্রহ্মণৈকীকৃত্য ব্রহ্মচাত্মনা ওমিত্যেকীকৃত্য তদেক-মজর-

---

রহিত-চিন্মাত্ররূপত্বঞ্চ যচ্চান্যদিত্যনেনৈবোক্তম্। ন হি চিদ্রূপত্বং বিনা-প্রণবস্য বাধকত্বং সম্ভবতি॥ ৩॥

এবমাত্মপ্রতিপত্ত্যর্থমোঙ্কারস্তোপব্যাখ্যানমেকেন প্রকারেণ কৃত্বা ব্যাখ্যাতং বাক্‌চতুষ্টয়প্রণবরূপং সার্দ্ধং ক্রমেণ তৎসাক্ষিণি ব্রহ্মণি প্রণবে বিলায়িতং তাবন্মাত্রং ভবতীত্যাহ সর্ব্বং হ্যেতদিতি। হি শব্দেন তত্রাধ্যা-সলক্ষণো হেতুঃ। এবং ত্বম্পদার্থং তৎপদার্থ-পর্য্যন্তমুপব্যাখ্যানেন সংশোধ্য শুদ্ধস্য প্রত্যগাত্মনো ব্রহ্মণৈক্যমাহ অয়মাত্মা ব্রহ্মেতি। উক্তঞ্চ ব্রহ্মাত্মৈক্যং প্রণবেন ব্যতিহারেণ প্রতিপত্তব্যমিত্যাহ তমেতমাত্মানমোমিতি ব্রহ্ম-ণৈকীকৃত্য ব্রহ্ম চাত্মনা ওমিতি। তম্ এতং ব্রহ্মস্বরূপম্ এতম্ প্রত্যগাত্মা-নমিতি তদেতচ্ছব্দয়োরর্থঃ। তত্র প্রথমা প্রতিপত্তিরহং স ইতি বাক্য-রূপেণ প্রণবেন কার্য্যা। তত্রাহংশব্দঃ স্থূল-সূক্ষ্ম-প্রধানত্বম্পদার্থবাচকঃ সন্ অবস্থাত্রয়-সাক্ষিণং প্রত্যগাত্মানং লক্ষয়তি। অকারোকারাবপি তদ্বাচক-

---

লব্ধি হয় না, অতএব সকলই ওঙ্কার, ইহা যুক্ত হইল। আর ইহাতেই প্রণবের সর্ব্ববাচ্যবাচকত্ব কল্পনা ভিন্ন চিন্মাত্র স্বরূপতা উক্ত হইল॥ ৩॥

পূর্ব্বশ্রুতিতে এক প্রকার আত্মপরিজ্ঞানার্থ ওঙ্কারের উপব্যাখ্যান করিয়া ঐ ব্যাখ্যাত সার্দ্ধ বাক্ চতুষ্টয়াত্মক প্রণব ক্রমত তৎসাক্ষীভূত ব্রহ্মেতে বিচলিত হইলে ব্রহ্মস্বরূপ হয়, ইহাই প্রদর্শিত হইতেছে।— এই পরিদৃশ্যমান স্থাবরজঙ্গমাত্মক আকীটব্রহ্ম পর্য্যন্ত অনন্ত ব্রহ্মাণ্ডই ব্রহ্ম এবং এই আত্মাও ব্রহ্ম, অর্থাৎ ত্বংপদার্থ ও তৎপদার্থকে উপব্যাখ্যান দ্বারা সংশোধিত করিলে শুদ্ধ প্রত্যগাত্মা ব্রহ্মের সহিত একীভূত হয়। আর ইহাও উক্ত আছে যে, প্রণবদ্বারা ব্রহ্ম ও আত্মার ঐক্য জানিতে হয়, অর্থাৎ "ওম্" এইরূপে ব্রহ্মের সহিত আত্মাতে এবং ঐ প্রকার আত্মার সহিত ব্রহ্মকে একীভূত করিয়া সেই অদ্বিতীয় অজরামর অভয় ওঁশব্দস্বরূপ ব্রহ্মানুভব করত সেই প্রণবাত্মক ব্রহ্মেতে শরীরত্রয় আরো-

মমৃত-মভয় -মোমিত্যনুভূয় তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীর-

ত্বেন তমেব লক্ষয়ত ইতি তদাত্মকৌ তৌ। স ইতি কারণোপাধিপ্রধান-তৎপদার্থ-বাচকঃসন্ তৎসাক্ষিণং পরমাত্মানং লক্ষয়তি। মকারোঽপি তদ্বাচকত্বেন তমেব লক্ষয়তি। সামানাধিকরণ্যেন চ প্রত্যগাত্মনো ব্রহ্মণৈক্যং প্রতিপত্তব্যম্। দ্বিতীয়া তু প্রতিপত্তিঃ সোঽহংবাক্যরূপেণ প্রণবেন কর্ত্তব্যা। সোঽহমিত্যস্মাদ্বাক্যাৎ সকার-হকারয়োরুদ্ধারে কৃতে তৎপূর্ব্ব-রূপে চ ওমিতি প্রণবঃ সম্পদ্যতে। তস্মাদোমিতি পরমাত্মবাচকঃ। স ইতি হি তস্যার্থঃ। তচ্ছব্দশ্চ কারণোপাধি-প্রধান-ব্রহ্মবাচক ইতি। অহমিতি প্রত্যগাত্মবাচকঃ অহংশব্দাত্মকোঽসৌ সামানাধিকরণ্যেন চ ব্রহ্মণঃ প্রত্য-গাত্মনৈক্যং প্রতিপত্তব্যমিতি। এবং ব্যতিহারেণৈকত্বং প্রতিপাদ্যাত্মজ্ঞা-প্রণবেন পরিপূর্ণত্বাবদ্যোতকেন পরিপূর্ণবাক্যার্থমাত্রে পদ-পদার্থদ্বয়-তদৈক্য-প্রতিপত্তি-বিকল্প রহিতে স্থিতিঃ কার্য্যা মন্দস্য সম্যক্ জ্ঞানো-দয়ায়েত্যাহ তদেক-মজর-মমৃত-মভয়-মোমিত্যনুভূয়েতি। তদেকং বস্তু

পণপূর্ব্বক তন্ময় হইয়া থাকে, অর্থাৎ সেই প্রত্যগাত্মা এই ব্রহ্ম প্রাপ্ত হয়। ওঁ এই শব্দ দ্বারা "আমিই সেই ব্রহ্ম" এইরূপ জ্ঞান করিবে, আমি স্থূল ও সূক্ষ্ম শরীরবান্ ও অবস্থাত্রয়ের সাক্ষী প্রত্যাগাত্মা, আর প্রণবস্থ অকার ও উকার ইহারাও সেই প্রত্যাগাত্মার বাচক; সুতরাং ঐ অকার ও উকার ইহারাও সেই আত্মস্বরূপ, অতএব আমিই সেই সেই কারণোপাধিপ্রধান তৎপদার্থ বাচক পরমাত্মা। আর প্রণবান্তর্গত মকারও সেই পরংব্রহ্মবাচক বিধায় ব্রহ্মস্বরূপ জানিবে; সুতরাং সামানাধিকরণ্যরূপে ব্রহ্মের সহিত আত্মার ঐক্য জানিতে হইবে। আর "সেই ব্রহ্মই আমি" এইরূপ জ্ঞান করিবে। এইরূপ জ্ঞানও প্রণবদ্বারাই হইয়া থাকে, অর্থাৎ "সোঽহং" এই বাক্য হইতে সকার ও হকারের উদ্ধার করিলেই তৎপূর্ব্বরূপে "ওম্" এই প্রণব সম্পন্ন হইয়া থাকে, অতএব ওম্‌শব্দ পরমাত্মবাচক এবং সোঽহং বাক্যের অন্তর্গত "সঃ" এই পদেও সেই ব্রহ্মার্থ বোধ হইতেছে। আর তৎপদও কারণোপাধিপ্রধান

মারোপ্য তন্ময়ং হি তদেবেতি সংহরেদোমিতি ॥ ৪ ॥

একত্বেন জরাহেত্বভাবাদজরম্ অজরত্বাৎ অমৃতং সর্ব্ববিকার-বর্জ্জিত-মিত্যর্থঃ অতোঽভয়মিতি ওমিতি শাস্ত্রাচার্য্য-যুক্তিসিদ্ধৈক্যস্ত স্বানুভব-সিদ্ধতয়া সত্যম্ এবং রূপমেবাত্মতত্ত্বমিতি স্বস্ত পূর্ণত্বাবদ্যোতকেনানুজ্ঞা-প্রণবেনানুভূয়েত্যর্থঃ। অনুভূয় তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীরমারোপ্য সংহরে-দিত্যন্বয়ঃ। যদ্যেবং স্বাত্মন্যবস্থিতস্ত কদাচিৎ কেনচিন্নিমিত্তেন জগৎপ্রতি-ভাসঃ স্যাত্তদা তৎ সর্ব্বং শরীরত্বেন স্বাত্মনি কল্পনীয়মিত্যাহ তস্মিন্নিদং সর্ব্বং ত্রিশরীরমারোপ্যেতি। তস্মিন্ পূর্ব্বোক্তবাক্যার্থস্বরূপে স্বাত্মনি তুরীয়ে ইদং সর্ব্বকার্য্য-কারণাত্মকং জগৎ ত্রিশরীরং স্থূল-সূক্ষ্ম-কারণ-লক্ষণং শরীরত্রয়ং যথা ভবতি তথারোপ্যেত্যর্থঃ। অত্র কারণ-সামান্যশরীরয়োরে-কত্বং বিবক্ষিতত্বাত্ত্রিশরীরত্বমুক্তমিত্যেবং মন্তব্যম্। ঈক্ষণাবস্থং প্রলয়াবস্থঞ্চ বহির্মুখং সদাত্মকং কারণং কারণশরীরমুচ্যতে। তদেব সন্মাত্রমন্তর্মুখং

ব্রহ্মবাচক বলিয়া জানিবে এবং অহংশব্দ প্রত্যগাত্মবাচক; সুতরাং সামানাধিকরণ্যরূপে ব্রহ্মের প্রত্যগাত্মার সহিত ঐক্য জানা যায়। সেই পরংব্রহ্ম অদ্বিতীয় বস্তু; সুতরাং তাহার জরার কোন কারণই নাই, অতএব তিনিই অজর। আর যেহেতু তাঁহার জরতা নাই, অতএব তিনিই অমৃত, অর্থাৎ সর্ব্ববিকার রহিত, তাঁহার কোনরূপ বিকার নাই বলিয়াই পরমাত্মা অভয়, অর্থাৎ তাঁহার কোন রূপেও ভয়ের সম্ভাবনা নাই, পরন্তু ওঙ্কারের সহিত শাস্ত্র ও আচার্য্যযুক্তিসিদ্ধ আত্মার ঐক্যই অনুভব সিদ্ধ, অতএব সেই আত্মাই সত্য। এইরূপে পরংব্রহ্মেতে আত্মার ঐক্য অনুভব করিয়া তাহাতে সকল আরোপপূর্ব্বক সংসার সংহার করিবে। যদিও এইরূপে স্বাত্মাবস্থিত ব্যক্তির কদাচিৎ কোন কারণ বশত জগৎ প্রতিভাস হয়, তাহাহইলে সেই শরীররূপে আত্মাতে কল্পনা করিবে। আর পূর্ব্বোক্ত বাক্যার্থস্বরূপ আত্মাতে স্থূল, সূক্ষ্ম ও কারণাত্মক শরীরত্রয় আরোপ করিবে। এইস্থলে কারণশরীর ও সামান্যশরীরের একত্ব বিবক্ষিত হেতু ত্রিশরীর জানিতে হইবে। যাহা ঈক্ষণাবস্থ

তং বা এতং ত্রিশরীরমাত্মানং ত্রিশরীরং এবং ব্রহ্মাত্মানু-
সন্দধ্যাৎ। ৫॥

সাক্ষ্যেকাকারং ব্রহ্মজ্ঞানরূপং সামান্যশরীরমিত্যুচ্যতে। আরোপ্য কিং তথৈব স্থাতব্যং ন ইত্যাহ তন্ময়ং হি তদেবেতি সংহরেদোমিতি। তৎ সচ্চিদানন্দরূপং তুরীয়ং ব্রহ্ম তন্ময়ং হীদং সর্ব্বং পটঃ সন্ পটঃ সংবিৎ পটঃ সুখমিত্যাদি-প্রকারেণ তদনুগমদর্শনাৎ। হি যস্মাৎ এবং তস্মিন্নধ্যস্তং সর্ব্বং তস্মাত্তদেবেতি যুক্তিতো নিধার্য্য ওমিত্যাত্মানং প্রতিপাদ্য সর্ব্বং স্বাত্ম-মাত্রতয়া সংহরেদিত্যর্থঃ। ওমিতি তুরীয়প্রতিপত্ত্যা তত্রাধ্যস্তং সর্ব্বং তাব-ন্মাত্রতয়া বিলাপয়েন্মন্দ ইতিভাবঃ। ৪॥

নম্বস্য সর্ব্বস্য কথং ত্রিশরীরত্বম্ কথং বা তুরীয়ে আরোপিতত্বেন তাব-ন্মাত্রত্বম্ কথং বা অস্যোঙ্কারোচ্চারণমাত্রেণ তুরীয়প্রতিপত্ত্যা লয়ঃ ইত্যা-কাঙ্ক্ষায়াং তৎপতিপাদনায় তং বা এতমিত্যাদ্যারভ্য এষ বীরো নৃসিংহ এবেত্যন্তো গ্রন্থ আরভ্যতে। তত্র তাবদবয়বসর্ব্বস্য ত্রিশরীরত্বমাহ তং

প্রলয়াবস্থ ও সদাত্মক বহির্ম্মুখ তাহাকেই কারণশরীর বলা যায়। আর ঐ কারণ শরীরই অন্তর্ম্মুখ সর্ব্বসাক্ষী ও একাকার, ব্রহ্মজ্ঞান হইলে সামান্য শরীর বলিয়া কথিত হয়। বাস্তবিক পরংব্রহ্মেতে যে সমু-দায় আরোপ করিবে, তাহাতে স্বতন্ত্র জ্ঞান করিবে না, সমুদায় তন্ময়, এইরূপ জ্ঞান করিয়া সমুদায় পরিহার করিবে; অর্থাৎ সেই আত্মাই সচ্চিদানন্দময় তুরীয় ব্রহ্ম, তন্ময়ই এই জগৎ, এইরূপে আরোপ করিবে। যেহেতু যাহাতে সমুদায় ন্যস্ত হয়, তিনিই সর্ব্বময়, এইরূপ যুক্তিদ্বারা অবধারণ করিয়া ওঙ্কাররূপে আত্মাকে জানিবে এবং সকলই একমাত্র আত্মা, আত্মভিন্ন আর কিছুই নাই, এইরূপ জ্ঞান করিবে॥ ৪॥

এইক্ষণ পূর্ব্বশ্রুতিতে আশঙ্কা হইতেছে যে, কিরূপে সকলের ত্রিশরীরত্ব হইতে পারে, কিরূপেই বা তুরীয় ব্রহ্মেতে আরোপিত হইয়া তন্মাত্র হয়, আর কেমই বা ওঙ্কারের উচ্চারণমাত্র তুরীয় ব্রহ্ম-বিজ্ঞান হইয়া তাহাতে লয় হইতে পারে? এই সকল প্রশ্নের সমাধানার্থ "তং বা এতং" ইত্যাদি এবং "এষবীরো নৃসিংহ এব ইত্যন্ত গ্রন্থারম্ভ

বা এতং ত্রিশরীরমাত্মানং ত্রিশরীরং পরংব্রহ্মানুসন্দধ্যাদিতি। তমিতি পরমাত্মানং পরামৃশ্য বৈশব্দেন তং স্মারয়িত্বা স এবায়ং প্রত্যগাত্মেত্যাহ এতমিতি। এবমাত্মনঃ পারমার্থিকং রূপমভিধায় তস্যৈব কাল্পনিকং নিয়ম্য-রূপং শরীরত্রয়াত্মকং নিয়ন্তুঃ শরীরত্রয়েণাভিন্নং প্রতিপত্তব্যমিত্যাহ ত্রিশরীরমিত্যাদিনা। স্থূল সূক্ষ্ম-সৌষুপ্ত-শরীরৈরাত্মনস্ত্রিশরীরত্বং তদভি-মানিত্বেনায়মাত্মা বিশ্ব-তৈজস-প্রাজ্ঞ-নামা ভবতি। তম্ এবং ত্রিশরীর-মাত্মানং ত্রিশরীরং পরং ব্রহ্ম অনুসন্দধ্যাৎ অনুচিন্তয়েৎ। বিরাড়্-হিরণ্য-গর্ভাব্যাকৃত-শরীরৈর্ব্রহ্মণস্ত্রিশরীরত্বং তদুপহিতঞ্চ ব্রহ্ম বৈশ্বানর-সূত্রেশ্বর-শব্দৈরভিলপ্যতে। যদ্যপি নিয়ম্যং সর্ব্বং জীবস্য ব্রহ্মণশ্চ শরীরং তথাপি সমষ্টি-শরীরত্রয়-ব্রহ্মাভিব্যক্ত্যতিশয়াৎ তত্ত্রয়ং নিয়ন্তুর্ব্রহ্মণ-ইত্যুচ্যতে। নিয়-ন্তুর্হি নিয়ম্যমাত্রশরীরং শ্রুতম্ যস্য সর্ব্বাণি ভূতানি শরীরম্ ইত্যাদিনা। জীবস্য চ সর্ব্বশরীরত্বং বক্ষ্যতি সর্ব্বে জীবাঃ সর্ব্বময়া ইতি। তস্মাদীশস্য যথা যস্মিন্ শরীরে স্বাতন্ত্র্যং তদ্বত্তদভিন্নস্যাত্মনোঽপি তত্র স্বাতন্ত্র্যং পরি-জ্ঞাতমেব। ৫ ॥

হইতেছে।—পরমাত্মাকেই প্রত্যগাত্মা বলিয়া জানিবে এবং তিনিই ত্রিশরীর, ইহাই পরমাত্মার পারমার্থিকরূপ, আর নিয়ম্য শরীরত্রয়াত্মক রূপই তাঁহার কাল্পনিকরূপ, যেহেতু শরীরত্রয়েই নিয়ম কর্ত্তার অভিন্নরূপ জানা যায়। আত্মার স্থূল, সূক্ষ্ম ও সৌষুপ্ত এই ত্রিবিধ শরীর আছে বলি-য়াই তাহাকে ত্রিশরীর বলা যায়। আর আত্মা ত্রিশরীরাভিমানী বিধায় বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ নামে অভিহিত হয়েন। এইরূপে আত্মাকেও ত্রিশরীর এবং ব্রহ্মকেও ত্রিশরীর বলিয়া চিন্তা করিবে। আর ব্রহ্মও বিরাট্, হিরণ্যগর্ভ এবং অব্যক্ত শরীর দ্বারা ত্রিশরীর হইতেছেন, উক্ত বিরাট্, হিরণ্যগর্ভ ও অব্যক্ত শরীরোপহিত ব্রহ্ম বৈশ্বানর ও সূত্রে-শ্বর শব্দে অভিহিত হইয়া থাকেন। যদিও নিয়ম্য সমুদায়ই জীবব্রহ্মের শরীর, তথাপি সমষ্টি শরীরত্রয়ে ব্রহ্মাভিব্যক্তির আতিশয্যহেতু সেই শরীরত্রয়ই নিয়ন্তা ব্রহ্মের শরীর বলিয়া কথিত হয়, পরন্তু "যস্য সর্ব্বাণি ভূতানি শরীরম্" ইত্যাদি শ্রুতিতে নিয়মকর্ত্তার নিয়ম্যমাত্র শরীরই

স্থূলত্বাৎ স্থূলভুক্ত্বাচ্চ সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মভুক্ত্বা-
চ্চৈক্যাদানন্দভোগাচ্চ সোঽয়মাত্মা চতুষ্পাজ্জাগরিতস্থানঃ

জীবেশশরীরৈক্যমবগন্তব্যম্। স হি প্রতিবোধ-বাক্‌চতুষ্টয়ার্থরূপং শরীরত্রয়ং সৃজতি স্থাপয়তি সংহরতি চ তৎ কথমস্য তৎপারতন্ত্র্যং কথং ত্রিশরীরস্যাস্য পরিচ্ছিন্নস্যাপরিচ্ছিন্ন-ত্রিশরীর-ব্রহ্মণৈক্যং প্রতিপত্তুং শক্যতে গুণৈরিত্যাহ স্থূলত্বাৎ স্থূলভুক্ত্বাচ্চ সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মভুক্ত্বাচ্চৈক্যাদানন্দ-ভোগাচ্চেতি। তত্র স্থূলত্বাদিতি স্থূলবিরাজোরূপাধ্যংশয়োরেকত্বে সামান্যং স্থূলভুক্ত্বাদিতি বিশ্ব-বৈশ্বানরয়োরুপহিতয়োঃ। এবমুত্তরয়োরপি পদদ্বয়ং যোজ্যম্ তুরীয়স্য তু সাক্ষিণঃ সাক্ষিত্বাদেবৈকত্বং দ্রষ্টব্যম্। বক্ষ্যতি চ সাক্ষিত্বাচ্চেতি। এবং ব্যষ্টি-সমষ্ট্যৈক্যোপপাদনেন সর্ব্বস্যাপি জগতস্ত্রি-শরীরত্বং প্রতিপাদ্য প্রণবোচ্চারণমাত্রেণ সর্ব্বপ্রপঞ্চলয়-পূর্ব্বকং তদ্বিলক্ষণে ব্রণ্যবস্থানং দর্শয়িতুং চতুর্ম্মাত্রাত্মকেন প্রণবেন যথোক্তস্য পরাপরস্যাত্মন একত্বং প্রকারেণাপি দর্শয়িতুং তস্য চতুষ্পাত্ত্বং চতুরংশত্বঞ্চাহ সোঽয়মাত্মা

শ্রুত আছে। "আর সর্ব্বে জীবাঃ সর্ব্বময়া" ইত্যাদি শ্রুতিতেও জীবের সর্ব্বশরীরত্ব শ্রুত আছে, অতএব ব্রহ্মের যেমন শরীরে স্বাতন্ত্র্য আছে, সেইরূপ ব্রহ্মাভিন্ন আত্মারও সেই শরীরে স্বাতন্ত্র্য জানা যায়। ৫॥

জীব ও ব্রহ্মশরীরের ঐক্য জানিতে হইবে, পরন্তু সেই জীবই শরীর সৃষ্টি করে, স্থাপন করে ও সংহার করে, তবে কিরূপে সেই জীবের পারতন্ত্র্য হইতে পারে? অর্থাৎ জীব যে ঈশ্বরের অধীন, ইহা কিরূপে সম্ভব হইতেছে। আর ত্রিশরীর পরিচ্ছিন্ন জীবের অপরিচ্ছিন্ন ব্রহ্মের সহিত কিরূপেই বা ঐক্য জানা যায়? এই আশঙ্কায় বলিতেছেন, স্থূল ও বিরাট, এই উপাধি অংশদ্বয়ের একত্ববিষয়ে সাম্য আছে, আর বিশ্ব ও বৈশ্বানর ইহারা স্থূলভুক্ এবং যিনি সাক্ষিস্বরূপ তুরীয় ব্রহ্ম তাহার সর্ব্ব-সাক্ষিত্বহেতুই ঐক্য দৃষ্ট হয়। এইরূপে ব্যষ্টি ও সমষ্টির ঐক্যোপ-পাদনদ্বারা সকল জগতের ত্রিশরীরত্ব প্রতিপাদন করিয়া প্রণবোচ্চারণ-মাত্র সর্ব্বপ্রপঞ্চের লয়সাধনপূর্ব্বক তদতিরিক্ত ব্রহ্মেতে অবস্থান প্রদর্শ-

স্থূলপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভুক্ চতুরাত্মা বিশ্বো বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ। স্বপ্নস্থানঃ সূক্ষ্মপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ

চতুষ্পাদিতি। সোহয়ম্ ইতি পরাপররূপ ইত্যর্থঃ। কথং চতুষ্পাত্ত্বমিত্যাহ জাগরিতস্থান ইত্যাদিনা। স্থূলবিষয়া প্রজ্ঞা অস্যেতি স্থূলপ্রজ্ঞঃ। দ্যৌর্মূর্দ্ধা চক্ষুরাদিত্যোঽগ্নির্মুখং প্রাণো বায়ুর্দ্দেহং মধ্যমাকাশো বস্তিঃ সমুদ্রঃ পৃথিবী পাদাবিতি সপ্তাঙ্গান্যস্য নামরূপাত্মনা তদ্ব্যাপকস্যেতি সপ্তাঙ্গঃ। বাক্-শ্রোত্র-প্রাণ-মন-আদীনি সাধিদৈবতানি নামরূপাশ্রয়া ক্রিয়াসারাণ্যে কোন-বিংশতি-সঙ্খ্যানি মুখানি চোপলব্ধিদ্বারাণ্যস্যেকোনবিংশতিমুখঃ। স্থূলান্ বিষয়ান্ প্রাধান্যেন ভুঙ্ক্তে স্বাত্মসাৎ করোতীতি স্থূলভুক্। চত্বার আত্মানোঽস্যেতি চতুরাত্মা জাগ্রদাদ্যভিমানিনঃ স্থূল-সূক্ষ্ম-কারণ-সাক্ষি-লক্ষণাশ্চত্বার আত্মানঃ প্রসিদ্ধাঃ অন্যথা ব্যবহারাযোগাচ্চ। বিশ্ব-বৈশ্বানর ইতি সমষ্টিব্যষ্ট্যাত্মনোরেকত্বমুক্তম্। প্রথমঃ পাদঃ। এতৎপূর্ব্বকত্বাদুত্তর-পাদাদ্যধিগমস্য সংহারক্রমে স্বপ্নস্থানঃ সূক্ষ্মপ্রজ্ঞ ইতি সূক্ষ্মরূপবাসনাবিষয়া

নার্থ চতুর্মাত্রাত্মক প্রণব যথোক্ত পরাপর আত্মার প্রকারান্তরে একত্ব প্রদর্শনের নিমিত্ত তাহার চতুষ্পাদ ও চতুরংশ বলিতেছেন।—সেই সেই পরাপর আত্মা চতুষ্পাদ, যিনি জাগ্রদবস্থাপন্ন স্থূলবিষয়ে যাহার প্রকৃষ্ট জ্ঞান আছে এবং যিনি সপ্তাঙ্গ, অর্থাৎ আকাশ যাহার মূর্দ্ধা, আদিত্য চক্ষু, অগ্নি মুখ, বায়ু প্রাণ, মধ্যমাকাশ দেহ, সমুদ্র বস্তিদেশ (নাভির অধো-ভাগ) এবং পৃথিবী পাদ এইরূপ সপ্তাঙ্গ যে সর্ব্বব্যাপক পুরুষে বিদ্য-মান আছে, যিনি বাক, শ্রোত্র, প্রাণ, মন প্রভৃতি একবিংশতি সংখ্যক মুখশালী, অর্থাৎ বাক্ শ্রোত্র প্রভৃতি যাহার উপলব্ধির দ্বারস্বরূপ। যিনি স্থূল বিষয় সকল ভোগ করেন, যিনি চতুরাত্মা, অর্থাৎ জাগ্রদাদি অব-স্থার অভিমানী স্থূল, সূক্ষ্ম, কারণ ও সাক্ষী, এই চারিটী আত্মা প্রসিদ্ধ আছে এবং যিনি বিশ্ব ও বৈশ্বানর, তিনিই প্রথম পাদ। ইহাতে বিশ্ব ও বৈশ্বানরের, অর্থাৎ সমষ্টি ও ব্যষ্টি স্বরূপের ঐক্য উক্ত হইল। এই প্রথম পাদ জানিতে পারিলেই উত্তর পাদের জ্ঞান হয়। আর যিনি স্বপ্নাবস্থার

একোনবিংশতিমুখঃ সূক্ষ্মভুক্ চতুরাত্মা তৈজসো হিরণ্যগর্ভো দ্বিতীয়ঃ পাদঃ॥ ৬॥

যত্র সুপ্তো ন কশ্চন কামং কাময়তে ন কশ্চন স্বপ্নং পশ্যতি তৎ সুষুপ্তং সুষুপ্তস্থান একীভূতঃপ্রজ্ঞানঘন এব-

---

অস্ত প্রজ্ঞেতি অন্যমুখয়োরপি বাসনারূপত্বমেবাত্র বোদ্ধব্যম্। স্বপ্নেঽপি বাসনাময়য়োঃ স্থূলসূক্ষ্ময়োঃ প্রতীয়মানত্বাচ্চতূরূপত্বং রূপং ন বিরুধ্যতে ত্রিষপি স্থানেষু তত্ত্বাপ্রতিবোধ-লক্ষণস্য স্বাপস্য তুল্যত্বাৎ॥ ৬।

পূর্ব্বাভ্যাং সুষুপ্তং বিভজতে যত্র সুপ্ত ইতি প্রাপ্তবিষয়-ভোগকালে কস্যাপি কামস্যাভাবাৎ। তৎকাল-ব্যাবৃত্ত্যর্থমাহ ন কঞ্চন স্বপ্নমিতি। স্বপ্নশব্দেনান্যথাগ্রহণমাত্রং বিবক্ষিতম্। যত্র ন কঞ্চন স্বপ্নং পশ্যতীত্যে-বোক্তে কামকালেঽপি বিষয়ান্যথাভাব-লক্ষণস্য স্বপ্নদর্শনস্যাভাবাত্তদ্ব্যাবৃত্ত্যর্থং যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে ইত্যুক্তম্। তৃতীয়পাদমাহ সুষুপ্তস্থান ইত্যাদিনা। অসৎকার্য্যবাদস্যাযুক্তত্বাদ্বিদ্যমানমপ্যত্র সপ্তাঙ্গত্বমেকোনবিংশতি-মুখত্বঞ্চ ন পৃথক্ সর্ব্বাত্রাদ্বিভাব্যতে ইত্যাহ একীভূত ইতি। কিমাত্মকোঽসাবেকীভাব ইত্যাকাঙ্ক্ষায়াং সন্মাত্ররূপ-প্রজ্ঞানাত্মক ইত্যাহ প্রজ্ঞানঘন এবেতি। জাগ্রদাদিপ্রজ্ঞা সবিষয়া একীভূতেয়মবস্থেত্যর্থঃ। অতএব বিশেষবিজ্ঞানায়াভাসাভাবাৎ 'আনন্দময়ঃ' আনন্দ প্রায়ঃ নানন্দ

সাক্ষীস্বরূপ, যিনি সূক্ষ্মপ্রজ্ঞ অর্থাৎ সূক্ষ্মরূপ বাসনা বিষয়েই যাহার প্রকৃষ্ট জ্ঞান আছে, যিনি পূর্ব্বোক্ত প্রকারে সপ্তাঙ্গ ও একোনবিংশতিমুখ, সূক্ষ্মভুক ও চতুরাত্মা, সেই তৈজস হিরণ্যগর্ভই দ্বিতীয়পাদ। ৬॥

এইক্ষণ জাগ্রৎ ও স্বপ্ন হইতে সুষুপ্তির পার্থক্য দেখাইতেছেন।— যাহাতে সুপ্ত হইলে কোন কামনা থাকে না কিম্বা কোন স্বপ্ন দর্শন হয় না, তাহাই সুষুপ্ত। এই সুপ্তই যাঁহার স্থান, যিনি সপ্তাঙ্গ একোনবিংশতি মুখ, প্রজ্ঞানময়, আনন্দভুক, অর্থাৎ বিশ্ব ও তৈজসের ন্যায় ইহারও ভোজ্য আছে, বিশ্ব ও তৈজস পুরুষ বিষয় দর্শনে ব্যগ্রবিধায় তাহাদিগের সম্যক

আনন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখশ্চতুরাত্মা প্রাজ্ঞ ঈশ্বর-স্তৃতীয়ঃ পাদঃ ॥ ৭ ॥

এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোহন্তর্যাম্যেষ যোনিঃ

এব দুঃখবীজস্য বিদ্যামানত্বাৎ অনেন সচ্চিদানন্দাভাসগ্রস্তান্তর্ম্মুখ-সন্মাত্র-রূপ-ব্রহ্মজ্ঞানাত্মক সামান্যশরীরেহন্তঃপ্রবেশোপায়ঃ প্রদর্শিতঃ। বিশ্বতৈজসয়োরিবাত্রাপি ভোগ্যমাহ আনন্দভুগিতি। বিষয়দর্শন-ব্যগ্রতয়া হি ইতরয়োরবস্থয়োঃ পরমানন্দানুভবাভাবঃ। ততোঽত্র তদভাবাৎ। স্বাভাবিকপরমানন্দভোগ উপপন্নঃ প্রজ্ঞানঘনরূপোঽয়ং সৌষুপ্তশ্চ আত্মেতি। কথমবগম্যতে ইতি চেৎ স্বপ্ন-জাগ্রৎ-প্রজ্ঞাকারণত্বাদিত্যাহ চেতোমুখ ইতি। জাগ্রদাদ্যবস্থা চেতসাং কারণভূত ইত্যর্থঃ। সূক্ষ্ম-স্থূলয়োরপি ঘন-রূপেণ বিদ্যমানত্বাদত্রাপি চতুরূপত্বং স্যাৎ ন হ্যসতঃ সম্ভব উৎপন্নঃ তত্র সর্ব্বং ঘনীভূতং বিদ্যতে চেৎ কিমিতি সর্ব্বং ন জানাতীতি চেৎ ন। যেন সন্মাত্ররূপেণ সর্ব্বস্যাপি বিদ্যমানত্বং তদাত্মনা সর্ব্বং জানাত্যেবেত্যাহ প্রাজ্ঞ ইতি। প্রাজ্ঞস্য সমষ্ট্যভিমানিনা [illegible]হ ঈশ্বর ইতি। ৭ ॥

সর্ব্বেশ্বরত্বাদিকমপি ধর্ম্মজাতং সাপেক্ষত্বাৎ বীজস্যৈব প্রাজ্ঞস্য সম্ভবতি ন তু নির্ব্বীজস্য তুরীয়স্যেত্যত আহ এষ সর্ব্বেশ্বর ইত্যাদি। সর্ব্বযোনিত্বে

আনন্দানুভব হয় না, পরন্ত ইহার বিষয় দর্শন ব্যগ্রতা নাই; সুতরাং ইহার স্বাভাবিক পরমানন্দ ভোগ উপপন্ন হইতেছে। আর ইনি চেতোমুখ, অর্থাৎ স্বপ্ন, জাগ্রৎ ও প্রজ্ঞার কারণ, অতএব সুষুপ্তাবস্থাপন্ন আত্মাই প্রজ্ঞানঘন; সুতরাং তিনিই জাগ্রদাদি অবস্থা ও চিত্তের কারণস্বরূপ। আর সূক্ষ্ম ও স্থূলের ঘনরূপে বিদ্যমানতাহেতু ইহার চারিরূপ জানা যায়, কখনও অসৎ পদার্থের সম্ভব উৎপন্ন হয় না, ইহাতেই সন্মাত্ররূপে সকল বিদ্যমান আছে; অতএব সৎস্বরূপেই সকল জানিতেছেন; সুতরাং ইহাকেই প্রাজ্ঞ বলে, এই প্রাজ্ঞই ঈশ্বর এবং ইহাই তৃতীয় পাদ। ৭ ॥

সর্ব্বেশ্বরত্বাদি ধর্ম্মসকলও সাপেক্ষত্বপ্রযুক্ত জগৎকরণীভূত প্রাজ্ঞ পুরুষেরই সম্ভব হয়। কিন্তু নির্ব্বীজ তুরীয় ব্রহ্মের তাহা সম্ভবেনা, অতএব

সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রং চিদেকরসো হ্যয়মাত্মা অথ চতুর্থশ্চতুরাত্মা

হেতুমাহ প্রভবাপ্যয়ৌ হি ভূতানামিতি। এবং পাদত্রয়মাত্মন্যারোপ্য তস্যাজ্ঞান-মিথ্যাজ্ঞানরূপত্বেনাবস্তুত্বমাহ ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নমিতি। জাগ্রদাদিকমেতৎ ত্রয়মপি সুষুপ্তম্। ন হ্যত্র কিঞ্চিদপি বস্তু বিজ্ঞায়তে তত্ত্বেন মূঢ়ৈঃ। স্বপ্নরূপঞ্চৈতত্রয়ম্, অন্যথা জ্ঞানরূপত্বাৎ তাৎপর্য্যার্থমাহ মায়ামাত্রমিতি। অত্র হেতুমাহ চিদেকরসো হ্যয়মাত্মেতি। ন হি চিদেক-রসস্যাত্মনো মায়াব্যতিরেকেণোক্তবৈচিত্র্যং সম্ভবতীত্যর্থঃ। তুরীয়পাদস্যাপি সোপক্রমং চতুরূপত্বমাহ অথ চতুর্থশ্চতুরাত্মেতি। চতুর্ণামপ্যাত্মনাং কথং তুরীয়স্য সম্ভবতীত্যত আহ তুরীয়াবসিতত্বাদেকৈকস্যেতি। একৈকস্য রূপস্যেত্যর্থঃ। কৈরূপৈস্তুরীয়স্য চতুরূপত্বমিত্যত আহ ওতানুজ্ঞাত্রনুজ্ঞাহ-বিকল্পৈরিতি। অবিকল্পৈরিতি পদচ্ছেদঃ। ওতাদীনাং স্বরূপমুত্তরত্র বক্ষ্যতি। নমু চতুরূপত্বে তুরীয়স্যানেকরসত্বং স্যাদিতি চেৎ ন রূপত্রয়স্য

এই প্রাজ্ঞই সর্ব্বেশ্বর, ইনিই সর্ব্বজ্ঞ, ইনিই অন্তর্য্যামী এবং ইনিই সকলের যোনি, অর্থাৎ কারণরূপে বিদ্যমান আছেন, যেহেতু ইহা হইতেই সর্ব্ব-ভূতের উৎপত্তি ও বিনাশ হইতেছে। জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্ত, এই পাদ-ত্রয়ই আত্মাতে আরোপিত আছে এবং এই তিনই সুষুপ্তস্বরূপ, সুষুপ্তা-বস্থাতে অজ্ঞেরা কোন বস্তুই যথার্থরূপে জানিতে পারে না, বাস্তবিক স্বপ্ন ও সুষুপ্ত মায়ামাত্র, কেবল একমাত্র আত্মাই চিৎস্বরূপ। মায়াব্যতিরেকে চিন্ময় আত্মার উক্তরূপ বৈচিত্র্য সম্ভবে না। যিনি চতুর্থপাদস্বরূপ, তাঁহার উক্ত চারিরূপ জানা যায়। এক একরূপে উক্ত চারি আত্মাই চতুর্থপাদ-রূপী আত্মাতে পর্য্যবসিত আছেন, অর্থাৎ ওতা, অনুজ্ঞাতা, অনুজ্ঞা ও অবিকল্প, এই চারিরূপে এক তুরীয় ব্রহ্মে চারি আত্মা অধিষ্ঠিত রহিয়া-ছেন। এই ওতা প্রভৃতির স্বরূপ, ইহা পরে কথিত হইবে। এইরূপ যদি আত্মা চতুর্ব্বিধ হইলেন, তাহাহইলে তুরীয় আত্মারও অনেকরূপ হইতে পারে, তাহাও নহে, যেহেতু রূপত্রয়েরই কারণভূত তুরীয় ব্রহ্মেতে অন্তর্ভাব

তুরীয়াবসিতত্বাদেকৈকস্যোতানুজ্ঞাত্রনুজ্ঞাত্ৰবিকল্পৈস্ত্রয়মা-
ত্রাপি সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রং চিদেকরসো হ্যথায়মাদেশো

কারণ এবান্তর্ভাবাদিত্যাহ ত্রয়মাত্রাপীত্যাদিনা। অত্রাপি তুরীয়পাদে ত্রয়-মোতানুজ্ঞাত্রনুজ্ঞালক্ষণং সুষুপ্তস্থলমিত্যুক্তার্থম্। অয়ং ভাবঃ। সচ্চিদানন্দ-রূপস্য কারণ-সাক্ষিণঃ সদাদিরূপৈঃ কারণব্যাপ্তি-চিন্তনমোতযোগো নাম তেন ব্যাপ্তস্য কারণস্য স্বতঃ সত্তাদ্যভাবাৎ তদধীনসত্তাপ্রকাশকত্বেন তস্মিন্নধ্যস্তং তদিতিচিন্তনমনুজ্ঞাতৃযোগো নাম। তস্মিন্নধ্যস্তস্যাভাবমাত্র-মেতদিতি চিন্তনমনুজ্ঞাযোগো নাম। এতচ্চ যোগত্রয়মোতানুজ্ঞাত্রনুজ্ঞা-রূপেণাবিভক্তেন প্রণবেন কার্য্যম্। ওতমিত্যত্র তকারে লুপ্তে সত্যোমিতি ভবতি তস্মাদোতশব্দ এবায়মোঙ্কারঃ তস্মাদোতত্বগুণ-বিশিষ্টং ব্রহ্ম অনেন প্রতিপত্তুং শক্যম্। অনুজ্ঞাতৃত্বানুজ্ঞাত্বয়োরপ্যোঙ্কারে প্রসিদ্ধত্বাৎ তদ্গুণ বিশিষ্টমপি ব্রহ্ম অনেনৈবাবিভক্তেন তুরীয়েণ প্রতিপত্তুং শক্যতে। এতচ্চ যোগত্রয়ং কারণপ্রতিব্যপেক্ষমিতি কারণ এবান্তর্ভবতীতি ত্রয়মপ্যেতং

আছে, অর্থাৎ কারণ সাক্ষীভূত সচ্চিদানন্দের সদাদিরূপে কারণব্যাপ্তি চিন্তা করিবে। অতএব সর্ব্বব্যাপ্ত কারণস্বরূপ সৎস্বরূপের সত্তাদি অভাব-হেতু তদধীন সত্তার প্রকাশক বলিয়াই সেই সৎস্বরূপে সকল আরোপিত হয়। আর সদাদিরূপে যে কারণের ব্যাপ্তি চিন্তন, তাহার নাম ওতাযোগ, সৎস্বরূপে যে আরোপিতচিন্তন, তাহার নাম অনুজ্ঞাতৃযোগ এবং স্বরূপে আরোপিত হেতু ভাবমাত্রই জগৎ, এইরূপ চিন্তনের নাম অনুজ্ঞাযোগ, এই ত্রিবিধযোগই প্রণবদ্বারা করিতে হয়, অর্থাৎ "ও তং" এই শব্দের তকার লোপ করিলেই "ওম্" এই অক্ষর হয়, অতএব 'ও তং" এই শব্দকেই ওঙ্কার জ্ঞান করিবে; সুতরাং ব্রহ্মকে ওতত্বগুণবিশিষ্ট জানা যাইতে পারে। অনুজ্ঞাতৃত্ব ও অনুজ্ঞাত্ব ইহারা ওঙ্কারে প্রসিদ্ধ আছে বলিয়া অনুজ্ঞাতা ও অনুজ্ঞার গুণবিশিষ্টরূপে অবিভক্ত তুরীয় ব্রহ্মকে জানা যায়। পরন্ত এই যোগত্রয়ও কারণসাপেক্ষ এবং কারণেরই অন্তর্গত আছে, এই নিমিত্ত উক্তযোগত্রয়ই সুষুপ্ত, স্বপ্ন ও মায়ামাত্র। আর যোগত্রয় তুরীয় ব্রহ্মের

ন স্থূলপ্রজ্ঞং ন সূক্ষ্মপ্রজ্ঞং নোভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘন-মদৃষ্ট-মব্যবহার্য্য-মগ্রাহ্য-মলক্ষণ-মচিন্ত্য-মব্য

সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রমিত্যুক্তম্। তুরীয়প্রধানত্বাচ্চস্য যোগত্রয়স্য কারণ-সংহারকস্য তুরীয়েপ্যন্তর্ভাবো বিদ্যতে। তুরীয়-প্রধানা হি তদা বুদ্ধিবৃত্তি-র্ভবতি। ততস্তুরীয়পাদত্রয়ত্বমপি ন বিরুধ্যতে ইতি। এবং তুরীয়পাদত্রয়স্য মিথ্যাত্বমভিধায় পারমার্থিকং তুরীয়স্য চতুর্থং রূপং নির্ব্বিশেষমিতি। বিশেষ-প্রতিষেধমুখেনৈবোপদেষ্টুং শক্যত ইত্যাহ অথায়মাদেশ ইতি ন স্থূলপ্রজ্ঞমিতি। জাগ্রদবস্থা-তদভিমানিতদ্ভেদানাং নিষেধঃ। ন সূক্ষ্মপ্রজ্ঞ-মিতি স্বপ্নাদেঃ। নোভয়তঃ প্রজ্ঞমিতি জাগ্রৎস্বপ্নয়োর্মধ্যস্য নিষেধঃ। ন প্রজ্ঞমিতি সামান্যজ্ঞানস্য। নাপ্রজ্ঞমিতি অচেতনত্বস্য। ন প্রজ্ঞানঘন-মিতি সুষুপ্তাবস্থাদেঃ অতোঽদৃষ্টং চক্ষুষা কর্ম্মেন্দ্রিয়ৈরপ্যব্যবহার্য্যম্। শ্রোত্রাদিভিরপ্যগ্রাহ্যম্ অতঃ অলক্ষণম্ অলিঙ্গম্ অননুমেয়মিত্যর্থঃ।

অন্তর্গত আছে এবং এই তুরীয় ব্রহ্মেতেই বুদ্ধিবৃত্তি হয়, অতএব ব্রহ্মের তুরীয় পাদও বিরুদ্ধ হইতেছে না, এইরূপে তুরীয় পাদের মিথ্যাত্ব নিরূপণ দ্বারা পারমার্থিক তুরীয় ব্রহ্মের চতুর্থরূপই নির্ব্বিশেষ হইতেছে। এই প্রকারে বিশেষ প্রতিষেধ পূর্ব্বক উপদেশ করিতে শক্য হয়, অর্থাৎ ইহাই বিশেষ উপদেশ যে, পরব্রহ্ম স্থূলপ্রজ্ঞ নহেন, কেহই তাহাকে স্থূলরূপে জানিতে পারে না, ইহাতে জাগ্রদবস্থা ও তদভিমানীর প্রতিষেধ হইল। আর তিনি সূক্ষ্মপ্রজ্ঞ নহেন, ইহাতে স্বপ্নাবস্থা ও তদভিমানীর প্রতিষেধ হইল এবং তিনি স্থূল সূক্ষ্ম উভয়প্রজ্ঞ নহেন; সুতরাং পরংব্রহ্ম জাগ্রৎ ও স্বপ্ন ইহাদিগের মধ্যাবস্থাপন্ন নহেন, ইহাই প্রতিপন্ন হইতেছে। আর তিনি প্রজ্ঞ নহেন, অর্থাৎ সামান্য জ্ঞানের গম্য হয়েন না, তাঁহাকে অপ্রজ্ঞও বলা যায় না, যেহেতু তিনি অচেতন নহেন। আর পরংব্রহ্ম প্রজ্ঞান ঘনও হইতেছেন না, ইহাতে তাঁহার সুষুপ্তাবস্থাদির নিষেধ হইল, বাস্তবিক তিনি অদৃষ্ট, অর্থাৎ সামান্য চক্ষুদ্বারা তাঁহাকে দর্শন করা যায় না, পরন্তু তিনি কর্ম্মেন্দ্রিয়ের ব্যবহারযোগ্য হয়েন না এবং তিনি

পদেশ্য-মেকাত্ম-প্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শিবং শান্তম-দ্বৈতং মন্যন্তে। স এবাত্মা স এব বিজ্ঞেয় ঈশ্বরগ্রাসস্তুরী-য়স্তুরীয়ঃ। ৮ ॥

ইতি প্রথমঃ খণ্ডঃ ॥ ১ ॥

কেবলমনসাপ্যচিন্ত্যম্ অতঃ শব্দৈরব্যপদেশ্যম্। প্রমাণাভাবান্নাস্তি তর্হি তদিতি নেত্যাহ একাত্ম-প্রত্যয়সারমিতি। জাগ্রদাদিষ্বেকোঽহমাত্মেত্য-ব্যভিচারী সর্ব্বপ্রাণিনাং সুক্ষ্মস্বাভাবিকোঽকৃত্রিমঃ প্রত্যয়ঃ সততোদিতঃ তেন সারং সরণীয়ং তৎসাধকত্বেন তদবিষয়তয়ানুসরণীয়ং তৎপ্রমাণকমি-ত্যর্থঃ। তথা প্রপঞ্চোপশমম্ উপশান্ত-প্রপঞ্চম্ অতঃ শিবং নিরুপদ্রব-সুখরূপম্। অতঃ শান্তম্ অবিক্রিয়ম্ অবিক্রিয়ত্বাদি-ধর্ম্মবত্ত্বমপি নাস্তীত্যাহ অদ্বৈতমিতি। ইত্যেবং তুরীয়পাদস্য চতুর্থং রূপং মন্যন্তে ব্রহ্মবিদঃ। এবং সর্ব্ববিশেষ-বিনির্ম্মুক্তং ব্রহ্মাত্মানমুপদিশ্য মুমুক্ষুং তজ্‌জ্ঞান এব নিয়ময়তি স

শ্রোত্রাদির অগ্রাহ্য, অতএব পরংব্রহ্মই অলক্ষণ, অর্থাৎ কোনরূপ লক্ষণের বিষয় নহেন এবং অলিঙ্গ, অর্থাৎ কোন কারণে তাহার অনুমান হয় না এবং তাহাকে কেবল মনে মনে চিন্তা করা যায় না, অতএব কোন শব্দদ্বারাও তাহাকে কেহ প্রকাশ করিতে পারে না এবং তাঁহার অস্তিত্ব-বিষয়ে প্রমাণাভাব হেতু তিনি নাই, ইহাও বলা যায় না, যেহেতু কেবল আত্মপ্রতীতিই তাঁহার জ্ঞানের কারণ। জাগ্রদাদি সকল অবস্থাতেই আত্মা আছেন, এইরূপ প্রতীতি হইয়া থাকে, সকল প্রাণীরই এই এক প্রতীতি হয় যে, সুক্ষ্মভাবে আত্মা আছেন, এই প্রতীতিপ্রমাণেই আত্মাকে জানা যাইতেছে, আর তাহাতে কোন প্রপঞ্চের সম্পর্ক নাই, অতএব তিনি শিবস্বরূপ, অর্থাৎ সর্ব্বপ্রকার উপদ্রব রহিত, আর পরব্রহ্ম শান্ত, অর্থাৎ অবিক্রিয়, পরন্ত অবিক্রিয়ত্বাদি ধর্ম্মও তাঁহার নাই, যেহেতু তিনি অদ্বৈত। ব্রহ্মবিৎ পণ্ডিতগণ এইরূপে তুরীয় পাদের চতুর্থরূপ স্বীকার করিয়া থাকেন। এইরূপে সর্ব্বপ্রকার বিশেষ ধর্ম্ম বিবর্জ্জিত

এবাত্মা বিজ্ঞেয় ইতি। নন্বীশ্বর এব বিজ্ঞেয়ো নাত্মা ইত্যাশঙ্ক্য ঈশ্বরস্যাপি কারণাত্মনঃ সংহারকোঽয়ং ব্রহ্মরূপ আত্মা তস্মাৎ স এব পরমেশ্বরো জ্ঞেয় ইত্যাহ ঈশ্বরগ্রাস ইতি। ঈশ্বরম্‌অপি কারণাত্মানং স্বাসাধারণবৃত্ত্যা রূঢ়ঃ সন্ গ্রসতীতি ঈশ্বরগ্রাসঃ যস্মাৎ তুরীয় ঈশ্বরমপি গ্রসতি তস্মাৎ তস্যৈবাত্ম-শব্দযোগ্যতা তস্মাৎ স এবাত্মা তস্মাৎ স এব তুরীয়ঃ। তদনুভবার্থ এব প্রযত্নোঽনুষ্ঠেয় ইত্যর্থঃ॥ ৮॥

ইত্যুত্তরতাপনীয়ে প্রথমঃ খণ্ড॥ ১॥

ব্রহ্মস্বরূপ পরমাত্মোপদেশ করিয়া এইক্ষণ মুমুক্ষু ব্যক্তিদিগের যে উক্ত পরমাত্ম জ্ঞান বিধেয়, তাহাই বলিতেছেন।—মুক্তিকামী ব্যক্তিরা এই পরমাত্মাকে জানিবে। মুমুক্ষুরা ঈশ্বরকেও জানিতে চেষ্টা করিবে না, তাহারা সর্ব্বতোভাবে আত্মতত্ত্ব জানিতে যত্ন করিবে, যেহেতু এই পর-ব্রহ্মরূপী আত্মা কারণস্বরূপ ঈশ্বরেরও সংহারক। অতএব পরমাত্মাই মুমুক্ষুদিগের একমাত্র জ্ঞেয়, এই পরমাত্মা স্বীয় অসাধারণ বৃত্তিদ্বারা কারণাত্মা ঈশ্বরকেও গ্রাস করেন। যেহেতু পরমাত্মা তুরীয় ঈশ্বরকেও গ্রাস করেন, অতএব তাহারই আত্মশরীরযোগ্যতা; সুতরাং তিনিই আত্মা এবং তিনিই তুরীয়ব্রহ্ম, তাঁহার জ্ঞানার্থ অবশ্য যত্ন ও অনুষ্ঠান করিবে॥ ৮॥

ইতি প্রথমঃ খণ্ডঃ॥ ১॥

দ্বিতীয় খণ্ডঃ।

—oo—

তং বা এতমাত্মানং জাগ্রত্যস্বপ্নমসুষুপ্তং স্বপ্নে জাগ্রত-মসুষুপ্তং সুষুপ্তে জাগ্রতমস্বপ্নং তুরীয়েঽজাগ্রতমস্বপ্নমসুষুপ্ত-মব্যভিচারিণং নিত্যানন্দং সদৈকরসং হ্যেবম্ ॥ ১ ॥

যদুক্তং ত্রয়মপ্যেতৎ সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রমিতি। তৎসংগ্রহেণ চিদেক-রসো হীত্যুপপাদিতম্ পুনরপি সহেতুকস্য তস্যৈব বিস্তরেণ প্রতিপাদনায় মাত্রাপাদৈক্যং প্রদর্শ্য প্রণবোচ্চারণেন সর্ব্বসংহার-পূর্ব্বকং বিদুষস্তুরীয়-মাত্ররূপত্ব-দর্শনায় চ খণ্ডান্তরপ্রারম্ভঃ। তং বা এতমিতি। অত্র প্রথম-মাগমায়ান্বিতদবধ্যস্বর-ব্যতিরেকমাশ্রিত্যাবস্থাত্রয়-ব্যভিচারিত্বেনাব্যভিচা-রিণাত্মনি কল্পিতত্বমাহ তমিত্যাদিনা। তমিত্যুক্তং তুরীয়ং পরামৃশ্যতে। এতমিত্যস্যৈবাবস্থাত্রয়ানুগতিং দর্শয়তি অব্যভিচারিত্বোপপাদনায়। অথ জাগ্রদাদিত্রয়স্যেতরেতরব্যভিচারিত্বং তুরীয়ে সর্ব্বব্যভিচারশ্চ সাধয়তি জাগ্রত্যস্বপ্নমসুষুপ্তমিত্যারভ্য তুরীয়ে অজাগ্রতমস্বপ্নমসুষুপ্তমিত্যন্তেন। তং চতুষ্পাদং মাত্রাভিরোঙ্কারেণ চৈকীকুর্য্যাদিত্যুত্তরত্র দ্বিতীয়ান্তানাং

পূর্ব্বে উক্ত হইয়াছে যে, স্বপ্ন ও সুষুপ্ত মায়ামাত্র এবং সেই মায়ার সংগ্রহদ্বারা একমাত্র চিন্ময়ই উপপাদিত হইয়াছে, এক্ষণ পুনর্ব্বার হেতু প্রদর্শন পূর্ব্বক সেই চিন্ময়ের ব্রহ্মত্ব প্রতিপাদনার্থ মাত্রার ঐক্য প্রদর্শন করিয়া প্রণবোচ্চারণ দ্বারা সর্ব্বসংহার পূর্ব্বক সর্ব্বজ্ঞের তৃতীয় মাত্রা স্বরূপ প্রদর্শনার্থ দ্বিতীয় খণ্ডের আরম্ভ হইতেছে। তুরীয় ব্রহ্মই জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়ে আত্মস্বরূপে বিদ্যমান আছেন। ইনি জাগ্রদবস্থাতে অস্বপ্ন ও অসুপ্ত, স্বপ্নাবস্থায় জাগ্রত ও অসুপ্ত, সুষুপ্তাবস্থায় জাগ্রত ও অস্বপ্ন এবং তুরীয়াবস্থায় অজাগ্রত, অস্বপ্ন ও অসুপ্ত। অতএব সেই চতুষ্পাদ ব্রহ্মকে সর্ব্বত্র অব্যভিচারী নিত্যানন্দ ও সর্ব্বদা একরসা-ত্মক বলিয়া জানিবে। এই চতুষ্পাদ ব্রহ্মই ওঙ্কারের সহিত একীভূত।

চক্ষুষো দ্রষ্টা বাচো দ্রষ্টা মনসো দ্রষ্টা বুদ্ধের্দ্রষ্টা প্রাণস্য দ্রষ্টা তমসো দ্রষ্টা সর্ব্বস্য দ্রষ্টা ততঃ সর্ব্বস্মাদস্মাদন্যো বিলক্ষণঃ ॥ ২ ॥

সর্ব্বেষাং পদানামন্বয়ঃ। আত্মনস্তনাত্মবৎ ন ব্যভিচারঃ সর্ব্বকল্পনাধিষ্ঠানত্বেন সর্ব্ববাধাবধিত্বেন চেত্যাহ অব্যভিচারিণমিতি। উক্তান্বয়-ব্যতিরেকফলমাহ নিত্যানন্দং সদেকরসং হ্যেবমিতি। এবং সতি নিত্যত্বমানন্ত্যং পরমার্থসত্ত্বমেকরসত্বঞ্চাত্মনঃ সিদ্ধমিত্যর্থঃ। অবস্থাত্রয়ানুগমান্নিত্যত্বম্ তদ্ব্যাপকত্বাদানন্ত্যম্ ব্যভিচারিত্বেন কল্পিতস্য সতঃ পরমার্থসদ্রূপাধিষ্ঠানাপেক্ষত্বাৎ সত্ত্বম্ কল্পিতস্যাধিষ্ঠান-ব্যতিরেকেণাভাবাদেকরসত্বম্ ॥ ১ ॥

অথ দ্রষ্টৃ-দৃশ্যান্বয়-ব্যতিরেকমাহ চক্ষুষো দ্রষ্টেত্যারভ্য সর্ব্বস্য দ্রষ্টেত্যন্তেন। চক্ষুঃশ্রোত্রাভ্যাং নামরূপবিষয়াভ্যামবশিষ্টমপি জ্ঞানেন্দ্রিয়ত্রয়ং গৃহ্নাতি। বাচা শব্দনির্ব্বর্ত্তিকয়াহবিশিষ্টমপি কর্ম্মেন্দ্রিয়গ্রহণম্। জ্ঞানক্রিয়াশক্তি-সমষ্টিরূপাভ্যাং তদ্বৃত্তিগ্রহণম্। তম ইতি কারণমুক্তম্। উক্তান্বয়-দ্রষ্টৃত্বং সংক্ষিপ্যাহ সর্ব্বস্যেতি। উক্তান্বয়ব্যতিরেকফলমাহ ততঃ সর্ব্ব-

---

কোন স্থানেও ইহার ব্যভিচার নাই, ইনিই সকলের আশ্রয় ইহাতে আত্মার নিত্যত্ব, অনন্তত্ব, পরমার্থসত্ব ও একরসত্ব সিদ্ধ হইল। পরমাত্মা অবস্থাত্রয়ের অনুগত বিধায় নিত্য, সর্ব্বব্যাপকহেতু অনন্ত, ব্যভিচারিত্বরূপে কল্পিত সৎপদার্থ সকল পরমার্থ সদ্রূপে অধিষ্ঠিত হেতু সত্য, আর অধিষ্ঠানব্যতিরেকে কল্পিত পদার্থের সম্ভব হয় না বলিয়া তিনি এক রসাত্মক ॥ ১ ॥

এইক্ষণ অন্বয় ও ব্যতিরেকে রূপে দ্রষ্টা ও দৃশ্যের সম্বন্ধ স্থির করিতেছেন।—পরমাত্মাই চক্ষুর দ্রষ্টা ও কর্ণের শ্রোতা। তিনি নামরূপাদি বিশিষ্ট না হইয়াও জ্ঞানেন্দ্রিয়ত্রয় গ্রহণ করেন, অর্থাৎ পরমাত্মাই চক্ষুদ্বারা দর্শন করেন ও কর্ণদ্বারা শ্রবণ করেন, আর সেই পরমাত্মা বাক্যপ্রবর্ত্তক শব্দবিহীন হইয়াও কর্ম্মেন্দ্রিয়জন্য জ্ঞান গ্রহণ করেন। তিনিই বুদ্ধি ও প্রাণের দ্রষ্টা, অর্থাৎ পরমাত্মাই জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি দ্বারা বুদ্ধি ও প্রাণের

চক্ষুষঃ সাক্ষী শ্রোত্রস্য সাক্ষী বাচঃ সাক্ষী মনসঃ সাক্ষী বুদ্ধেঃ সাক্ষী প্রাণস্য সাক্ষী তমসঃ সাক্ষী সর্ব্বস্য সাক্ষী ততোঽবিক্রিয়ো মহাচৈতন্যোঽস্মাৎ সর্ব্বস্মাৎ প্রিয়তম আনন্দঘনং হ্যেবম্ ॥ ৩ ॥

স্মাদিতি। ততো দ্রষ্টৃত্বেন সর্ব্বত্রান্বয়াব্যভিচারিণী দৃশ্যাদন্যত্বম্ তস্মাদ্বৈলক্ষণ্যঞ্চাত্মনো ঘট-দ্রষ্টৃত্ববৎ সিদ্ধমিত্যর্থঃ। প্রথমান্তানামেকেষাং পদানাং দ্বিতীয়ান্তত্বেন পরিণতানামুত্তরত্রৈবান্বয়ঃ ॥ ২ ॥

অথ সাক্ষি-সাক্ষ্যান্বয়-ব্যতিরেকমাহ চক্ষুষঃ সাক্ষীত্যারভ্য সর্ব্বস্য সাক্ষীত্যন্তেন। অস্যান্বয়-ব্যতিরেকফলমাহ ততোঽবিক্রিয়ো মহাচৈতন্য ইতি। ততঃ সর্ব্বসাক্ষিত্বেনাবিক্রিয়ত্বং মহত্বং চিদ্রূপত্বঞ্চ সিদ্ধমিত্যর্থঃ। দুঃখি-পরমপ্রেমাস্পদান্বয়-ব্যতিরেকমাহ অস্মাৎ সর্ব্বস্মাৎ প্রিয়তম ইতি। পুত্রবিত্তাদেশ্চক্ষুঃ শ্রোত্রাদেশ্চ প্রিয়তমঃ তচ্ছেষত্বেন হি তেষাং প্রিয়ত্বং ন স্বতঃ আত্মনস্তু স্বত এব প্রিয়ত্বম্ অতঃ পরম-প্রেমাস্পদত্বাৎ পরমানন্দরূপোঽয়মাত্মেতি। অস্যান্বয়-ব্যতিরেকস্য ফলমাহ আনন্দঘনং হ্যেবমিতি। দ্বিতীয়ায়া উক্ত এবান্বয়ঃ ॥ ৩ ॥

বৃত্তি গ্রহণ করিয়া থাকেন। আর পরমাত্মাই সর্ব্বপ্রকার ইন্দ্রিয়জন্য জ্ঞানের আশ্রয় এবং উক্তামুক্ত সকলেরই দ্রষ্টা পরমাত্মা, আর পরমাত্মা সকল পদার্থের অতিরিক্ত। যেহেতু তিনি সকল পদার্থের দ্রষ্টা, অতএব পরমাত্মাই সকল দৃশ্য পদার্থ হইতে অন্য এবং তিনিই সর্ব্ববিলক্ষণ, অর্থাৎ সর্ব্বাতিরিক্ত ॥ ২ ॥

পরমাত্মা চক্ষুর সাক্ষী, কর্ণের সাক্ষী, বাক্যের সাক্ষী, মনের সাক্ষী, বুদ্ধির সাক্ষী, প্রাণের সাক্ষী, সর্ব্বেন্দ্রিয়ের সাক্ষী এবং উক্তামুক্ত সর্ব্ব পদার্থের সাক্ষী। আর তিনি সর্ব্বসাক্ষী, এই হেতুই বিক্রিয়াবিহীন, মহান, এবং চিন্ময়। ইনিই পুত্র কলত্রাদি এবং চক্ষুঃ শ্রোত্রাদি হইতেও প্রিয়তম; সুতরাং পরমাত্মা সকলের প্রেমাস্পদবিধায়ই পরমানন্দরূপী। ৩।

অস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিধাত-মেকরসমেবাজর-মমর-মমৃত-মভয়ং ব্রহ্মৈবাপ্যজয়ৈনং চতুষ্পাদং মাত্রাভি-রোঙ্কারেণ চৈকীকুর্য্যাৎ ॥ ৪ ॥

এবমন্বয়-ব্যতিরেক-চতুষ্টয়েন সচ্চিদানন্দানন্তাত্মরূপত্বং প্রসাধ্য সচ্চি-দাদি-ভেদেনানেকরসত্বমাশঙ্ক্য তদ্ব্যুদাসার্থমাহ অস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিভাতমেকরসমেবেতি। অস্মাৎ সচ্চিদাদি-বাচ্যভেদ-প্রত্যয়াৎ পুরতঃ পূর্ব্বমেব সুষ্টু বিস্পষ্টং তদ্ভেদসাক্ষিত্বেন ভাতীত্যনৃতাদি-বিরুদ্ধরূপঃ আত্মা তথোক্তঃ তৎফলমাহ একরসমেবেতি। এবং ব্রহ্মলক্ষণ-লক্ষিতত্বাদ্ ব্রহ্মৈ-বায়মাত্মেত্যাহ অজর-মমর-মমৃত-মভয়ং ব্রহ্মৈবেতি। অমরমিত্যেকদেশ-নাশপ্রতিষেধঃ। অমৃতমিতি সর্ব্বনাশনিষেধঃ। তস্মাদমরং যদ্ ব্রহ্ম তদে-বায়মাত্মেত্যর্থঃ। কথং তর্হি তস্য চতুষ্পাত্ত্বমুক্তমিত্যনাদ্যা-কল্পিতং তদি-ত্যাহ অপ্যজয়ৈনং চতুষ্পাদমিতি। ব্রহ্মস্বরূপমপ্যেনম্ অজয়া অনাদ্য-বিদ্যয়া মায়য়া চতুষ্পাদম্ কিমিত্যাহ মাত্রাভিরোঙ্কারেণ চৈকীকুর্য্যাদিতি। মাত্রাঃ অকারাদ্যাঃ ওঙ্কারঃ তাস্বনুগতঃ ওতানুজ্ঞাত্রনুজ্ঞাঽবিকল্পরূপঃ ॥ ৪ ॥

ইতিপূর্ব্বে অন্বয়ব্যতিরেকরূপে পরমাত্মার সচ্চিদানন্দত্ব ও অনন্ত স্বরূপ প্রতিপাদন করিয়া এইক্ষণ সচ্চিদাদিভেদে তাঁহার অনেকরসত্ব শঙ্কা নিরাসার্থ বলিতেছেন। এই সচ্চিদানন্দাদি স্বরূপ ব্যাখ্যানের পূর্ব্বেই পরমাত্মার একরসত্ব সুবিস্পষ্টরূপে প্রতিপাদিত হইয়াছে। পর-মাত্মা সচ্চিদানন্দত্বাদিভেদ-সাক্ষীবিধায় তিনি একরসাত্মক। যিনি উক্ত লক্ষণলক্ষিত ব্রহ্ম, তিনিই পরমাত্মা, ইনি অজর, অমর, অমৃত ও অভয়। তাহার কোন একদেশে বা সর্ব্বপ্রকারে বিনাশ নাই, ইহাই অমর ও অমৃত এই পদদ্বয়ে প্রদিপাদিত হইতেছে। অতএব সেই অভয় ব্রহ্মই আত্মা। এইক্ষণ আশঙ্কা হইতেছে যে, যদি উক্তরূপ ব্রহ্মই আত্মা হইলেন, তবে কিরূপে চতুষ্পাদ হইতে পারেন? সুতরাং আত্মার অনাদি অবিদ্যা কল্পিত হইতে পারে, তাহা নহে, যেহেতু অনাদি অবিদ্যা দ্বারা ব্রহ্মের চতুষ্পাদ মাত্র জানা যায়, বাস্তবিক অকারাদি মাত্রাবিশিষ্ট ওঙ্কা-রের সহিত একীভূত হইয়া আছেন। ৪।

জাগরিতস্থানশ্চতুরাত্মা বিশ্বানরশ্চতুরূপোঽকার এব চতুরূপো হ্যয়মকারঃ স্থূল-সূক্ষ্ম-বীজ-সাক্ষিভি-রকাররূপৈ-রাপ্তেরাদিমত্ত্বাদ্বা ॥ ৫ ॥

কস্য পাদস্য কয়া মাত্রয়ৈক্যমিত্যাহ জাগরিতস্থান ইত্যাদিনা। জাগরিতস্থানশ্চতুরাত্মা বিশ্বো বৈশ্বানর ইত্যুক্তানুবাদঃ। তস্য বৈশ্বর্য্যাদি-ভেদেন চতুরাত্মনা অকারেণৈক্যমাহ চতুরূপোঽকার এবেতি। অকারস্য চতুরূপত্বমসিদ্ধমিতি নেত্যাহ চতুরূপো হ্যয়মকার ইতি। কথং প্রসিদ্ধির পীত্যত আহ স্থূল-সূক্ষ্ম-বীজ-সাক্ষিভিরকাররূপৈরিতি। স্থূলাদি-বিমর্শরূপ-বৈখরী-মধ্যমা-পশ্যন্তী-পরারূপ-বীজ-বিন্দু-নাদ-শক্তিভিরকার-রূপৈরিত্যর্থঃ। কেন সামান্যেনাকার-বিরাড়াত্মনোরেকত্বং নির্ণীয়ত ইত্যাহ আপ্তেরাদি-মত্ত্বাদ্বেতি। অকারস্য তাবৎ সর্ব্ববর্ণব্যাপ্তিঃ প্রসিদ্ধা বিরাজশ্চ বিশ্বরূপাত্ম-ত্বেন ব্যাপ্তিঃ সিদ্ধৈব তেন ব্যাপ্তিসামান্যেন তাবদেকত্বং প্রতিপত্তুং শক্যতে। নামরূপাত্মনোরকার-বিরাজোঃ স্থূলবিমর্শ-প্রকাশাত্মনোরাদিম-ত্ত্বাদ্বা সামান্যাৎ তয়োরৈক্যং ফলবিশেষকামস্য প্রতিপত্তব্যম্। মাত্রাণা-মাদিরকারো বিশ্বশ্চ পাদানাম্। ৫ ॥

এবং বিভক্তেন প্রণবেন আত্মপ্রতিপত্তিপ্রকারমভিধায় তুরীয়েনাবিভক্তেন প্রণবেন প্রতিপত্তিপ্রকারো বক্তব্য ইতি খণ্ডান্তরারম্ভঃ অথেতি। কিঞ্চ তুরীয়াবসিতত্বাদেকৈকস্য ইত্যোতাদীনাম্ একৈকস্য তুরীয়াবসিতত্বমুক্তং ন তু তৎ স্পষ্টমভিহিতম্ তদভিধানায় চ খণ্ডান্তরমারভ্যতে। অথ বিভক্তপ্রণবেনাত্মনো জীবেশরূপস্যৈক্য প্রতিপত্ত্যানন্তরমনেকপদতদর্থপ্রতিপত্তিলক্ষণস্য বিক্ষেপস্য শমনায় তুরীয়েনাবিভক্তেন ওমিত্যেতেন ওতানুজ্ঞাত্রনুজ্ঞাবিকল্পরূপেণাত্মপ্রতিপত্তিরভিধীয়ত ইতি শেষঃ। তত্র ওতপ্রণবেন ওতস্যাত্মনঃ প্রতিপত্তিঃ দর্শয়িতুম্ আত্মন ওতত্বং প্রতিজানাতি ওতশ্চ প্রোতশ্চেতি। ওতশ্চ সামান্যেন সন্মাত্রাত্মনা প্রোতশ্চ চিদানন্দরূপেণ ইতি প্রসিদ্ধিমাহ। প্রসিদ্ধা হি সচ্চিদানন্দানাং সর্ব্বত্র

পূর্ব্ব পূর্ব্ব খণ্ডে বিভক্ত প্রণবদ্বারা আত্মপরিজ্ঞানপ্রকার বলিয়া এইক্ষণ অবিভক্ত প্রণবদ্বারা আত্মপরিজ্ঞান প্রকার বলিবেন, এই অভিপ্রায়ে খণ্ডান্তর আরম্ভ করিতেছেন। অথবা তুরীয় ব্রহ্মের যে অবসিত্ব উক্ত আছে, তাহাতে ওতাদির এক একেরই তুরীয়রূপে অবসিতত্ব উক্ত হয় নাই, এইক্ষণ সেই ওতাদির এক একের তুরীয়রূপে অবসিতত্ব সুস্পষ্টরূপে কথনার্থ এইখণ্ডের আরম্ভ করিতেছেন। বিভক্ত প্রণবদ্বারা জীব ও ঈশ্বররূপ আত্মার ঐক্য 'পরিজ্ঞান প্রকার কথনের পর অনেক পদাত্মক এতদর্থ পরিজ্ঞান লক্ষণ বিক্ষেপের প্রশমার্থ তুরীয় অবিভক্ত "ওম্" এই শব্দদ্বারা ওত, অনুজ্ঞাতা ও অনুজ্ঞা ইহাদিগের অন্যতমরূপে আত্মপরিজ্ঞান কথিত হইতেছে। তাহাতে ওত প্রণবদ্বারা ওত আত্মার প্রতিপত্তি প্রদর্শনার্থ আত্মার ওতত্ব জানিবে। সামান্য সন্মাত্ররূপে ওত এবং সচ্চিদানন্দরূপে প্রোত প্রসিদ্ধ আছে, আর সচ্চিদানন্দরূপে সর্ব্বব্যাপিত্ব প্রসিদ্ধ আছে, অর্থাৎ পুত্রসত্তা, পুত্রজ্ঞান ও পুত্র সুখ ইত্যাদি প্রকারেই

হ্যয়মাত্মৈকল এবাবিকল্পো ন হি বস্তু সদয়ং হ্যোত ইব সদ্ঘনোঽয়ং চিদ্ঘন আনন্দঘন একরসোঽব্যবহার্য্যঃ

ব্যাপ্তিঃ পুত্রবত্তা পুত্রসংবিৎ পুত্রসুখমিত্যাদিপ্রকারেণেত্যর্থঃ। অয়মাত্মা পূর্ব্বোক্তোঽয়ং ব্রহ্মরূপ আত্মা সিংহ ইতি সর্ব্বসংসাররহিতব্রহ্মস্বরূপত্বম-ভিহিতমাত্মনঃ বাক্যার্থরূপেণাত্মনা সর্ব্বং ব্যাপ্তম্ অতো ব্যাপকমেবৌ-তত্ত্বম্ নত্বাত্মনো ব্যাপ্যত্বাভাবাৎ কুত্রচিদোতত্বং সম্ভবতি। আত্মনওতত্ব-প্রসিদ্ধিং স্বয়মেবোপপাদয়তি অস্মিন্ হীতি। অস্মিন্ হি সচ্চিদানন্দরূপে ব্যাপকে সর্ব্বং ব্যাপ্যত্বেন বর্ত্ততে। অস্মিন্ সর্ব্বং বর্ত্ততে ইত্যত্র হেতু-মাহ অয়ং হি সর্ব্বাত্মেতি। ন হি সচ্চিদ্ব্যতিরেকেণ জগতঃ সরূপমস্তীত্যর্থঃ। তর্হি আত্মনো ভিন্নমস্তু সর্ব্বং জগদিতি নেত্যাহ অয়ং হি সর্ব্বমিতি। ন ব্যতিরেকেণাব্যতিরেকেণ বা সর্ব্বমস্তি কিন্ত্বাত্মৈবাস্তীত্যর্থঃ। তর্হি ব্যাপ্যস্য সত্ত্বাভাবাৎ কথমোতত্বমুক্তমাত্মনঃ? ইত্যাশঙ্ক্য মাভূৎ পারমা-র্থিকমোতত্বমিত্যাহ নৈবোত ইতি। কিং তর্হ্যুক্তমোতত্বমিতি? অদ্বয়-

উক্ত প্রসিদ্ধি জানিবে। পূর্ব্বে উক্ত হইয়াছে যে, এই আত্মাই ব্রহ্ম স্বরূপ এবং আত্মাই সিংহ, ইহাদ্বারা সর্ব্বসংসাররহিত আত্মার ব্রহ্মস্বরূপত্ব কথিত হইয়াছে, পরন্তু বাক্যার্থরূপ আত্মাদ্বারা সকল ব্যাপ্ত আছে, অতএব ওতত্বই ব্যাপক কিন্তু আত্মার ব্যাপ্যত্বাভাবহেতু কোন স্থলেও ওতত্ব সম্ভব নাই। আত্মার ওতত্ব প্রসিদ্ধি স্বয়ংই উপপাদন করিতেছেন, ব্যাপক সচ্চিদানন্দরূপে সকলই ব্যাপ্ত বলিয়া বিদ্যমান আছে, যেহেতু এই সকলই আত্মা। সচ্চিদ্ব্যতিরেকে জগতের স্বরূপ আর কিছুই নাই। তবে এই সকল জগৎই আত্মভিন্ন, এইরূপ প্রতীতি হউক, তাহা নহে, কারণ সকলই আত্মস্বরূপ, বাস্তবিক ব্যতিরেকরূপে বা অব্য-তিরেকরূপে আত্মভিন্ন কিছুই নাই, কিন্তু আত্মাই আছে। তবে ব্যাপ্যত্ব সত্ত্বাভাবহেতু কিরূপে আত্মার ওতত্ব যুক্ত হইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন, পারমার্থিক ওতত্ব না হউক, কিন্তু উক্তরূপ ওতত্ব হইতে পারে, এই অভিপ্রায়ে বলিতেছেন, আত্মা অদ্বয়। যেহেতু আত্মা অদ্বয় অতএব তাহারই ওতত্ব উক্ত হইয়াছে, কিন্তু অদ্বয়ত্ব বা আত্মত্ব ইহার

কেনচনাদ্বিতীয়ঃ ওতশ্চ প্রোতশ্চৈষ ওঙ্কার এবং নৈব-মিতি পৃষ্ট ওমিত্যেবাহ ॥ ১ ॥

তথৈবেত্যাহ অদ্বয়ত্বমাত্মত্বং বা অস্য ন ধর্ম্ম ইত্যাহ একল এবেতি। নম্ব-দ্বয়ত্বাদিকমাত্মনো ধর্ম্মত্বেনাভ্যুপগন্তব্যং সর্ব্বত্রাত্মনোঽদ্বিতীয়ত্বাদিধর্ম্মৈ-রেব ব্যবহারাদিত্যাশঙ্ক্যাহ অবিকল্প ইতি। ব্যবহারস্য বিকল্পমাত্রত্বাৎ ন পরমার্থতো দ্বিতীয়ত্বাদিধর্ম্মকত্বমাত্মনইত্যর্থঃ তস্মাদ্বিকল্পিতমেব সর্ব্বং বাপ্যং পরমার্থতোঽদ্বয়োঽয়মাত্মা তস্মাদাত্মন উক্তমোতত্বং কল্পিতমেবে-ত্যাহ অয়ং হ্যোত ইবেতি। নম্ব সদাদিরূপস্যাত্মনঃ কথমদ্বিতীয়ত্বমু-চ্যতে ঘটসত্তা পটসত্তা ঘটসংবিত পটসংবিৎ পুত্রসুখং বিত্তসুখমিত্যাদি-রূপেণ তেষাং ভেদপ্রতিপত্তেরিত্যাশঙ্ক্য সন্মাত্রে সুখমাত্রে চ ন ভেদ-প্রতীতিরস্তি কিন্তু ঘটাদ্যুপাধিগতৈব ভেদপ্রতীতিঃ। ন চ তেষামপি সন্মাত্রাদ্ভেদোঽস্তীতি অসম্ভবাদিত্যাহ সদ্ঘনোঽয়মিত্যাদিনা। বাক্য-ত্রয়েণ সদাদীনাং পরস্পরং ভেদং নিরাচষ্টে একরস ইতি। নন্বেবং নির্ব্বি-

---

ধর্ম্ম নহে, আত্মা একক, অদ্বয়ত্বাদি আত্মার ধর্ম্মরূপে স্বীকৃত আছে, সর্ব্বত্রই আত্মার অদ্বিতীয়ত্বাদি ধর্ম্ম দ্বারা ব্যবহার হয়, এই নিমিত্তই বলিয়াছেন, আত্মা অবিকল্প; পরন্তু ব্যবহারের বিকল্প মাত্রতাহেতু বাস্তবিক আত্মার দ্বিতীয়ত্বাদি ধর্ম্ম নাই, অতএব সর্ব্ব ব্যাপ্যই বিকল্পিত, সুতরাং আত্মাও পরমার্থরূপে অদ্বিতীয়, এই নিমিত্ত আত্মার উক্ত ওতত্ব ও ব্যাকত্ব কল্পিত হয়। এইরূপ আশঙ্কা হইতেছে যে, সদাদিরূপ আত্মার কিরূপে অদ্বিতীয়ত্ব বলা যাইতে পারে? যেহেতু ঘটসত্তা, পটসত্তা, ঘটজ্ঞান, পুত্র সুখ ও বিত্তসুখ ইত্যাদিরূপে ঘটাদির ভেদ প্রতিপত্তি আছে। এই আশঙ্কায় বলিতেছেন, সন্মাত্র ও সুখমাত্রে ভেদজ্ঞান নাই, কিন্তু ঘটাদি উপাধির ভেদেই ঐরূপ ভেদ প্রতীতি হইয়া থাকে, তাহাদি-গের সন্মাত্ররূপে ভেদনাই, এইরূপ অসম্ভব নিরাসার্থ বলিতেছেন, আত্মা সদ্ঘন, চিদ্ঘন, ও আনন্দঘন। এই বাক্যত্রয়ে সদাদির ভেদ নিরাস করিয়া বলিতেছেন "আত্মা একরস"। এইরূপ হইলে সর্ব্বশব্দের অবি-

বাগ্ধ্যা ওঙ্কারো বাগেবেদং সর্ব্বং ন হ্যশব্দমিবেহাস্তি।

শেষং বস্তু উপদেশ্যান্ প্রতি কথমুপদেষ্টুং শক্যতে সর্ব্বশব্দাবিষয়ত্বাদিতি। সত্যমেব নৈকেনাপি শব্দেন বিষয়ত্বেনোপদেষ্টুং শক্যতে ইত্যাহ অব্যবহার্য্যঃ কেনচনেতি। অব্যবহার্য্যইত্যনেন ধর্ম্মেণোপদিশ্যতাং তর্হি ন ইত্যাহ অদ্বিতীয় ইতি। এবমাত্মন ওতত্বমুপপাদ্য তদ্বাচকস্যাপ্যোঙ্কারস্যোতত্বং তদভেদার্থমাহ ওতশ্চেত্যাদিনা। প্রতিজ্ঞাতমোঙ্কারস্যোতত্বমুপপাদয়তি এবমিতি। কিমিদমেবং ভবতি কিমিদমেবং ন ভবতি ইতি কশ্চিৎ কেনচিৎ পৃষ্ট ওমিত্যোবোত্তরমাহেত্যর্থঃ। কিময়ং ভাবঃ এবংরূপঃ কিং বা নৈবংরূপঃ ইতি পৃষ্টে সত্যয়ং ভাবএবংরূপঃ অয়ং ভাবো নৈবংরূপ ইত্যুত্তরে বক্তব্যে তৎস্থানে ওমিত্যেবোত্তরং দৃশ্যতে তস্মাৎ সর্ব্ববাচকত্বাদোঙ্কারস্যোতত্বং সিদ্ধমিতি ভাবঃ। ১।

বাঙ্‌মাত্রত্বাচ্চোঙ্কারস্যোতত্বং সিদ্ধমিত্যাহ বাগ্ধ্যা ইতি। সর্ব্ববর্ণনকবলনরূপত্বাদ্বৈখর্য্যাদিরূপত্বাচ্চ বাঙ্‌মাত্রমবগন্তব্যম্ ওঙ্কারস্য বাঙ্‌মাত্র-

---

ষয়ত্ব প্রযুক্ত নির্ব্বিশেষ বস্তুভূত আত্মাকে কিরূপে উপদেশ্য বস্তুর প্রতি-উপদেশ করা যাইতে পারে, এই আশঙ্কায় বলিতেছেন, তিনি অব্যবহার্য্য অর্থাৎ সর্ব্বশব্দের অবিষয় হইলেও কোন এক শব্দের বিষয় বলিয়া তাঁহার উপদেশ হইতে পারে। আর তাহার কোন ধর্ম্ম নাই, এই হেতুই অদ্বিতীয় বলা যায়। এইরূপে আত্মার ওতত্ব উপপাদন করিয়া তদ্বাচক ওঙ্কারেরও ওতত্ব হইল। এইক্ষণ প্রতিজ্ঞাত ওঙ্কারের ওতত্ব প্রতিপাদন করিতেছেন। আত্মা কি এইরূপ, অথবা এইরূপ নহে, ইহা কোন ব্যক্তি অপর ব্যক্তিতে জিজ্ঞাসা করিলে অপর ব্যক্তি ওম্ বলিয়া উত্তর করেন। আর এই জগৎ কি এইরূপ, অথবা এইরূপ নহে, এই প্রকার ইচ্ছা করিলেও "জগৎ এইরূপ" এই বলিয়া উত্তর করিতে দেখা গেলেও "ওম্" এইরূপ উত্তরই যথার্থ বলিয়া বোধ হয়। অতএব সর্ব্ববাচকত্ব হেতু ওঙ্কারের ওতত্ব সিদ্ধ হইল॥ ১॥

ওঙ্কারের বাঙমাত্রতাহেতু তাহার ওতত্ব সিদ্ধ আছে, ওঙ্কারদ্বারা সকল পদার্থ বর্ণিত হয়, সকল পদার্থ ওঙ্কারের অন্তর্গত এবং বৈখরী

চিন্ময়ো হ্যয়মোঙ্কারশ্চিন্ময়মিদং সর্ব্বম্ তস্মাৎ পরমেশ্বর-এবৈকমেব তদ্ভবতি। এতদমৃতমভয়মেতদ্‌ব্রহ্ম অভয়ং বৈ ব্রহ্ম অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদেতি রহস্যম্ ॥ ২॥

স্বরূপোঙ্কারস্যার্থজাতস্য বিদ্যমানত্বাৎ কথমোতত্বমিতি তত্রাহ বাগেবেদং সর্ব্বমিতি। বাক্‌কার্য্যত্বাদ্রূপস্য বাগ্ব্যতিরেকেণাসত্ত্বাদ্বাগেবেদং সর্ব্বমিত্যর্থঃ। বাচঃ সর্ব্বত্রানুগতিং দর্শয়ন্ সর্ব্বকারণত্বমুপপাদয়তি ন হীতি। ন হি পরাপশ্যন্তী মধ্যমা বৈখরীরূপবাগ্ব্যতিরেকেণ কস্যচিদপি প্রতিভাসোঽস্তীত্যর্থঃ। বোধকত্বেন চিদ্রূপত্বাচ্চোঙ্কারস্যোতত্বমভ্যুপগম্যমিত্যাহ চিন্ময় ইতি। চিন্ময়ত্বে চ সর্ব্বস্যাপি পরমেশ্বরলক্ষণস্য সত্ত্বাৎ পরমেশ্বর এবায়মোঙ্কার ইত্যাহ তস্মাদিতি। বাচ্যবাচকভেদং নিরাচষ্টে একমেবেতি। তদুভয়ং প্রণবপরমেশ্বরস্ত্বেকমেব চিন্মাত্রং ভবতীত্যর্থঃ। অস্যৈকস্য বস্তুনঃ সর্ব্বসংসারধর্ম্মরহিতত্বেন পুরুষার্থত্বমাহ এতদিত্যাদিনা। কথমস্যৈবং রূপমিতি ব্রহ্মরূপত্বাদিত্যাহ এতদ্‌ব্রহ্মেতি। ব্রহ্মণস্ত্বভয়াদি-

---

প্রভৃতি স্বর ও ওঙ্কারের স্বরূপমাত্র, এই নিমিত্ত ওঙ্কারকে বাঙ্‌মাত্র বলিয়া জানিবে। পরন্তু ওঙ্কার বাঙমাত্র হইলেও তাহার অর্থ সকল বিদ্যমান আছে; সুতরাং তাহার ওতত্ব কিরূপে হইতে পারে? এই আশঙ্কায় বলিতেছেন, এই সকলই বাঙমাত্ররূপী ওঙ্কার স্বরূপ। আর সকলই বাক্যের কার্য্য এবং বাক্য ব্যতিরেকে কোন পদার্থের বিদ্যমানতা সম্ভব নাই, অতএব সমুদায়ই বাক্যাত্মক। এইক্ষণ বাক্যের সর্ব্বত্র অনুগমন দর্শাইয়া বাক্যের সর্ব্বকারণতা উপপাদন করিতেছেন। মধ্যমা বৈখরীরূপ স্বরব্যতীরেকে কাহারও প্রকাশ হইতে পারে না। আর চিন্ময়ত্বহেতু ওঙ্কারের ওতত্ব স্বীকার করিতে হয়, অতএব ওঙ্কারেকেই চিন্ময় বলা যায়। ওঙ্কারের চিন্মাত্রতা হইলে তাহাতে সর্ব্বস্বরূপ পরমেশ্বর জানা যায়, এই হেতুই ওঙ্কারকে সর্ব্বাত্মক বলা যায়। আর প্রণব ও পরমেশ্বর উভয়ই এক ও চিন্ময়, ইহাতে প্রণব বাচক ও পরমেশ্বরের বাচ্য, এইরূপ নিরাকৃত হইল। এই এক বস্তুই সর্ব্বসংসারধর্ম্মরহিত,

অনুজ্ঞাতা হ্যয়মাত্মা এষ হ্যস্য সর্ব্বস্য স্বাত্মানমনু-জানাতি। নহীদং সর্ব্বং স্বত আত্মবৎ। নহ্যয়মোঙ্কো নানুজ্ঞাতা অসঙ্গত্বাদবিকারিত্বাদসত্ত্বাদন্যস্য, অনুজ্ঞাতা হ্যয়মোঙ্কার ওমিতি হ্যনুজানাতি বাগ্বা ওঙ্কারো বাগে-

রূপত্বং প্রসিদ্ধমিত্যাহ অভয়ং বৈ ইতি। এবঞ্চ সর্ব্ববিদঃ ফলমাহ অভয়ং হীতি। যথাজ্ঞানং হি ফলমিত্যর্থঃ। উক্তমোতত্ত্বজ্ঞানং গোপনীয়মি-ত্যাহ ইতি রহস্যমিতি । ২ ।

এবমোতপ্রণবাত্মনোস্তুরীয়াবসিতত্বং প্রতিপাদ্য অনুজ্ঞাতৃপ্রণবাত্মনো-স্তৎপ্রতিপাদয়ন্ আত্মনস্তাবদনুজ্ঞাতৃত্বং প্রতিজানাতি অনুজ্ঞাতা হীতি। কস্য কিমনুজানাতি ? ইত্যাহ এষ হীতি। ওতভাবনয়া তুরীয়তুরীয়ে স্বাত্ম-ন্যবস্থিতস্য কেনচিন্নিমিত্তেন চলিতে মনসি দ্বিতীয়প্রতিভাসসম্ভাবস্তবতি। ন চায়প্রতিপত্ত্যা বাধিতস্য সত্বেন স্বতঃ প্রতিভাসঃ সম্ভবতি অতস্তস্যা-ত্মনি কল্পিততয়া প্রাতিভাসিকসত্তামনুজানাতীত্যর্থঃ। নহীদং সর্ব্বং প্রতিভাসমানত্বাদাত্মবৎ স্বত এবাত্মবৎ ততো নাত্মানুজ্ঞয়া এষামাত্মবত্ত্ব-

অর্থাৎ পরব্রহ্ম অমৃত, ও অভয়, ব্রহ্মের অভয়াদিরূপ প্রসিদ্ধ আছে, যিনি উক্তরূপে পরব্রহ্মকে জানিতে পারেন, তিনিও অমৃত ও অভয় হইয়া থাকেন। এইরূপ ব্রহ্ম পরিজ্ঞান অতি গোপনীয় ॥ ২ ॥

পূর্ব্বোক্ত প্রকারে ওত এবং প্রণবাত্মক পরমাত্মার তুরীয়াবসিতত্ব প্রতিপাদন করিয়া অনুজ্ঞাতা ও প্রণবাত্মার তুরীয়াবসিতত্ব প্রতিপাদনার্থ আত্মার অনুজ্ঞাতৃত্ব প্রতিপাদন করিতেছেন। আত্মাই অনুজ্ঞাতা, ইহাকেই সকলে আত্মা বলিয়া জানিবে। ওত ভাবনায় তুরীয় আত্মাতে অবস্থিত ব্যক্তিরও কোন কারণে চিত্ত বিচলিত হইলে দ্বৈতজ্ঞান হয়, কিন্তু আত্ম পরিজ্ঞানে যাহার চিত্ত স্থিরীভূত হইয়াছে, তাহার আর স্বত দ্বৈত প্রতি-ভাস হয় না, অতএব আত্মাতে তাহার কল্পনা করিয়া আত্মাতে সকলের প্রতিভাস হয়, ইহা জানিবে। আর আত্মা ভিন্ন কোন পদার্থই আত্মার ন্যায় স্বতঃ প্রকাশ পায় না এবং আত্মার অনুজ্ঞাতেও ইহারা আত্মবৎ হয়

বেদং সর্ব্বমনুজানাতি, চিন্ময়ো হ্যয়মোঙ্কারঃ চিদ্ধীদং সর্ব্বং নিরাত্মকমাত্মসাৎ করোতি তস্মাৎ পরমেশ্বর এবৈ-কমেব তদ্ভবতি এতদমৃতমভয়মেতদ্ব্রহ্ম অভয়ং বৈ ব্রহ্ম অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদেতি রহস্যম্ ॥ ৩॥

মিতি নেত্যাহ ন হীতি। জগদ্রূপস্য স্বতঃ প্রকাশাযোগাৎ সত্তাপি ন স্বতোঽস্তীত্যর্থঃ। কথং তর্হ্যোতত্বমনুজ্ঞাতৃত্বঞ্চোক্তমাত্মন ইত্যাশঙ্কায়া-মুক্তমেবোত্তরং স্মারয়তি ন হ্যয়মিতি। অত্র হেতুত্রয়মাহ অসঙ্গত্বাদি-ত্যাদিনা। এবমাত্মনস্তুরীয়তুরীয়পর্য্যন্তমনুজ্ঞাতৃত্বং প্রতিপাদ্য ওঙ্কারস্যাপি তদাহ অনুজ্ঞাতা হীতি। তদুপপাদয়তি ওমিতি। কিমহং তব স্বভূতমিদং গৃহ্ণামীতি নির্ধনেনাসংকল্পেন পৃষ্টো ধনবান্ তমধনিনং সৎকুর্ব্বন্নোমিতি হি তেন প্রার্থিতমনুজানাতি তস্মাদোঙ্কারস্যাপ্যনুজ্ঞাতৃত্বং সিদ্ধমিত্যর্থঃ। অথ বা যজ্ঞে জগৎসৃষ্ট্যাদিকরং চরুপুরোডাশাদিকং দেবাদীনামনুজ্ঞানন্

না, অর্থাৎ জগতের স্বয়ং প্রকাশযোগ বা স্বতঃ সত্তা নাই, ইহাই জানা যাইতেছে। যদি তাহাই না হইল, তবে কিরূপে আত্মার ওতত্ব এবং অনুজ্ঞাতৃত্ব উক্ত হইল, এই আশঙ্কায় বলিতেছেন, অসঙ্গত্ব, অবিকারিত্ব ও অন্যের অসত্তাহেতু আত্মা ওতত্ব গুণবিশিষ্ট বা অনুজ্ঞাতা নহেন, পরন্তু ওঙ্কারই অনুজ্ঞাতা, সেই ওঙ্কারই ওম্। কোন নির্দ্ধন ব্যক্তি যদি কোন ধনীকে জিজ্ঞাসা করে যে, আমি তোমার কোন ধন গ্রহণ করি, তখন সেই ধনী নির্ধনীকে সৎকারকরত ওম্ এই বলিয়া তাহার প্রার্থিত বিষয়ে অনুমতি করে। অতএব ওঙ্কারের অনুজ্ঞাতৃত্ব সিদ্ধ হইল, অথবা যজ্ঞেতে জগৎসৃষ্ট্যাদিকর চরুপুরোডাশাদি (যজ্ঞীয় হবিবিশেষ) দেবতাদিগকে প্রদানকালে ওম্ এই শব্দ উচ্চারণ করে। যেহেতু এইরূপে অনুমতি করে, অতএব ওঙ্কারেরই সর্ব্বাত্মানুজ্ঞাকারিত্ব জানা যায়। আর ওঙ্কার বাঙ্ময় এবং বাক্যই সকল অনুমতি করে। এই ওঙ্কার চিন্ময় এবং সকলই চিৎস্বরূপ, আর এই চিৎস্বরূপই নিরাত্মক সকলকে আত্মসাৎকরে। অত এব পরমেশ্বর অদ্বিতীয় এবং ব্রহ্ম অমৃত, অভয়। যিনি এইরূপে ব্রহ্মকে

অনুজ্ঞৈকরসো হ্যয়মাত্মা প্রজ্ঞানঘন এবায়ং হ্যস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিভাতঃ অতশ্চিদ্‌ঘন এব ন হ্যয়মোতো নানুজ্ঞাতা আত্মাং হীদং সর্ব্বং সদেব অনুজ্ঞৈকরসো হ্যয়-মোঙ্কার ওমিতি হ্যেবানুজানাতি বাগ্বা ওঙ্কারো বাগেব হ্যনুজানাতি চিন্ময়ো হ্যয়মোঙ্কারশ্চিদেব হ্যনুজানাতি তস্মাৎ পরমেশ্বর এবৈকমেব তদ্ভবতি এতদমৃতমভয়মেত-তদ্‌ব্রহ্ম অভয়ং বৈ ব্রহ্ম অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদেতি রহস্যম্ ॥ ৪ ॥

ওমিতি হি যস্মাদনুজানাতি তস্মাৎ সিদ্ধমোঙ্কারস্য সর্ব্বেষামাত্মানুজ্ঞাতৃত্ব-মিত্যর্থঃ। বাগ্বা ওঙ্কার ইত্যাদি ব্যাখ্যাতপ্রায়ম্ ॥ ৩ ॥

এবমোঙ্কারাত্মনোস্তুরীয়পর্য্যন্ত মনুজ্ঞাতৃত্বমুপপাদ্য অনুজ্ঞাতৃত্বমপি তুরী-য়পর্য্যন্তং তয়োঃ সিদ্ধমিতি বদন্ আত্মনোঽনুজ্ঞাত্বং তাবদাহ অনুজ্ঞৈ-করস ইতি। অনুজ্ঞানব্যাপাররূপা কিন্ত্বাত্মৈবেত্যাহ প্রজ্ঞানঘন ইতি। কাল্পনিকং রূপমনুজ্ঞানম্ অনুজ্ঞাতৃযোগেন তুরীয়তুরীয়পর্য্যন্তেন স্বাত্মনি বিলাপ্য স্থিতং সাক্ষিচৈতন্যমনুজ্ঞেত্যর্থঃ। চিদ্‌ঘনত্বমুপপাদয়তি অযং হীতি। কথংতর্হ্যাত্মানুজ্ঞাতৃত্বমোতত্বঞ্চোক্তমিতি চেৎ অস্যোত্তমমুত্তরমি-ত্যাহ ন হ্যয়মিতি। তত্র হেতুমাহ আত্মাং হি ইতি। ইদং সর্ব্বং সাক্ষ্য-

---

জানেন, তিনিও উক্তরূপ অমৃত অভয় ব্রহ্ম হইতে পারেন। এইরূপ ব্রহ্মপরিজ্ঞান অতি গোপনীয়। ৩।

পূর্ব্বোক্তপ্রকারে ওঙ্কার ও আত্মার তুরীয় পর্য্যন্ত অনুজ্ঞাতৃত্ব উপপাদন করিয়া তাহাদিগের অনুজ্ঞাতৃত্ব ও তুরীয় পর্য্যন্ত সিদ্ধ আছে। ইহা বলিবেন, এই অভিপ্রায়ে বলিতেছেন।—আত্মা অনুজ্ঞৈকরস ও প্রজ্ঞানঘন। কাল্প-নিক রূপসকল অনুজ্ঞাতৃযোগস্বরূপে বিলীন করিয়া সাক্ষীচৈতন্যরূপে অবস্থিত আছেন। আত্মা সকলের পূর্ব্বে প্রকাশিত আছেন, অতএব তিনিই চিদ্‌ঘন। তথাপি যদি বল, কিরূপে আত্মার ওতত্ব ও অনুজ্ঞাতৃত্ব উক্ত

অবিকল্পো হ্যয়মাত্মা অদ্বিতীয়ত্বাদবিকল্পো হ্যয়মো-ঙ্কারোঽদ্বিতীয়ত্বাদেব চিন্ময়ো হ্যয়মোঙ্কারঃ তস্মাৎ পরমে-

মাত্ম্যং ন স্বতঃ আত্মশূন্যত্বাদাত্মার্দ্ধিন্ আত্মাপেক্ষমিত্যর্থঃ। আত্মীয়ম্ আত্ম-সম্বন্ধি আত্মন্যধ্যস্তমিতি বার্থঃ। অত আত্মব্যতিরেকেণ নাস্তীদং সর্ব্বমি-ত্যাহ সদেবেতি। ওঙ্কারস্যাপ্যনুজ্ঞাত্বং সিদ্ধমিত্যাহ অনুজ্ঞৈকরস ইতি। অনুজ্ঞৈকরসত্বমুপপাদয়াত ওমিতি হ্যেবেতি। ওমিত্যেবং হি শাস্ত্রাচা-র্য্যোক্ত্যাং সর্ব্বস্য চিন্মাত্রতামনুজানন্নুজানাতি। বিদ্বান্ বিবিদিষুশ্চো-মিতি হ্যেবং সর্ব্বমীশ্বরায়ত্তমনুজানন্ অনুজানাতীত্যর্থঃ। বাগেতি পরা বাগুচ্যতে অন্যথা অনুজ্ঞায়া অনুজ্ঞাতুঃ সকাশাদান্তরত্বানুপপত্তেঃ বক্ষ্যতি চান্তরত্বং শ্লোকেন ওতমোতেন জানীয়াদনুজ্ঞাতারমান্তরম্ ইতি। যদ্য-প্যোতাদনুজ্ঞাতুরান্তরত্বমেবাত্র তথাপ্যনুজ্ঞাতুরনুজ্ঞায়া নির্ব্বিকল্পকস্য চান্তরত্বমেব গন্তব্যং সম্ভবাৎ। যদ্যপি সর্ব্বে তুরীয়াবাসিতত্বেন সমানা ওতা-দয়স্তথাপ্যুপক্রমেণ বাহ্যান্তরত্বং বিদ্যতে তেষামিত্যস্তি হি সম্ভবোঽনু-জ্ঞাতুরনুজ্ঞায়া আন্তরত্বে। ৪ ॥

অনুজ্ঞায়াশ্চাবিকল্পস্যাত্মনোঽবিকল্পত্বমাহ অবিকল্পো হ্যয়মাত্মেতি। তত্র হেতুমাহ অদ্বিতীয়ত্বাদিতি। সাক্ষিত্বলক্ষণমনুজ্ঞাত্বমপি বিকল্পরূপমেবেতি। তদপি বিলাপ্য স্বমহিমস্থচৈতন্যমবিকল্পমিত্যর্থঃ। ওঙ্কারস্যাপ্যবিকল্পত্বমাহ

হইল? ইহার উত্তরে বক্তব্য এই যে, বাস্তবিক আত্মা ওত বা অনুজ্ঞাতা নহেন, যেহেতু সর্ব্ব সাক্ষিত্বই আত্মত্ব, অতএব আত্মব্যতিরেকে সকলই অসৎ, কেবল আত্মাই সৎ। ওঙ্কারের অনুজ্ঞাত্বও সিদ্ধ আছে, অতএব বলিয়াছেন, আত্মাই অনুজ্ঞৈকরস। শাস্ত্র ও আচার্য্য বাক্যে ওমকেই ওঙ্কার বলিয়া জানা যায়। "বাগ্ বা ওঙ্কার" ইত্যাদি উত্তরার্দ্ধের অর্থ পূর্ব্বেই উক্ত হইয়াছে। ৪ ॥

এইরূপ অনুজ্ঞারূপ আত্মার অবিকল্পত্ব বলিতেছেন, যেহেতু আত্মা অদ্বি তীয়, অতএব তাহার কোন বিকল্প নাই, ইহা জানা যায়। সাক্ষিত্বলক্ষণ অনুজ্ঞাত্বই বিকল্প, আত্মা তাহা বিলীন করিয়া স্বমহিমস্থ চৈতন্যরূপে

শ্বর এবৈকমেব তদ্ভবতি অবিকল্পো নাবিকল্পোঽপি নাত্র কাচন ভিদাস্তি নৈবাত্র কাচন ভিদাস্তি অত্র ভিন্নমিব মন্যমানঃ শতধা সহস্রধা ভিন্নো মৃত্যোর্মৃত্যুমাপ্নোতি তদেতদদ্বয়ং স্বপ্রকাশং মহানন্দমাত্মৈবৈতদমৃতমভয়মে-তদ্ব্রহ্ম অভয়ং বৈ ব্রহ্ম অভয়ং হি বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদেতি রহস্যম্ ॥ ৫ ॥

ইতি অষ্টমঃ খণ্ডঃ ॥ ৮ ॥

অবিকল্পো হ্যয়মোঙ্কার ইতি। তত্রোক্ত এব হেতুরিত্যাহ অদ্বিতীয়ত্বাদেবেতি ওঙ্কারস্যাদ্বিতীয়ত্বং সাধয়তি চিন্ময় ইত্যাদিনা। একমেব যত্তদ্ভবতীত্যুক্তম্ কিং তদেকমিতি তত্রাহ অবিকল্প ইতি। অবিকল্পত্বধর্ম্মোঽপ্যত্র নাস্তী-ত্যাহ নাবিকল্পোঽপীতি অত্র হেতুমাহ নাত্র কাচন ভিদাস্তীতি। ভেদ প্রতিভাসাভাবাদেব ভেদাভাববচনং ন তু ভেদস্য স্বরূপতোঽভাবাদিতি শঙ্কাং বারয়তি নৈবেতি। ভেদদর্শনে দোষপ্রদর্শনেনাপি ভেদাসত্ত্বমেব দৃঢ়য়তি অত্রভিন্নমিতি। দেবাদিভেদৈর্নানাত্বং প্রাপ্য তত্রাপি ন স্থৈর্য্যং প্রাপ্নোতীত্যর্থঃ। উক্তস্যাবিকল্পস্যাদ্বয়ত্বমাহ তদেতদিতি। তদেতৎ অদ্ব-য়ম্ আত্মৈবেত্যর্থঃ। অদ্বয়ত্বে তৎপ্রকাশহেত্বভাবাৎ কথং তৎপ্রকাশ ইত্যাশঙ্ক্য স্বপ্রকাশত্বমাহ স্বপ্রকাশমিতি। স্বত এবাস্য পুরুষতামাহ, মহা-

---

অবস্থিত আছেন। অনন্তর ওঙ্কারের অবিকল্পত্ব প্রতিপাদনার্থ বলিতেছেন, ওঙ্কারও অবিকল্প। যেহেতু ওঙ্কার অদ্বিতীয়, অতএব তাঁহারই অবি-কল্পতা জানা যায়। আর এই ওঙ্কার চিন্ময়, অতএব ওঙ্কারই পর-মেশ্বর। বাস্তবিক আত্মার কোনরূপ ভেদ প্রতীতি হয় না। আত্মার স্বগত ভেদ প্রকাশ পায় না; সুতরাং তাহার ভেদ নাই, ইহা বলা যাইতে পারে। যাহারা আত্মার ভেদজ্ঞান করেন, তাঁহারা শতধা বা সহস্রধা ভিন্ন হইয়া মৃত্যুলাভ করেন, ভেদদর্শীরা দেবাদিভেদে নানাত্ব প্রাপ্ত

নবমঃ খণ্ডঃ।

দেবা হ বৈ প্রজাপতিমব্রুবন্নিগমেব নো ভগবন্

নন্দমিতি। আনন্দত্বেন লৌকিকানন্দবৎ প্রাপ্তং দোষং পরিহরতি এতদ-মৃতমিত্যাদিনা। এতৎ আনন্দরূপম্ অদ্বয়ম্ অমৃতং সর্ব্ববিকারবর্জ্জিতম্ অতঃ অভয়ং তস্মাৎ ব্রহ্ম। অভয়ং বৈ ইত্যাদি ব্যাখ্যাতম্॥ ৫।

ইত্যুত্তরতাপনীয়েঽষ্টমঃ খণ্ডঃ। ৮॥

অথেদানীমুক্তয়া তুরীয়তুরীয়পর্য্যন্তয়া উপাসনয়া অতিশুদ্ধান্তঃকর-ণস্য সাক্ষাত্তুরীয়তুরীয়োপদেশপ্রকারং শিষ্যস্যোপদিষ্টার্থপ্রতিপত্তিপ্রকার-তয়া চ প্রতিপত্ত্যা নিরস্তনিখিলাবিদ্যস্য স্বরূপাবস্থানঞ্চ দর্শয়িতুং খণ্ডান্ত-রপ্রারম্ভঃ। দেবা হ বৈ ইতি। উক্তঞ্চ গুরূক্তবিদ্যাসঞ্ছিন্নসর্ব্বাবি দ্যস্য যা স্থিতিঃ। তাং প্রবক্তুমুপেত্যাদ্যা প্রারব্ধেযোত্তরা শ্রুতিঃ ইতি। ইমমেবেতি তদেতদদ্বয়ং স্বপ্রকাশং মহানন্দমাত্মেবেতি কথিতং

হয়, কিছুতেই তাহাদের চিত্তের স্থৈর্য্য হয় না। অতএব আত্মা অদ্বয়, অমৃত, ও অভয়ব্রহ্মস্বরূপ, ইনি স্বপ্রকাশমান এবং মহানন্দময়। উক্ত প্রকারে ব্রহ্মপরিজ্ঞান অতি গোপনীয়। ৫॥

ইতি অষ্টম খণ্ড॥ ৮॥

অনন্তর পূর্ব্বোক্ত উপাসনাদ্বারা যাহাদিগের অন্তঃকরণ শুদ্ধ হইয়াছে, তাহাদিগকে কিরূপে তুরীয় ব্রহ্মোপদেশ করিতে হয়, তাহা শিষ্যদিগকে উপদেশ প্রদানার্থ উপদিষ্ট পরিজ্ঞাত প্রকারে ব্রহ্মপরিজ্ঞান দ্বারা অখিল অবিদ্যা নিরস্ত হইলে তাহাদিগের ব্রহ্মস্বরূপে অবস্থান প্রদর্শনার্থ খণ্ডা-ন্তরের আরম্ভ হইতেছে। দেবগণ প্রজাপতির নিকট বলিয়াছিলেন, ভগবন্! আপনি আমাদিগকে ওঙ্কারাত্মার উপদেশ করুণ। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, গুরূক্ত বিদ্যাদ্বারা সর্ব্বপ্রকার অবিদ্যাচ্ছিন্ন হইলে যেরূপ অবস্থিতি হয়, তাহা কথনার্থ-শ্রুতির আদর হইয়া থাকে। অত এব আপনি অদ্বয় স্বপ্রকাশমান মহানন্দ আত্মোপদেশ করুন।

ওঙ্কারমাত্মানমুপদিশেতি। তথেত্যুপদ্রষ্টানুমন্তৈষ আত্মা সিংহশ্চিদ্রূপ এবাবিকারো হ্যুপলব্ধা সর্ব্বত্র নহ্যস্তি দ্বৈত-

---

নির্ব্বিকল্পকমেবেত্যর্থঃ। ওঙ্কারমিতি ওঙ্কারলক্ষ্যাত্মোচ্যতে।•এবং দেবৈঃ প্রজাপতিরুপদিশতি উপদ্রষ্টেত্যাদিনা। এষঃ প্রত্যগাত্মা সিংহঃ পরমাত্মৈবেত্যর্থঃ। নন্থ কথং কর্ত্তৃত্বাদিসংসারবিশিষ্টস্যাত্মন ঈশ্বরত্বম্ ইত্যাশঙ্ক্য নাত্মনঃ কর্ত্তৃত্বাদিকমস্তীত্যাহ উপদ্রষ্টেতি। স কর্ত্তৃসমীপস্থঃ সন্ কর্ত্তৄন্ পশ্যতি ন তু স্বয়ং কর্ত্তেত্যুপদ্রষ্টা অতো ন কর্ত্তৃত্বাদিসংসারধর্ম্মত্বমাত্মন ইত্যর্থঃ। তর্হি সাঙ্খ্যসিদ্ধান্তপ্রসক্তিরিতি চেৎ নেত্যাহ অনুমন্তেতি। স্বতঃ সত্তাপ্রকাশপ্রবৃত্তিসামর্থ্যরহিতানাং কর্ত্তৄণাং প্রাণবুদ্ধ্যাদীনাং স্বাত্মন্যধ্যস্ততয়া তৎসর্ব্বমনুজানাতীত্যর্থঃ। তর্হি অনুজ্ঞাতৃত্বপ্রসক্তিঃ ততস্তদপি কর্ত্তৃত্বমেবেতি নাকর্ত্তৃব্রহ্মণৈক্যমাত্মন ইত্যাশঙ্ক্যাহ চিদ্রূপ এবেতি। সর্ব্ববিকারসাক্ষিত্বেন চিদ্রূপত্বং সাধয়তি অবিকারো হ্যুপলব্ধেতি। সাক্ষিত্বমপি ন বিকারপূর্ব্বকমিত্যাহ অবিকারো হ্যুপলব্ধা সর্ব্ব-

---

দেবগণ এইরূপে প্রজাপতির নিকট প্রার্থনা করিলে প্রজাপতি কহিতেছেন, এই প্রত্যগাত্মাই পরমাত্মা। এইক্ষণ কর্ত্তৃত্বাদি সংসারধর্ম্ম বিশিষ্ট আত্মার ঈশ্বরত্ব কিরূপে হইতে পারে? এই আশঙ্কা করিয়া আত্মার কর্ত্তৃত্বাদি নাই, ইহাই বলিয়াছেন। আত্মা কর্ত্তার সমীপস্থ হইয়া কর্ত্তৃগণ দর্শন করেন, তিনি স্বয়ং কর্ত্তা হয়েন না, অতএব আত্মার কর্ত্তৃত্বাদি সংসারধর্ম্ম নাই, ইহাই প্রতীতি হইতেছে, এই-রূপ হইলে সাংখ্যসিদ্ধান্তই প্রবল হইল। তাহা নহে, কারণ পরমাত্মা সকলের অনুমন্তা, অর্থাৎ প্রাণবুদ্ধিপ্রভৃতি কর্ত্তৃগণের স্বতঃসিদ্ধ সত্তা, প্রকাশ, প্রবৃত্তি ও সামর্থ্য নাই, ঐ সকলই আত্মাতে অধ্যস্ত আছে; এবং আত্মাই ঐ প্রাণ বুদ্ধি প্রভৃতি কর্ত্তাদিগকে অনুমতি করেন। ইহাতে আত্মার অনুজ্ঞাতৃত্বপ্রসক্তি হইতেছে, যেহেতু এই অনুজ্ঞাতৃত্বই কর্ত্তৃত্ব; সুতরাং কর্ত্তা ব্রহ্মের সহিত আত্মার একত্ব সম্ভব নাই, এই আশঙ্কা করিয়া বলিতেছেন, তিনি চিদ্রূপ ও অবিকারী, অর্থাৎ সর্ব্বপ্রকার বিকারী

সিদ্ধিরাত্মৈব সিদ্ধোঽদ্বিতীয়ো মায়য়া হ্যন্যদিব স বা এষ আত্মা পর এবৈষৈব সর্ব্বম্ ॥ ১ ॥

ত্বেতি। বিকারত্বে সাক্ষিত্বং ন হি ঘটতে ইতি হীতি সূচিতম্। আত্মনোঽবিকারিত্বেন দ্বৈতসাধকত্বাভাবাদন্যস্য চ তৎসাধকত্বানুপপত্তেঃ। কথং তর্হি দ্বৈতসিদ্ধিরিত্যাশঙ্ক্য অতএব পরমার্থতো ন দ্বৈতসিদ্ধিরিত্যাহ ন হ্যস্তি দ্বৈতসিদ্ধিরিতি। উক্তানুপপত্ত্যর্থো হি শব্দঃ কথং দ্বৈতসিদ্ধির্নাস্তি উপপত্তেরিত্যাশঙ্ক্য আত্মৈব দ্বৈতরূপেণ প্রতীয়তে ইত্যাহ আত্মৈব সিদ্ধ ইতি। তর্হি তস্য সদ্বয়ত্বেনাদ্বিতীয়ব্রহ্মভাবানুপপত্তিরিতি ন আত্মনঃ পরমার্থতোঽদ্বয়ত্বাদিত্যাহ অদ্বিতীয় ইতি। সদ্বিতীয়প্রতিভাসস্তু মায়য়া ইত্যাহ মায়য়া হ্যন্যদিবেতি। ফলিতমাহ স বা ইতি। স উপদেষ্টা ইত্যুক্ত এষঃ মায়য়া অন্যদিবেত্যনেন শোধিতঃ আত্মা পর এব তল্লক্ষণলক্ষিতত্বাদিত্যর্থঃ মায়য়া আত্মা সদ্বিতীয় ইব ভাসতে ইত্যুক্তম্। তৎফলমাহ এষৈব সর্ব্বমিতি। এষা মায়ৈব সর্ব্বং সংসাররূপং দ্বয়মিত্যর্থঃ। ১।

পদার্থের সাক্ষীরূপে বিদ্যমান আছেন, যে পদার্থ বিকারী তাহা সাক্ষী হইতে পারে না. ইহা পূর্ব্বেই প্রতিপাদিত আছে, আত্মার অবিকারিত্ব প্রযুক্ত দ্বৈতসাধকত্বাভাবহেতু অন্যের তৎসাধকত্বের উপপত্তি নাই, তবে কিরূপে দ্বৈতসিদ্ধি হইতে পারে? এই আশঙ্কা করিয়াই বলিয়াছেন, বাস্তবিক দ্বৈতসিদ্ধি নাই? পুনর্ব্বার আশঙ্কা হইতেছে যে, কোন্ উপপত্তিতে দ্বৈতসিদ্ধি নাই? এই আশঙ্কায় বলিয়াছেন, আত্মাই দ্বৈতরূপে প্রতীয়মান হইতেছে। এখন যদি আত্মার সদ্বিতীয়ত্ব হইল, তবে অদ্বিতীয় ব্রহ্মভাবের অনুপপত্তি হয়, তাহা নহে, কারণ বাস্তবিক পরমাত্মায় অদ্বয়ত্ব আছে, এই অভিপ্রায়েই বলিয়াছেন, আত্মা অদ্বিতীয়, তবে যে আত্মার সদ্বিতীয় প্রতিভাস হয়, মায়াই তাহার কারণ। প্রকৃতপক্ষে সেই আত্মাই উপদেষ্টা। এইরূপে এই আত্মা "অন্যদিব" ইত্যন্ত বাক্যে শোধিত হইয়াছে, অর্থাৎ আত্মা পূর্ব্বোক্ত লক্ষণে লক্ষিত হইয়াছে, কেবল মায়া দ্বারাই তাহাকে সদ্বিতীয় বলিয়া জানা যায়, এই মায়াই সর্ব্বসংসার, তাহাতেই দ্বৈত প্রতীয়মান হইয়া থাকে ॥ ১ ॥

তথাহি প্রাজ্ঞেঃ সৈষাবিদ্যা জগৎ সর্ব্বমাত্মা পরমা-

প্রসিদ্ধং সর্ব্বং পরিত্যজ্যাপ্রসিদ্ধস্বীকারোঽনুপপন্ন ইত্যাশঙ্ক্য আত্মনঃ পরত্বং সর্ব্বস্য মায়ামাত্রত্বঞ্চ অস্মাভিরভ্যুপগম্যতে। এবঞ্চ সর্ব্বপ্রাণ-ভৃতাং সুষুপ্তে সিদ্ধম্ অতো নাপ্রসিদ্ধস্বীকার ইত্যাহ তথা হীতি। যথা অস্মাভিরুক্তং স বা এষ আত্মা পর এব এষৈব সর্ব্বমিতি। তথা তথৈব হি প্রসিদ্ধং তৎ সর্ব্বেষাং প্রাজ্ঞে সুষুপ্তাবিত্যর্থঃ। উক্তমেব স্পষ্ট-তয়া দর্শয়তি সৈষেত্যাদিবাক্যদ্বয়েন। সা ইতি পূর্ব্বোক্তমায়া ইত্যুক্তা এষা অবিদ্যেতি প্রাজ্ঞে প্রসিদ্ধমজ্ঞানমুক্তং সামানাধিকরণ্যেন বৈক্যং দর্শিতং মায়াবিদ্যয়োঃ। তত এবৈকব জড়শক্তিৰ্বিক্ষেপশক্তিপ্রাধান্যেন মায়া উচ্যতে আচ্ছাদনশক্তিপ্রাধান্যেন অবিদ্যোচ্যতে ইতি ভাবঃ। আত্মা পরমাত্মৈবেতি প্রত্যগাত্মনো ব্রহ্মণৈকত্বমুক্তং স্বপ্রকাশ ইতি পর-মাত্মনো বিশেষণম্ তেন পরমাত্মনঃ প্রত্যগাত্মনৈকত্বং দ্যোতিতম্। ন হ্যাত্মনোঽন্যস্য পরমাত্মনঃ স্বপ্রকাশত্বং সম্ভবতীতি। সুষুপ্তে যদি সর্ব্বজ্ঞঃ

সর্ব্বপ্রকার প্রসিদ্ধ পরিত্যাগ করিয়া অপ্রসিদ্ধ স্বীকার অনুপপন্ন, এই আশঙ্কায় আত্মার পরত্ব এবং সকলের মায়াময়ত্ব আমরা স্বীকার করি। ইহা সর্ব্ব প্রাণীর সুষুপ্তিতে সিদ্ধ আছে, অতএব অপ্রসিদ্ধ স্বীকার হয় না, আমরা যেমন পূর্ব্বে বলিয়াছি সেই আত্মাই পরম পদার্থ এবং সকল সংসারই মায়া, সেইরূপই প্রসিদ্ধ আছে, এইক্ষণ উক্ত প্রসিদ্ধার্থ স্পষ্টরূপ প্রদর্শন করিতেছেন। পূর্ব্বোক্ত মায়া ও এই অবিদ্যা, এই উভয়ই অজ্ঞান বলিয়া প্রসিদ্ধ আছে, এইক্ষণ সামানাধিকরণ্যহেতু উক্ত মায়া ও অবিদ্যার ঐক্য প্রদর্শিত হইল। ঐ এক অজ্ঞানকেই জড়শক্তি ও বিক্ষেপ-শক্তির প্রাধান্যরূপে অবিদ্যা বলা যায়। পরমাত্মা সর্ব্বস্বরূপ, ইহাতে প্রত্যগাত্মা ও ব্রহ্মের ঐক্য উক্ত হইল, ঐ পরমাত্মা স্বপ্রকাশমান, ইহাতেও প্রত্যগাত্মা ও পরমাত্মার একত্ব প্রকাশিত হইল, প্রত্যগাত্মা ভিন্ন পরমাত্মার স্বপ্রকাশত্ব সম্ভব হয় না। যদি সুষুপ্তিকালে সর্ব্বজ্ঞ পরমাত্মা প্রত্যগাত্মা না হয়, তাহাহইলে আত্মাও অন্য জানিতে পারে না, এই

তৈথেব স্বপ্রকাশোঽপ্যবিষয়জ্ঞানত্বাজ্জানন্নেব হ্যত্র ন বিজানাতি ॥ ২ ॥

পরমাত্মায়ং প্রত্যগাত্মা ন কিঞ্চাত্মানমঞ্জ্ঞ ন জানাতীত্যাশঙ্কা অয়মহমস্মি ইদমেবং রূপম্ ইতি স্পষ্টং দর্শনাভাবে কারণমাহ অপ্যবিষয়জ্ঞানত্বাদিতি। ন বিজানাতীত্যুত্তরত্রান্বয়ঃ। অপিশব্দঃ শঙ্কানুবাদার্থঃ। যদ্যপ্যয়ং সর্ব্বজ্ঞঃ পরমাত্মা সুষুপ্তে তথাপ্যবিষয়জ্ঞানত্বাদাত্মানমঞ্জ্ঞ ন বিজানাতীত্যবিষয়জ্ঞানত্বাদিত্যয়মর্থঃ। অবিষয়ত্বাদজ্ঞানত্বাচ্চেতি। তত্র অবিষয়ত্বাদিতি সন্মাত্রব্যতিরিক্তবিষয়সম্বাধাভাব উক্তঃ। যদ্বিষয়ং স্পষ্টং জ্ঞানং স্যাৎ। অজ্ঞানত্বাদিতি জ্ঞায়তেঽনেনেত্যন্তঃকরণং বাহ্যেন্দ্রিয়াণি চ জ্ঞানং তৎসম্বন্ধরহিতত্বাদিতি স্পষ্টজ্ঞানকারণাভাব উক্তঃ। জ্ঞানমাত্রস্তু সুষুপ্তেঽপ্যস্তীত্যাহ জানন্নেব হ্যত্র ন বিজানাতীতি। স্বাত্মানং প্রকাশতয়া জানন্নেব বর্ত্ততে। অজ্ঞানং চৈতন্যাভাসেনাজ্ঞানবর্ত্তিবিশেষেণ চ জানন্নেব বর্ত্ততে সুষুপ্তেঽপ্যাত্মা অতো জানন্নেবাত্মা মূঢ়ৈর্ন বিজানাতীত্যু-

---

আশঙ্কায় "এই আমি ইহা, এইরূপ" ইত্যাদি প্রকারে স্পষ্টত দর্শনাভাবে বলিতেছেন, যদি সর্ব্বজ্ঞ আত্মা সুষুপ্তি কালে থাকেন, তথাপি আত্মার অবিষয় জ্ঞান হেতু তিনি কিছু জানেন না। সুষুপ্তিকালে নির্ব্বিষয়ক জ্ঞান হয়; সুতরাং তখন আত্মা কিছুই জানিতে পারে না, ঐকালে সন্মাত্র ব্যতিরেকে জ্ঞানের এমন কোন বিষয়সম্বন্ধ থাকে না, যাহাতে স্পষ্টত জ্ঞান হইতে পারে। যাহা দ্বারা জানাযায়, তাহাই জ্ঞান, এই অর্থে অন্তঃকরণ ও বাহ্যেন্দ্রিয় সকলই জ্ঞান বলিয়া উক্ত হয়, এই সকল অন্তঃকরণ ও বাহ্যেন্দ্রিয়ের সম্বন্ধ থাকে না বলিয়াই স্পষ্টত জ্ঞানকারণাভাব উক্ত হইয়াছে। সুষুপ্তিকালে আত্মার জ্ঞানমাত্র থাকে, কিন্তু আত্মা কোন বিষয় জানিতে পারে না, ঐ সময়ে আপনাকে প্রকাশ করতঃ জ্ঞানবান হইয়া বর্ত্তমান থাকে, অর্থাৎ আত্মা সুষুপ্তিকালে চৈতন্যাভ্যাস ও অজ্ঞানবর্ত্তী বিশেষ দ্বারা আপনাকে-মাত্র জানিয়া বিদ্যমান হয়। অতএব জ্ঞানী আত্মা জানেন না, মূঢ়েরা এইরূপ বলিয়া থাকে। যেহেতু আত্মা এখনও

অনুভূতের্ম্মায়া চ তমোরূপানুভুতেস্তদেতজ্জড়ং মোহা-

চ্যতে। যত ইদানীমিব সুষুপ্তে সুপ্তবদেব ইদানীমপ্যাত্মা অবিক্রিয় এব ভবতীত্যর্থঃ॥ ২॥

কেন প্রমাণেনোক্তস্যার্থস্য সদ্ভাবসিদ্ধিরিতি চেৎ সর্ব্বেষাং স্বানুভব-সিদ্ধোঽয়মর্থ ইত্যাহ অনুভূতেরিতি। আত্মা চেৎ পরমাত্মনৈকীভূতস্বপ্র-কাশঃ সুষুপ্তে কথং তর্হি তত্র মায়াবিদ্যাসম্ভব ইতি চেৎ সত্যমস্তীয়মনু-পপত্তিঃ তথাপি তমোরূপা মায়া সর্ব্বেষাং স্বানুভূতিবলাদভ্যুপগন্তব্যে-ত্যাহ মায়া চ তমোরূপানুভূতেরিতি। অস্যা মায়ায়াঃ তমোরূপিণ্যাঃ সর্ব্বজগন্ময়ত্বমুক্তম্ আত্মনোঽদ্বয়ত্বায়। এষৈব সর্ব্বং সৈষাবিদ্যা জগৎ সর্ব্বমিতি চ তৎপ্রতিপাদনায় অস্যা জগৎকারণত্বমুপপাদয়ন্ স্বরূপমাহ। তদেতদিত্যাদিনা। তত্র জড়রূপজগৎকারণত্বোপপাদনায় অস্যা মায়ায়াঃ তমসঃ সুষুপ্ত্যাদৌ সর্ব্বেষাং সানুভবসিদ্ধং জড়ত্বমাহ তদেতজ্জড়মিতি।

যেমন, সুষুপ্তিকালেও সেইরূপ এবং সুষুপ্তিকালে যেমন, এখনও সেই-রূপ। তিনি সর্ব্বকালেই অবিকৃত, কোন কালেও তাহার কোন বিকার হয় না॥ ২॥

কোন প্রমাণবলে পূর্ব্বোক্তের সদ্ভাবসিদ্ধি হয়, এই আশঙ্কায় বলিতে-ছেন যে, পূর্ব্বোক্তার্থ সকলেরই অনুভবসিদ্ধ। যদি সুষুপ্তিকালেও আত্মা পরমাত্মার সহিত একীভূত হইয়া প্রকাশ পায়, তাহাহইলে সেইকালে কিরূপে মায়া ও অবিদ্যার সম্ভব হইতে পারে? এই অনুপপত্তি সত্য বলিয়া স্বীকার করি, কিন্তু ওতরূপা মায়াকে সকলেই স্বীয় অনুভববলে স্বীকার করিয়া থাকে। মায়া তমোরূপা, ইহা সকলেরই অনুভবসিদ্ধ, আত্মার অদ্বয়ত্ব রক্ষার্থ তমোরূপিণী এই মায়ার সর্ব্বজগন্ময়ত্ব উক্ত হইয়াছে। এই মায়াই সকল এবং এই অবিদ্যাই জগৎ, এইরূপে তৎপ্রতিপাদনার্থ মায়ার জগৎকারণত্ব উপপাদন করত মায়ার স্বরূপ বলিতেছেন, এই জগৎ কারণও মায়া জড়, মায়ার জড়ত্ব, সুষুপ্তিকালেও সকলের অনুভবসিদ্ধ। আমি মূঢ় এবং ইহা মূঢ়, এইরূপ প্রতীতিপ্রসিদ্ধ

অকমনন্তং তুচ্ছমিদং রূপমস্য অস্য ব্যঞ্জিকা নিত্যনিবৃত্তাপি মূঢ়ৈরাত্মৈব দৃষ্টা ॥ ৩ ॥

মূঢ়োঽহমিদঞ্চ' মূঢ়মিতি প্রসিদ্ধং মৌঢ্যমপি সুষুপ্তস্থমোহাত্মকমেবেতি বক্তুং সৌষুপ্ততমসঃ সর্ব্বং লোকপ্রসিদ্ধমোহাত্মকমাহ মোহাত্মকমিতি। তস্য সর্ব্বকারণত্বসিদ্ধয়ে সুষুপ্তিসময়ে সিদ্ধমেবানন্ত্যমাহ অনন্তমিতি। সর্ব্ববিষয়াজ্ঞানসম্ভবাৎ জাগ্রত্যপ্যানন্ত্যং সিদ্ধমজ্ঞানতমসঃ অনির্ব্বচনীয়জগৎকারণত্বায় সুষুপ্ত্যাদৌ স্বপ্রকাশ চিদানন্দাশ্রয়ত্বানুভববলসিদ্ধামনির্ব্বচনীয়তামাহ তুচ্ছমিতি। সৎকার্য্যবাদিপক্ষোপপাদনায় সর্ব্বস্যাপি কার্য্যস্য সৌষুপ্ততমসি বাসনারূপেণানবস্থানমাহ ইদং রূপমিতি। নন্বু কস্যেয়মবিদ্যা ন তাবজ্জীবস্য তস্যাবিদ্যাধীনত্বেন তৎসিদ্ধেঃ পূর্ব্বমেবাবিদ্যায়াঃ স্বাশ্রয়বিষয়ায়া বক্তব্যত্বাৎ। নাপীশ্বরস্য তস্য সর্ব্বজ্ঞত্বাৎ অবিদ্যাধীনত্বাচ্চ। সত্যম্ অতএব জীবেশয়োরিয়ং কিন্তু জীবেশাদিবিভাগাস্পদ-

---

আছে, আর মূঢ়তাও সুষুপ্তস্থ মোহ স্বরূপ, সুষুপ্তিকালীন অজ্ঞানই মোহাত্মক, ইহা লোকপ্রসিদ্ধ। এই অজ্ঞানের সর্ব্বকারণতাসিদ্ধির নিমিত্ত সুষুপ্তি সময়েও ইহার অনন্তত্বসিদ্ধ আছে, অতএব এই মায়াকে অনন্ত বলা যায়। সর্ব্ববিষয়ের অজ্ঞান সম্ভবহেতু জাগ্রদবস্থাতেও ইহার আনন্ত্য জানা যায়, আর এই মায়া তুচ্ছ, অর্থাৎ অজ্ঞানের অনির্ব্বচনীয় জগৎকারণতা সিদ্ধির নিমিত্ত সুষুপ্ত্যাদিতে স্বপ্রকাশমান চিদানন্দের আশ্রয়ে থাকে; সুতরাং মায়া অনুভবসিদ্ধ ও অনির্ব্বচনীয়। সৎকার্য্যবাদিপক্ষ উপপাদনার্থ সকল কার্য্যেরই সুষুপ্তি কালীন অজ্ঞানে বাসনারূপে অবস্থান হয়। এইরূপ এই অবিদ্যা কাহার? এইরূপ আশঙ্কা হইতেছে, ইহাতে যদি বলি, উক্ত অবিদ্যা জীবের, তাহাও বলা যায় না, কারণ জীব অবিদ্যার অধীন এবং অবিদ্যার অধীন বলিয়াই তাহার জীবত্বসিদ্ধি আছে। বিশেষতঃ পূর্ব্বেই অবিদ্যাকে স্বাশ্রয় বিষয়া বলা হইয়াছে। আর ঈশ্বরেরই এই অবিদ্যা তাহাও নহে, কারণ যিনি ঈশ্বর, তাঁহার অবিদ্যা থাকিতে পারে না। তবে জীব ও ঈশ্বর, এই উভয়েরই

চিন্মাত্রস্যেত্যাহ অস্যেতি। স্বপ্রকাশতয়া অখিলজগৎপ্রসিদ্ধচিন্মাত্রা-শ্রয়বিষয়তয়া সুষুপ্তে ভাণাদিত্যর্থঃ। মামহং ন জানামীতি চাত্মমাত্রা-শ্রয়ত্বং প্রসিদ্ধমেবাজ্ঞানস্য। ন চাস্য অবিদ্যাসম্বন্ধেন কদাপি কাচিদপি হানিরস্তি পরমার্থতঃ কিন্তৌজ্জ্বল্যমেব তৎসাক্ষিত্বেনাভিবৃদ্ধং ঘৃতপিণ্ড-সম্বন্ধেনেবাগ্নেরিত্যাহ অস্য ব্যক্তিকেতি। তর্হি ঘৃতপিণ্ডমিব দীপ্তোঽগ্নি-রাত্মা তাং দহেদিত্যবিদ্যাসত্ত্বমেব ন স্যাদিতি চেৎ সত্যম্ ইত্যাহ নিত্য-নিবৃত্তেরিতি। কথং তর্হি তস্যাঃ কারণত্বমুচ্যতে ইতি চেৎ অসত্যপি সা মূঢ়ৈঃ অবিবেকিভিরাত্মভিন্নেব দৃষ্টা কল্পিতা অসতী সতীব ভাতি মূঢ়া-নাম্ অতস্তেষাং সর্ব্বমুপপন্নমিত্যাহ নিত্যনিবৃত্তাপি মূঢ়ৈরাত্মৈব দৃষ্টেতি। ৪॥

অবিদ্যা, ইহাই প্রকৃত সিদ্ধান্ত। বাস্তবিক জীব ও ঈশ্বর এই বিভাগের আস্পদীভূত চিন্ময়েরই ঐ অবিদ্যা। ঐ চিন্ময় স্বপ্রকাশমান বিধায় অখিল জগতেই তাহার চিন্ময়তাপ্রসিদ্ধ আছে এবং তাহাকেই আশ্রয় করিয়া অবিদ্যা আছে। সুষুপ্তিকালে চিন্ময়ের ঐ অবিদ্যা প্রকাশ পাইয়া থাকে। "আমি আমাকে জানিনা" এইরূপে অজ্ঞানের আত্মমাত্রাশ্রয়তা প্রসিদ্ধ আছে, বাস্তবিক অবিদ্যা সম্বন্ধ থাকিলেও আত্মার কোন হানি নাই। যেমন ঘৃতপিণ্ডসংযোগে অগ্নির উজ্জ্বলতা বৃদ্ধি পায়, সেইরূপ অবিদ্যা সম্বন্ধেও তৎসাক্ষিস্বরূপে আত্মার ঔজ্জ্বল্য বৃদ্ধি হইয়া থাকে। এইরূপ আশঙ্কা হইতেছে যে, যেমন অগ্নি ঘৃতপিণ্ডকে দগ্ধ করে, উজ্জ্বল অগ্নিরূপ আত্মাও সেইরূপ অবিদ্যাকে দগ্ধ করে; সুতরাং অবিদ্যার সত্তাই অসম্ভব হইয়া উঠে, ইহা স্বীকার্য্য কথা বটে, কিন্তু অবিদ্যা নিত্যনিবৃত্তা, অতএব অবিদ্যার অসত্ত্বাশঙ্কা হইতে পারে না। পরন্তু যদি অবিদ্যা নিত্য নিবৃত্তা হইল, তবে তাহা⋯ কারণতা কিরূপে সম্ভবিতে পারে? কিন্তু অবিদ্যার অসত্ত্ব হইলেও অবিবেকীরা তাহাকে আত্মভিন্ন বলিয়া কল্পনা করে। বাস্তবিক অবিদ্যা অসতী হইলেও অজ্ঞানীদিগের নিকট সতী বলিয়া প্রতীয়মানা হইতেছেন। অতএব সকলই উপপন্ন হইল। ৩॥

অস্য সত্ত্বমসত্ত্বঞ্চ দর্শয়তি সিদ্ধত্বাসিদ্ধত্বাভ্যাং স্বতন্ত্রা-

---

এবং সর্ব্বজগন্মূলাধ্যাসমুপপাদ্য তৎকার্য্যভূতং জীবেশ্বরাদ্যধ্যাসং দর্শয়তি অস্যেত্যাদিনা। অস্য স্বাশ্রয়বিষয়রূপস্য চৈতন্যস্য সত্ত্বং স্বয়ং সাক্ষ্যত্বেন তদ্‌ব্যঞ্জকত্বাৎ দর্শয়তি স্বতঃ সদসদাদিবিকল্পশূন্যং চৈতন্যস্য অসত্যস্যাচ্ছাদকত্বেন মূঢ়ানাং দর্শয়তীত্যর্থঃ। সত্ত্বাসত্ত্বদর্শনয়োরুপপত্তিং স্বয়মেবাহ সিদ্ধত্বাসিদ্ধত্বাভ্যামিতি। সিদ্ধত্বেন সত্ত্বং দর্শয়তি অসিদ্ধত্বেন চাসত্ত্বমিতি বিভাগঃ। স্বমহিমস্থং হি নির্ব্বিকল্পচৈতন্যমবিদ্যাসম্বন্ধে তৎসাধকত্বেন প্রকটীভবতি। আকাশস্থমিব তেজো মূর্ত্ত-সাধকত্বেন স্বপ্রকাশমপি চৈতন্যং জড়প্রধানং সদসিদ্ধমপি ভবতি অবিদ্যা-স্বাভাব্যাৎ তাভ্যাঞ্চ সিদ্ধত্বাসিদ্ধত্বাভ্যাম্‌ আত্মনঃ স্বাতন্ত্র্যং পারতন্ত্র্যঞ্চ ভবতি ঈশ্বরত্বে জীবত্বে চ নিমিত্তভূতমিত্যাহ স্বতন্ত্রাস্বতন্ত্রত্বেনেতি। স্বয়ং হি সিদ্ধত্বেনাবিদ্যায়াঃ সত্তা প্রতীতার্থক্রিয়া প্রদত্তা অবিদ্যাং প্রতি স্বাতন্ত্র্যং

পূর্ব্বোক্ত প্রকারে সর্ব্ব জগতের মূলীভূত অধ্যাস উপপাদন করিয়া তৎকার্য্যভূত জীব ও ঈশ্বরের অধ্যাস প্রদর্শিত হইতেছে। স্বাশ্রয়বিষয়-রূপ চৈতন্যের সাক্ষীরূপে স্বয়ং তাহার সত্তা প্রদর্শন করিতেছেন, সেই চিন্ময়ই অবিদ্যার ব্যঞ্জক, অর্থাৎ স্বভাবতঃ সদসদাদি বিকল্পে শূন্য এবং চৈতন্যের আচ্ছাদক বলিয়া মূঢ়দিগের নিকটে প্রতীয়মান হয়। সত্ত্বাসত্ত্ব দর্শনের উপপত্তি, স্বয়ংই বলিতেছেন, অর্থাৎ সিদ্ধত্বরূপে সত্ত্ব এবং অসিদ্ধরূপে অসত্ত্ব জানা যায়। এইরূপে বিভাগ প্রতীয়মান হয়। স্বম-হিমস্থ নির্ব্বিকল্পক চৈতন্য অবিদ্যা সম্বন্ধে তাহার সাধক বলিয়া প্রকটী-কৃত হয়। আকাশস্থ তেজের ন্যায় মূর্ত্তীসাধক স্বপ্রকাশমান চৈতন্যও জড়প্রধান হইয়া অসিদ্ধ হয়, ইহাই অবিদ্যার স্বভাব, পরন্তু সিদ্ধত্ব ও অসিদ্ধত্ব দ্বারা আত্মার স্বাতন্ত্র্য ও পারতন্ত্র্য হইয়া থাকে, ঐ স্বাতন্ত্র্য ও পারতন্ত্র্যই ঈশ্বরত্ব ও জীবত্বের নিমিত্ত। স্বয়ং সিদ্ধ হইলে অবিদ্যার সত্তা-প্রতীতি হয়; সুতরাং অবিদ্যার প্রতি স্বাতন্ত্র্য হইয়া থাকে। চৈতন্যের অবিদ্যাতে আভাস দ্বারা তাহাতে আত্মত্বের আরোপ হয়, এইরূপে

স্বতন্ত্রত্বেন সৈষা বটবীজ-সামান্য-বদনেক-বট-শক্তিরে-কৈব ॥ ৪ ॥

ভবতি চৈতন্যস্য অবিদ্যাগতাভাসদ্বারা তস্যামাত্মত্বারোপাৎ তদ্বৎপারত-ন্ত্র্যঞ্চ ভবতি চৈতন্যস্য অতস্তদেকমেব চৈতন্যং জীবেশ্বরভেদভিন্নমিব ভবতি সাহঙ্কারনিরহঙ্কারবস্থাভ্যামিত্যর্থঃ। বক্ষ্যতি চ অভিমন্তা জীবো নিয়ন্তেশ্বর ইতি। নম্বেকাবিদ্যা কথমনেকজীবপ্রতিভাসহেতুরিতি শঙ্কায়াং দৃষ্টান্তেন তদুপপাদয়তি সৈষেতি। সৈষা অবিদ্যা বটবীজসামান্যবদ-নেকবটশক্তিরেকৈব সতী যথা বটবীজসামান্যমনেকবটব্যক্ত্যুৎপাদনসম-র্থম্ এবমিয়মপ্যনেকবটশক্তিরিত্যর্থঃ। অত্র বটশব্দেন ক্ষেত্রাণ্যুচ্যন্তে বটবৎ বিপ্রসৃতত্বাৎ প্রাণ্যুপজীব্যত্বাচ্চ মহাভূতাদ্যাত্মকক্ষেত্রে বটশব্দো যুক্ত এব অতোঽনেকজীবোপাধিভূতানেকক্ষেত্রশক্তিত্বাদেকাপ্যবিদ্যা অনেকজীবপ্রতিভাসহেতুর্ভবতীত্যর্থঃ ॥ ৪ ॥

চৈতন্যেরও পারতন্ত্র্য হইয়া থাকে, অতএব সেই একই চৈতন্য জীবেশ্বর ভেদে ভিন্নের ন্যায় সাহঙ্কার নিরহঙ্কারদ্বারা ভিন্নবৎ প্রতীয়মাণ হয়। এই অভিপ্রায়ে পরে বলিবেন, "জীব অভিমন্তা এবং ঈশ্বর নিয়ন্তা"। এইক্ষণ এক অবিদ্যা কিরূপে অনেক জীবের প্রতিভাসহেতু হয়? এই আশঙ্কায় দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক তাহা উপপাদন করিতেছেন।—যেমন বট-বীজ সামান্যে একটীমাত্র বটশক্তি আছে, অবিদ্যাতেও সেইরূপ জানিবে, অর্থাৎ যেমন এক শক্তিরই বটবীজ সামান্যে বট কারক সামর্থ্য আছে, সেইরূপ এক অবিদ্যারই অনেক জীবহেতুত্ব জানিবে। এই স্থলে বটশব্দে ক্ষেত্র কথিত হয়, অর্থাৎ বটের ন্যায় বিপ্রসৃতত্ব ও প্রাণীগণের উপজীব্য-ত্বহেতু মহাভূতাত্মকক্ষেত্রে বটশব্দপ্রযুক্ত হইয়াছে। অতএব অনেক জীবের উপাধিভূত অনেক ক্ষেত্রশক্তিত্বহেতু এক অবিদ্যাও অনেক জীবের প্রতিভাসহেতু হইতে পারে ॥ ৪ ॥

তদ্যথা বটবীজসামান্যমেকমনেকান্ স্বাব্যতিরিক্তান্ বটান্ স্ববীজান্নুৎপাদ্য তত্র তত্র চ সম্পূর্ণং সন্তিষ্ঠতি এবমেবৈষা মায়া স্বাব্যতিরিক্তানি পরিপূর্ণানি ক্ষেত্রাণি দর্শয়িত্বা জীবেশাবাভাসেন করোতি মায়া চাবিদ্যা চ স্বয়মেব ভবতি ॥ ৫ ॥

নমু শক্তিশক্তিমতোরনেকাবিদ্যাপ্রসঙ্গঃ স চানুপপন্নঃ অবিদ্যানাং বিষয়াশ্রয়ে ভেদানিরূপণাৎ শক্তিশক্তিমতোরভেদশ্চেৎ তত্রাপি শক্তিশেষপক্ষে অবিদ্যাপ্রসঙ্গাৎ শক্তিমচ্ছেষপক্ষে ত্বেকৈবাবিদ্যেত্যেক এব জীবঃ স্যাৎ তথা চানন্তজীবপ্রতিভাসবিরোধো ভেদাভেদপক্ষশ্চানুপপন্ন ইতি চেৎ সত্যমস্ত্যেবেয়মনুপপত্তিঃ বটবীজসামান্যেঽপি তত্তত্তদত্রাপি দৃষ্টব্যমিত্যভিপ্রেত্য দৃষ্টান্তমুপপাদয়তি তদ্যথেতি। শক্তিশক্তিমতোরভেদপক্ষমাশ্রিত্যাহ বটবীজসামান্যমেকমিতি। একত্বেঽপ্যনেকবটহেতুত্বমাহ সামান্যমেকমনেকান্ বটান স্ববীজান্নুৎপাদ্যেতি। কার্যাণামপি শক্তিদ্বারা বটবীজসামান্যেনৈক্যমাহ স্বাব্যতিরিক্তানিতি। স্ববীজান্ ইত্যেকৈকস্যাপি বটস্য সামান্যবৎ পূর্ণশক্তিত্বমুক্তম্। একৈকেষু বটেষু বটসামান্য-

---

এইক্ষণ শক্তি ও শক্তিমানের অনেক অবিদ্যা প্রসঙ্গ হইল, বাস্তবিক তাহা অনুপপন্ন, যেহেতু অবিদ্যাসকলের বিষয়াশ্রয়ে ভেদ নিরূপণ নাই। যদি শক্তি ও শক্তিমানের অভেদ স্বীকার কর, তাহাতেও শক্তিবিশেষপক্ষে অবিদ্যাপ্রসঙ্গ হয়। শক্তিমৎশেষ পক্ষেও একই অবিদ্যা এবং একই জীব; সুতরাং অনন্ত জীবপ্রতিভাস বিরোধ ও ভেদাভেদ পক্ষ অনুপপন্ন হয়। বটবীজ সামান্যেও এই অনুপপত্তি আছে, অতএব এস্থলেও এইরূপ জানিতে হইবে। শক্তিও শক্তিমানের অভেদপক্ষ আশ্রয় করিয়া বলিয়াছেন যে, এক বটবীজ সামান্যই স্বাব্যতিরিক্ত অনেক বট উৎপাদন করিয়া তাহাতেই সম্পূর্ণরূপে বিদ্যমান থাকে। এইরূপ মায়াও স্বাব্যতিরিক্ত পরিপূর্ণ ক্ষেত্র সকল দর্শাইয়া জীবেশ্বরের আভাস করে। মায়ার

নৈষা চিত্রা সুদৃঢ়া বহ্বঙ্কুরা স্বয়ং গুণভিন্নাঙ্কুরেষ্বপি গুণভিন্না সর্ব্বত্র ব্রহ্মবিষ্ণুশিবরূপিণো চৈতন্যদীপ্তা ॥ ৬ ॥

নৈকস্যাপি সর্ব্বাত্মনাবস্থানমাহ তত্রেতি। দার্ষ্টান্তিকং প্রপঞ্চয়তি এবমেবেতি। মায়েতি। দুর্ঘটঘটনীয়সমর্থেত্যর্থঃ। এবমেকস্যা অপ্যবিদ্যায়া মায়াময়ত্বেন অনেকজীবাদিপ্রতিভাসোৎপাদনসামর্থ্যমভিধায় চৈতন্যস্য তদ্ধর্ম্মাধ্যাসেন জীবাদিভাবে দ্বারমাহ জীবেশাবভাসেন করোতীতি। আভাসদ্বারেণাবিবেকাৎ তস্যাং বদ্ধাহংভাবো জীবো নিরহঙ্কারঃ স্বয়মাভাসসাক্ষী স্বসত্তামাত্রেণ সর্ব্বপ্রবর্ত্তকত্বাদীশ্বরঃ। অথবা মায়ায়াঃ স্বকার্য্যভেদানুগতং নিয়ামকং যদ্রূপং তদাভাসদ্বারেণ ঈশ্বরত্বং ভবতি। বিশেষমাত্রাভাসপ্রাধান্যেন অনেকজীবত্বং ভবতীতি জীবেশ্বরভাবঃ জীবেশ্বরভেদকল্পনায়াঃ পূর্ব্বমেকৈব জড়শক্তিঃ জীবেশ্বরভেদমেবং সম্পাদ্য ঈশ্বরস্য মায়াস্বাতন্ত্র্যে হেতুত্বেন জীবস্যাবিদ্যাস্বাতন্ত্র্যহেতুত্বেন ভবতীত্যাহ মায়া চাবিদ্যা চ স্বয়মেব ভবতীতি। স্বয়মেবেত্যেকৈব জড়শক্তিরিত্যর্থঃ ॥ ৫ ॥

এবমবিদ্যানিমিত্তমেব জীবেশভেদমুপপাদ্য তন্নিমিত্তমেব জগৎপ্রতিভাসং ব্রুবন্ সৎকার্য্যবাদমাশ্রিত্য স্থিত্যাদিকালে যৎপ্রতীয়মানস্য ভেদ-

---

অঘটনঘটনে সামর্থ্য আছে, এক অবিদ্যার মায়াময়ত্বপ্রযুক্ত অনেক জীবাদি প্রতিভাসোৎপাদনসামর্থ্য বলিয়া চৈতন্যের তদ্ধর্ম্মাধ্যাসদ্বারা তাহাকে জীবাদিভাবে দ্বার বলিয়াছেন। আভাসদ্বারা অবিবেক বশত সেই মায়াতে যে অহংভাব, তাহাই জীব, আর নিরহঙ্কার স্বয়ং আভাসসাক্ষী এবং স্বসত্তামাত্রে যিনি সর্ব্বপ্রবর্ত্তক, তিনিই ঈশ্বর। অথবা মায়ার স্বকার্য্যভেদানুগত নিয়ামক যে রূপ তদাভাস দ্বারাই ঈশ্বরত্ব হয়। পরন্তু বিশেষমাত্র আভাস প্রাধান্যেই অনেক জীবত্ব হয়, ইহাই জীবেশ্বরের ভাব। বাস্তবিক জীবেশ্বরভেদকল্পনার পূর্ব্বে একই জড়শক্তি জীবেশ্বর ভেদ সম্পাদন করিয়া ঈশ্বরের স্বাতন্ত্র্যহেতুতাপ্রযুক্ত জীবের অবিদ্যাস্বাতন্ত্র্যহেতুরূপেই মায়া স্বাতন্ত্র্য হয়, কিন্তু অবিদ্যা স্বয়ংই হইয়া থাকে ॥ ৫ ॥

পূর্ব্বপূর্ব্ব শ্রুতিতে প্রতিপাদিত হইয়াছে যে, অবিদ্যানিমিত্তই জীব ও ঈশ্বরের ভেদজ্ঞান হইয়া থাকে,। এইক্ষণ জগৎপ্রতিভাসও অবিদ্যা

জাতস্য সূক্ষ্মেণ কারণমাত্ররূপেণ তস্যামবস্থিতত্বেন তস্যা বৈচিত্র্যং দর্শয়ন্ জগদাকারেণাবস্থানে তস্যাঃ সামর্থ্যং দর্শয়তি সৈষা চিত্রেতি। অসতী মায়েয়মিতি মত্বা তন্নিবৃত্তিসাধনে অনাদরো ন কার্য্য ইত্যাহ সুদৃঢ়েতি। সম্যগ্জ্ঞানেন বিনা অনুচ্ছেদ্যেত্যর্থঃ। এবং কারণত্বমুপপাদ্য ঈশ্বরসন্নিধানাৎ সা মায়া অনেকপ্রকারময়ী ঈক্ষণরূপেণ পরিণমত ইত্যাহ বহ্বঙ্কুরেতি। অঙ্কুরশব্দেন ঈক্ষণাত্মকং প্রথমং কার্য্যমুচ্যতে ভূতাদিসৃষ্টেঃ পৃথগ্বক্ষ্যমাণত্বাৎ। অঙ্কুরস্য বহুরূপত্বমুক্তং বার্ত্তিককৃদ্ভিঃ। সর্ব্বজ্ঞকরুণা-মুল্লা বিচারজ্ঞানকামনা। ঈক্ষণোপচয়ান্নাদিরূপেণাথ বিবর্ত্ততে ইতি॥ কার্য্যগতপ্রকাশচলনাবরণরূপত্বনির্ব্বাহায় তস্যাঃ সত্ত্বাদিরূপত্বমাহ স্বয়ং গুণাভিন্নেতি। চৈতন্যাভিব্যঞ্জকত্বাৎ স্পন্দশক্তিত্বাৎ চৈতন্যাচ্ছাদকত্বাচ্চ স্বয়ং মায়া সত্ত্বরজস্তমআত্মিকেত্যর্থঃ ততঃ কার্য্যাণামপি স্বরূপাদিরূপত্বং

নিমিত্ত, ইহা প্রতিপাদনকরতঃ সংকার্য্যবাদ আশ্রয়পূর্ব্বক জগতের স্থিত্যাদিকালে যে ভেদ প্রতীতি হয়, তাহাতে অবশ্য কোন সূক্ষ্ম কারণ আছে, এই বিষয়ে মায়ার বৈচিত্র্য প্রদর্শন করিবেন, এই অভিপ্রায়ে জগতের অবস্থানে মায়ার সামর্থ্য দর্শাইতেছেন।—এই মায়া অসতী, ইহা বিবেচনা করিয়া সেই মায়ার নিবৃত্তিসাধনে অনাদর করিবে না। ঐ মায়া সুদৃঢ়া, অর্থাৎ সম্যক্ জ্ঞান ব্যতিরেকে মায়ার উচ্ছেদ করা যায় না। এইরূপে মায়ার কারণত্ব উপপাদন করিয়া ঈশ্বরসন্নিধানবশতঃ সেই মায়া অনেক প্রকার হয় এবং ঈক্ষণরূপে পরিণাম পাইয়া থাকে, অতএব তাহাকেই বহ্বঙ্কুরা বলা যায়। এই অঙ্কুরশব্দে ঈক্ষণাত্মক প্রথম-কার্য্য কথিত আছে, যেহেতু পৃথক্ পৃথক্ ভূতাদিসৃষ্টি হয়, ইহা পরে কথিত হইবে। বার্ত্তিকারও অহঙ্কারের বহুরূপত্ব বলিয়াছেন। যথা মায়াকে সর্ব্বজ্ঞকারণে অনুমান করা যায়, এই মায়া বিচারজ্ঞান কামনা করে এবং ঈক্ষণের উপচয়ে অন্নাদিরূপে পরিবর্ত্তিত হইয়া থাকে। কার্য্যের প্রকাশ, চলন ও আচরণনির্ব্বাহার্থ মায়ার সত্তা জানা যায়, এই মায়া স্বয়ং গুণভিন্না, আর চৈতন্যের অভিব্যঞ্জকত্ব, স্পন্দশক্তিত্ব ও চৈতন্যাচ্ছাদকত্ব হেতু স্বয়ং মায়া সত্ত্ব, রজ ও তমোগুণাত্মিকা, ইহাতে

তস্মাদাত্মান এব ত্রৈবিধ্যং সর্ব্বত্র যোনিত্বমপ্যভিমন্তা জীবো নিয়ন্তেশ্বরঃ সর্ব্বাহংমানী হিরণ্যগর্ভস্ত্রিরূপ ঈশ্বরবৎ ব্যক্তচৈতন্যঃ সর্ব্বগো হ্যেষ ঈশ্বরঃ ক্রিয়াজ্ঞানাত্মা॥ ৭ ॥

সিদ্ধমিত্যাহ অঙ্কুরেষপীতি। গুণত্রয়স্য ত্রিমূর্ত্তিশরীরাত্মকত্বাৎ সর্ব্বমপি কার্য্যং ত্রিমূর্ত্ত্যাত্মকমেবেতি বদন্ সর্ব্বমপীশ্বররূপেণ দ্রষ্টব্যমিত্যাহ সর্ব্বত্র ব্রহ্মবিষ্ণুশিবরূপিণীতি। তস্যাস্তদ্রূপত্বে যোগ্যতামাহ চৈতন্যদীপ্তেতি। ৬॥

যস্মাদাত্মব্যতিরেকেণ ন মায়া নাম কাচনাস্তি তস্মাদাত্মৈব স্বাত্মনি কল্পিতমায়াগতসত্ত্বাদ্যাভাসদ্বারেণ সর্ব্বদ্বৈতজাতোৎপত্তিস্থিতিলয়েষু ত্রিমূর্ত্ত্যাত্মেত্যাহ তস্মাদাত্মান এব ত্রৈবিধ্যং সর্ব্বত্রেতি। গুণত্রয়সাম্যশরীরঃ কারণাত্মা সর্ব্বেশ্বরোঽপি স এব ইত্যাহ যোনিত্বমপীতি। যোনিত্বমপি তস্যৈবেত্যর্থঃ। এবমীশ্বরভেদস্য মায়ানিমিত্তত্বমভিধায় জীবেশভেদস্যাপি সৈব নিমিত্তমিত্যুক্তং ব্যনক্তি অভিমন্তেত্যাদিনা। হিরণ্যগর্ভস্য সমষ্টি-জীবত্বে নিমিত্তমাহ সর্ব্বেতি। তস্যাপি ত্রিমূর্ত্তিত্বমাহ ত্রিরূপ ইতি। তস্য

কার্য্য সকলেরও সত্ত্বাদিগুণ প্রকাশ পাইয়া থাকে। সত্ত্বাদিগুণত্রয় ব্রহ্ম-বিষ্ণু শিবমূর্ত্তিরূপ শরীরাত্মক। অতএব সকল কার্য্যই ত্রিমূর্ত্ত্যাত্মক জানিবে, বাস্তবিক ঐ শরীরত্রয়ই ঈশ্বররূপে দ্রষ্টব্য, অর্থাৎ মায়া ব্রহ্মবিষ্ণুশিব-রূপিণী ও চৈতন্যপ্রদীপ্তা॥ ৬॥

যেহেতু আত্মব্যতিরেকে মায়ানামে কেহ নাই, অতএব আত্মাই স্বীয়রূপে কল্পিত ও মায়াগত সত্ত্বাদির আভাসদ্বারা সর্ব্বপ্রকার দ্বৈত-পদার্থের উৎপত্তি-স্থিতি-প্রলয়ে ত্রিমূর্ত্ত্যাত্মক হইয়াছেন। তাঁহার শরীর এবং কারণাত্মা সর্ব্বেশ্বরও সেই আত্মা। এই আত্মাই সকলের যোনি, অর্থাৎ আত্মাতে সকলের উৎপত্তি হয়। এইরূপে ঈশ্বরভেদও যে মায়ানিমিত্ত তাহা প্রতিপাদন করিয়া জীবেশ্বরের ভেদেও মায়াই নিমিত্ত, ইহা উক্ত আছে, এই স্থলে তাহাই বিস্তার করিতেছেন। আত্মাই অভিমন্তা জীব, নিয়ন্তা ঈশ্বর এবং হিরণ্যগর্ভের সমষ্টি বিষয়েও আত্মাই নিমিত্ত, অর্থাৎ আত্মাই অহংমানী ও হিরণ্যগর্ভ এবং আত্মাই ত্রিমূর্ত্তি, আর এই

সর্ব্বং সর্ব্বময়ং সর্ব্বে জীবাঃ সর্ব্বময়াঃ সর্ব্ববস্থাসু

জীবত্বে তস্মিন্নীশ্বরত্বব্যপদেশঃ কচিৎ কথমিতি চেৎ তস্য স্বত এব ঈশ্বরাত্মজ্ঞানেন ঈশ্বররূপত্বাদিত্যাহ ঈশ্বরবদিতি। যথা ঈশ্বরো নিত্যাভিব্যক্তচৈতন্যস্বভাবঃ তথায়মপীত্যর্থঃ। অথবা তন্নিয়ন্তৃত্বেন ঈশ্বরস্যাপি তত্র বিদ্যমানত্বাৎ তস্মিন্নীশ্বরব্যপদেশোঽস্তীত্যাহ সর্ব্বগো হ্যেষ ঈশ্বর ইতি। হিরণ্যগর্ভে স্বত এব চৈতন্যাভিব্যক্ত্যাতিশয়হেতুং বদন্ তস্য স্বরূপমাহ ক্রিয়াজ্ঞানাত্মেতি। সর্ব্বজ্ঞানক্রিয়াশক্তিসমষ্টিরূপস্বচ্ছজ্ঞানক্রিয়াশক্তিমাত্রশরীরত্বাৎ হিরণ্যগর্ভস্য সবিতৃমণ্ডলতেজোবন্নিত্যাভিব্যক্তং তদ্ব্রহ্মেত্যর্থঃ ॥ ৭ ॥

এবং হিরণ্যগর্ভস্য সর্ব্বাহংমানিত্বং স্বরূপঞ্চাভিধায় অন্যেষামপি জীবানাং সর্ব্বাহংমানিত্বকথনায় তদুপাধীনাং সর্ব্বাত্মত্বমনুক্রমণং বদতি সর্ব্বং সর্ব্বময়মিতি। সর্ব্বং ক্ষেত্রজাতং সর্ব্বময়ং সর্ব্বাত্মকং মায়ারূপত্বাদিত্যর্থঃ। অতঃ সর্ব্বেষামপি জীবানাং হিরণ্যগর্ভবৎ সর্ব্বাহংমানিত্বং সিদ্ধমিত্যাহ

আত্মার জীবত্বসত্ত্বেও কদাচিৎ ঈশ্বরত্ব ব্যাপদেশ হয়, তাহার স্বতই-ঈশ্বরাত্মজ্ঞানদ্বারা ঈশ্বররূপত্বসিদ্ধি আছে, অতএব আত্মাকেই ঈশ্বরবৎ বলা যায়, অর্থাৎ ঈশ্বর যেমন নিত্যাভিব্যক্ত চৈতন্যস্বভাব, আত্মাও সেইরূপ জানিবে। অথবা ঈশ্বর আত্মার নিয়ন্তা বিধায় আত্মাতে ঈশ্বরের বিদ্যমানতা জানা যায়, অতএব আত্মাতেই ঈশ্বরব্যপদেশ হয়। আর আত্মা সর্ব্ব্যাপী ও ঈশ্বর। হিরণ্যগর্ভে স্বয়ং চৈতন্যাভিব্যক্তির আতিশয্য হেতু তাহার স্বরূপ বলিতেছেন, আত্মাই ক্রিয়া ও জ্ঞানাত্মা, অর্থাৎ সর্ব্বপ্রকার জ্ঞান, ক্রিয়া ও শক্তি, ইহাদিগের সমষ্টিরূপ। স্বচ্ছজ্ঞান ও ক্রিয়াশক্তি, এই সকলই আত্মার শরীর। সূর্য্যমণ্ডলবর্ত্তী তেজের ন্যায় হিরণ্যগর্ভেরও নিত্যাভিব্যক্তি আছে ॥ ৭ ॥

পূর্ব্বোক্তপ্রকারে হিরণ্যগর্ভের অহংমানিত্ব ও তৎস্বরূপ বলিয়া অন্যান্য জীবের অহংমানিত্ব কথনার্থ জীবোপাধির যে সর্ব্বাত্মত্ব উক্ত হইয়াছে, তাহারই অনুকথন করিতেছেন। মায়ারূপত্বহেতু সকল ক্ষেত্রই সর্ব্বাত্মক, অতএব হিরণ্যগর্ভের ন্যায় সকল জীবেরই অহংমানিত্ব

তথাপ্যল্পাঃ স বা এষ ভূতানীন্দ্রিয়াণি বিরাজং দেবতাঃ

সর্ব্বে জীবাঃ সর্ব্বময়া ইতি। সর্ব্বাবস্থাস্বিতি। অত্যল্পযুক্তিকাদ্যবস্থাস্বপি সর্ব্বময়া ইত্যর্থঃ। সর্ব্বেষাং হি জীবানাং সর্ব্বাবস্থাসু সন্মাত্রকারণে পৃথিব্যাদিজাতিমাত্রেণ চ কারণাত্মবং ব্যাপ্তেঃ তদভিন্নে অভিমানঃ সূক্ষ্মেঽস্তি তন্মধ্যগতপিণ্ডবিষয়স্থূলাভিমানসমুদ্ভবাত্তু জাগ্রৎস্বপ্নয়োরসাবনুদ্ভূতো ভবতি মন্দানাং পিণ্ডাভিমানতিরোভাবে তু সুষুপ্তপ্রলয়াদৌ পরিপূর্ণে সন্মাত্রে সর্ব্বজাত্যভিব্যক্তে স্বাভাবিকাভিমানঃ সমুদ্ভূতো দৃশ্যতে সর্ব্বৈঃ অতঃ সর্ব্বে জীবাঃ সর্ব্বময়াঃ সর্ব্বাবস্থাস্বিত্যর্থঃ। অন্যথা কথং হিরণ্যগর্ভাদিভাবঃ সম্ভবতি ন হ্যসদুৎপত্তিরস্তি তস্মাৎ সর্ব্বেষাং সর্ব্বজ্ঞানকর্ম্মফলযোগ্যত্বাৎ সর্ব্বাত্মত্বমস্ত্যেব। যদ্যপ্যেবং সর্ব্বে জীবাঃ সর্ব্বাবস্থাসু সর্ব্বময়াঃ স্বাভাবিকাবিদ্যাশরীরত্বেন তথাপি কার্য্যাত্মকং সপ্তদশকং লিঙ্গশরীরমপরিচ্ছিন্নমপি পরিচ্ছিন্নং জ্ঞানকর্ম্মবশাৎ পরিচ্ছিন্নে স্থূলশরীরে যদা সঙ্কোচং প্রাপ্নোতি তদা অল্পাভিমানিত্বমপ্যস্তীত্যাহ তথাপ্যল্পা

সিদ্ধ আছে। আর সকল অবস্থাতে সকল জীবই সর্ব্বময়, যেহেতু সকল জীবেশ্বর সকল অবস্থাতে সন্মাত্র কারণে ও পৃথিব্যাদি জাতিমাত্রে কারণাত্মবৎ ব্যাপ্ত আছে, আর তদভিন্ন সূক্ষ্মেতেও অভিমান আছে এবং তন্মধ্যগত পিণ্ডবিষয়ক স্থূলাভিমান হইতে সমুদ্ভূত হয় বলিয়া জাগ্রৎ ও স্বপ্নাবস্থাতে ঐ অভিমান উদ্ভূত হয় না। মন্দবুদ্ধিদিগের পিণ্ডাভিমান তিরোহিত হইলে সুষুপ্তি ও প্রলয়াবস্থাতে সর্ব্বজাত্যভিব্যক্ত পরিপূর্ণ সন্মাত্রে যে স্বাভাবিক অভিমান উদ্ভূত হয়, তাহা সকলেই দেখিতেছে, অতএব উক্ত হইয়াছে যে, সকল জীবই সকল অবস্থাতে সর্ব্বময়। তাহা না হইলে কোনরূপেও হিরণ্যগর্ভাদিভাব সম্ভবিতে পারে না। কখনও অসৎপদার্থের উৎপত্তি হয় না, এই নিমিত্ত সকলেরই সর্ব্ব জ্ঞানকর্ম্মফলযোগ্যত্যহেতু সর্ব্বাত্মত্ব আছে। যদি এইরূপে সর্ব্ববস্থাতেই সকল জীব স্বাভাবিক অবিদ্যাশরীরপ্রযুক্ত সর্ব্বময় হইল, তথাপি কার্য্যাত্মক সপ্তদশ লিঙ্গশরীর অপরিচ্ছিন্ন হইয়াও জ্ঞানকর্ম্মবশত পরিচ্ছিন্ন হয়। আর যখন পরিচ্ছিন্ন স্থূলশরীরে সঙ্কোচপ্রাপ্তি হয়, তখনই অল্পাভিমানিত্ব, জানা

কোশাংশ্চ সৃষ্ট্বা প্রবিশ্যামূঢ়ো মূঢ় ইব ব্যবহরন্নাস্তে মায়য়ৈব ॥ ৮ ॥

ইতি। যদ্যপি সর্ব্বময়াঃ সর্ব্বাবস্থাসু তথাপ্যল্পা ইত্যর্থঃ। অথবা যথা সর্ব্বময়াস্তথা অল্পা অপীত্যন্বয়ঃ। সৃষ্টিশেষাভিধানপূর্ব্বকং প্রবেশব্যবহারৌ দর্শয়ন্ সৃষ্ট্যাদের্মিথ্যাত্বমাহ স বা ইত্যাদিনা। সুষুপ্তস্থঃ কারণাত্মা এষঃ বহ্বঙ্কুর ইত্যত্র ক্ষেত্রজ্ঞত্বেন প্রস্তুত ইতি তদেতচ্ছব্দয়োরর্থঃ। ঈশ্বররূপঃ প্রত্যগাত্মেতি বার্থঃ। ভূতানি অপঞ্চীকৃতানি সৃষ্ট্বা তেভ্য ইন্দ্রিয়াণি ততঃ পঞ্চীকৃত্য বিরাজং ততস্তৎকারণেভ্যোঽগ্ন্যাদিদেবতাঃ পুনর্ব্ব্যষ্টিরূপান্নময়াদিকোশাংশ্চ সৃষ্ট্বা সৃষ্টে প্রবিশ্য তত্র বিশেষাভিব্যক্ত্যাব্যবহারযোগ্যতাং প্রাপ্য অমূঢ়ঃ স্বতঃ স্বমহিমস্থতয়া মূঢ় ইব মিথ্যারূপপরিচ্ছেদাভিমানেন ব্যবহরন্ নাহং কর্ত্তা ভোক্তা দেবদত্তো দেবো মনুষ্য ইত্যাদিপ্রকারেণাস্তে মায়য়ৈব এতৎ সৃষ্ট্যাদিকং করোতি ন স্বতঃ অতো মিথ্যারূপা এব সৃষ্টিসৃজ্যপ্রবেশব্যবহারা ইত্যর্থঃ ॥ ৮ ॥

যায়। আর যদিও জীব সকল অবস্থাতে সর্ব্বময় হউক, তথাপি তাহা অল্প, পরন্তু সৃষ্টিবিশেষাভিধানপূর্ব্বক প্রবেশ ও ব্যবহার প্রদর্শন করত সৃষ্ট্যাদির মিথ্যাত্ব প্রতিপাদন করিতেছেন, সেই সুষুপ্তস্থ কারণাত্মা, "বহ্বঙ্কুর" ইত্যাদিস্থলে ক্ষেত্রজ্ঞস্বরূপে প্রস্তুত আত্মা, অথবা ঈশ্বররূপ প্রত্যগাত্মা প্রপঞ্চীকৃত ভূতসকল সৃষ্টি করিয়া সেই ভূত হইতে ইন্দ্রিয়, সৃষ্টির প্রপঞ্চীকরণপূর্ব্বক সেই সেই কারণ হইতে অগ্ন্যাদি দেবতা এবং ব্যষ্টিরূপে অন্নময়াদি কোষ সৃষ্টি করিয়া সৃষ্ট শরীরে প্রবেশপূর্ব্বক, অর্থাৎ সেই শরীরে বিশেষাভিব্যক্তি হেতু ব্যবহার যোগ্যতা পাইয়া অমূঢ়, অর্থাৎ স্বীয় মহিমাতে অবস্থিত হইয়াও মূঢ়বৎ, অর্থাৎ মিথ্যারূপ পরিচ্ছেদাভিমান দ্বারা ব্যবহার করত আমি কর্ত্তা, ভোক্তা, দেবদত্ত, দেব, মনুষ্য ইত্যাদি প্রকারে বর্ত্তমান থাকে। মায়াই এই সকল সৃষ্টি করিতেছে, স্বয়ং কাহারও সৃষ্টি হয় না, অতএব সৃষ্টি, সৃজ্য ও প্রবেশ ব্যবহার সকলই মিথ্যারূপ ॥ ৮ ॥

তস্মাদদ্বয় এবায়মাত্মা সন্মাত্রো নিত্যঃ শুদ্ধো বুদ্ধঃ সত্যো মুক্তো নিরঞ্জনো বিভুরদ্বয় আত্মানন্দঃ পরঃ প্রত্য-

---

মায়াময়সৃষ্টিকথনস্য প্রয়োজনমাহ তস্মাদদ্বয় এবায়মাত্মেতি। যদুক্তমাদাবাত্মৈব সিদ্ধো দ্বিতীয় ইতি তৎ সৃষ্টেঃ স্রষ্টুশ্চ মায়াময়ত্বেন পরমার্থতোঽসত্ত্বাৎ সিদ্ধমিত্যর্থঃ। অদ্বয়স্যাত্মনঃ স্বরূপমাহ সন্মাত্র ইত্যারভ্য প্রত্যগেকরস ইত্যন্তেন। পুনরদ্বয়পদগ্রহণং প্রাসঙ্গিকং কুতোঽস্যাত্মন এবংরূপত্বং সিদ্ধমিতি তদাহ প্রমাণৈরেতৈরবগত ইতি। প্রমাণৈঃ প্রত্যগাদিভিঃ এতৈশ্চ সন্মাত্রত্বাদিহেতুভিঃ সদাদিরূপ আত্মা অবগন্তব্য ইত্যর্থঃ। তত্র সর্ব্বদ্বৈতসিদ্ধেঃ পুরস্তাৎ স্বপ্রকাশচিন্মাত্রানুভবঃ সন্মাত্রত্বাদিসাধকং প্রত্যক্ষং দৃশ্যত্বপদার্থত্বাদিভিশ্চিন্মাত্রব্যতিরিক্তস্য মিথ্যাত্বসাধকমনুমানং সদেব সোম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ম্ আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ প্রজ্ঞানঘন এবেত্যাদিবাক্যান্যাগমঃ জগতঃ সদাদিরূপত্বপ্রতিভাসান্যথানুপপত্তির্যুক্ত্যাদিশ্রুত্যন্যথানুপপত্তিশ্চার্থাপত্তিঃ

এইক্ষণ মায়াময় সৃষ্টি কথনের প্রয়োজন বলিতেছেন, এই আত্মা অদ্বয়। পূর্ব্বে উক্ত আছে যে, আত্মাই সিদ্ধ ও অদ্বিতীয়, অর্থাৎ সেই সৃষ্টি ও স্রষ্টা এই উভয়ই মায়াময় বিধায় বাস্তবিক অসত্ত্বহেতু সিদ্ধ, অতএব অদ্বয় আত্মার স্বরূপ বলিতেছেন, ইনি সন্মাত্র, নিত্য, শুদ্ধ, বুদ্ধ, সত্য, মুক্ত, নিরঞ্জন, আত্মানন্দ, পরম ও একরস। প্রমাণদ্বারাই আত্মার এই সকল রূপ অবগত হওয়া যায়। প্রত্যগাত্মাদি প্রমাণ দ্বারা এবং সন্মাত্রতাদি হেতু দ্বারা সদাদিরূপ আত্মাকে জানিবে, ইহাতে দ্বৈতসিদ্ধির পূর্ব্বেই স্বপ্রকাশমান চিন্ময়ের অনুভব হয়। পরন্তু সন্মাত্রত্বাদির বাধক প্রত্যক্ষ হইয়া থাকে এবং দৃশ্যতত্ব পদার্থাদি হেতু দ্বারা চিন্মাত্র ব্যতিরিক্তের মিথ্যাত্ব সাধ্য অনুমান হয়। আর "সদেবেদ মগ্র আসীৎ, একমেবাদ্বিতীয়ম্ আত্মাবা ইদমেক এবাগ্র আসীৎ এবং প্রজ্ঞান ঘন এব" ইত্যাদি আগম প্রমাণেও চিন্ময়াতিরিক্তের মিথ্যাত্ব প্রতীয়মান হইতেছে। অন্যথা জগতের সদাদিরূপত্ব প্রতিভাসের এবং শ্রুতির অনুপপত্তি হয়

